৩য়
সংস্করণ

CRACK
PREVIOUS MCQ

বইটির বৈশিষ্ট্য:

- বিসিএস পরীক্ষার সিলেবাস অনুযায়ী সাজানো
- চাকরির পরীক্ষার সকল সাবজেক্টের একক বই
- বিগত ৩০ বছরের সকল পরীক্ষার এমসিকিউ'র সংকলন
- এমসিকিউগুলো সাবজেক্টওয়াইজ ও চ্যাপ্টারওয়াইজ গোছানো
- পুনরাবৃত্তি বিবর্জিত ও পুরাতন প্রশ্নগুলো আপডেট তথ্য দিয়ে প্রতিস্থাপিত

Md. Ahasanur Haque Saikat Talukder

CRACK PUBLICATIONS

CamScanner

বিসিএস, বিজেএস, ব্যাংক, নন-ক্যাডার, দুদক, এনএসআই, ডিজিএফআই, প্রাইমারি, শিক্ষক নিবন্ধন,
অন্যান্য সরকারি চাকরি ও বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার জন্য অবশ্যপাঠ্য বই

CRACK PREVIOUS MCQ

Written & Compiled By:

Md. Ahasanur Haque Saikat Talukder

B.A. (Honours), M.A. (Philosophy), Jagannath University
BCS (General Education)
Lecturer (Philosophy)
Parshuram Govt. College, Feni
Ex-Senior Officer
Bangladesh Krishi Bank
Author, CRACK BCS VIVA
Author, CRACK BANK VIVA
Author, CRACK BASIC VIVA

CRACK PUBLICATIONS

CamScanner

প্রকাশক
মোঃ মোকছেদুল হক (সোহাগ)
ক্র্যাক পাবলিকেশন্স
Website: www.crackpublications.com
Gmail: crackpublications@gmail.com
Page: www.facebook.com/CrackPublications
Group: www.facebook.com/groups/crackpublications
Mobile: 01753 35 35 85

গ্রন্থস্বত্ব
লেখক (মোঃ আহসানুর হক সৈকত তালুকদার)

প্রকাশকাল
প্রথম প্রকাশঃ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ
তৃতীয় সংস্করণঃ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিশেষ কৃতজ্ঞতা
মোঃ মোহাম্মেদুল হক রাসেল, বিসিএস (সাধারণ শিক্ষা)
জান্নাতুল ফেরদৌস, সহকারী রাজস্ব কর্মকর্তা, এনবিআর
জাফর ইকবাল আনসারী, সিনিয়র অফিসার, কর্মসংস্থান ব্যাংক
মোঃ গোলাম কিবরিয়া আনন্দ, বিএসএস (রাষ্ট্রবিজ্ঞান), সরকারি তিতুমীর কলেজ
মোঃ আহসানুল হক সাগর, মাঠ সহকারী, পল্লী সঞ্চয় ব্যাংক

সর্বোচ্চ খুচরা মূল্যঃ ৯৫০ টাকা

বইটি কুরিয়ারে পেতে যোগাযোগ করুন
Website: www.crackpublications.com
Page: www.facebook.com/CrackPublications
Group: www.facebook.com/groups/crackpublications
Mobile: 01753 35 35 85

পরিবেশক

সুমনা বইঘর বাংলাবাজার ০১৯২০৪৯৪৬০৭	জয়ন্টার বুক হাউজ বাংলাবাজার ০১৯১৫৭৮৬৬২১	প্রমিজ বুকস্ বাংলাবাজার ০১৯৪৯৪৯৬১০১	দি বুক সেন্টার বাংলাবাজার ০১৯১২১২০১৫১	মামুন বুক হাউজ নীলক্ষেত ০১৭০৭১৪৪১২২	সোহেল লাইব্রেরি নীলক্ষেত ০১৮৮৭৭৯৭২৬৭	আলম বুকস নীলক্ষেত ০১৭১০২৯৭৫৬৪
নীলক্ষেত: মাইশা লাইব্রেরি (০১৭৫৯১৬০৮৫৩), তাজ লাইব্রেরি (০১৭১৬৫৭৪৭৪২), নাফিস লাইব্রেরি (০১৭৮৭৪২৬০১৫), বিডি ই-মার্ট (০১৫১১৯৯৯৭৫৮)						

বই সংক্রান্ত যেকোনো তথ্য ও পরামর্শের জন্য যোগাযোগ করুন
Saikat Talukder
https://www.facebook.com/saikat.crack

CamScanner

সূচক, লগারিদম ও ধারা (০৩ মার্কস)			**১০৬৬ - ১০৯৩**
সূচক	১০৬৬	অনুক্রম ও ধারা	১০৮২
লগারিদম	১০৭৬		
জ্যামিতি (০৩ মার্কস)			**১০৯৪ - ১১৩৯**
রেখা ও কোণ	১০৯৪	চতুর্ভুজ	১১০৯
ত্রিভুজ	১০৯৭	বৃত্ত	১১১১
পিথাগোরাসের উপপাদ্য	১১০৩	বহুভুজ	১১১৫
ত্রিকোণমিতি	১১০৫	পরিমিতি	১১১৭
সেট, বিন্যাস, সমাবেশ, পরিসংখ্যান ও সম্ভাব্যতা (০৩ মার্কস)			**১১৩৯ - ১১৬১**
পরিমাপ ও একক	১১৩৯	সমাবেশ	১১৪৯
সেট ও ফাংশন	১১৪৩	পরিসংখ্যান	১১৫২
বিন্যাস	১১৪৭	সম্ভাব্যতা	১১৫৮

মানসিক দক্ষতা (১৫ মার্কস)

ভাষাগত যৌক্তিক বিচার (০৩ মার্কস)	**১১৬২ - ১১৮৫**
ভাষাগত যৌক্তিক বিচার	১১৬২
সমস্যা সমাধান (০২ মার্কস)	**১১৮৬ - ১১৯৩**
সমস্যা সমাধান	১১৮৬
বানান ও ভাষা (০২ মার্কস)	**১১৯৩ - ১১৯৩**
বানান ও ভাষা	১১৯৩
যান্ত্রিক দক্ষতা (০২ মার্কস)	**১১৯৩ - ১১৯৭**
যান্ত্রিক দক্ষতা	১১৯৩
স্থানাঙ্ক সম্পর্ক (০২ মার্কস)	**১১৯৭ - ১২০২**
স্থানাঙ্ক সম্পর্ক	১১৯৭
সংখ্যাগত ক্ষমতা (০২ মার্কস)	**১২০২ - ১২১৩**
সংখ্যাগত ক্ষমতা	১২০২
ভাবমূলক যুক্তিবিন্যাস (০২ মার্কস)	**১২১৩ - ১২২৮**
ভাবমূলক যুক্তিবিন্যাস	১২১৩

বাংলাদেশ বিষয়াবলি (৩০ মার্কস)

বাংলাদেশের জাতীয় বিষয়াবলি (০৬ মার্কস)			**১২২৯ - ১২৯৫**
বাঙালির ইতিহাস	১২২৯	উপমহাদেশে ইংরেজ শাসন	১২৫০
বাংলার প্রাচীন জনপদ	১২২৯	ব্রিটিশ সরকারের ভারত শাসন	১২৫১
প্রাচীন বাংলার বিভিন্ন শাসনামল	১২৩২	ব্রিটিশ বিরোধী আন্দোলন	১২৫৩
বাংলায় মুসলিম শাসন	১২৩৬	নবজাগরণ ও সংস্কার আন্দোলন	১২৫৬
দিল্লি সালতানাতের শাসন	১২৩৭	বিভাগপূর্ব রাজনীতি	১২৫৭
স্বাধীন সুলতানি শাসন	১২৩৮	দেশ ভাগ	১২৫৮
বাংলায় বিদেশি পরিব্রাজক	১২৪০	ভাষা আন্দোলন	১২৫৯
মুঘল সাম্রাজ্য	১২৪১	যুক্তফ্রন্ট নির্বাচন	১২৬৩
শুর ও বারো ভূঁইয়া শাসন	১২৪৪	সংবিধান ও সামরিক শাসন	১২৬৪
বাংলায় সুবেদারি শাসন	১২৪৫	ছয় দফা আন্দোলন	১২৬৪
বাংলায় নবাবী শাসন	১২৪৬	উনসত্তরের গণঅভ্যুত্থান	১২৬৫
উপমহাদেশে ইউরোপীয়দের আগমন	১২৪৮	সত্তরের সাধারণ নির্বাচন	১২৬৭

CamScanner

অসহযোগ আন্দোলন	১২৬৭	আত্মসমর্পণ ও অভ্যুদয়	১২৭৮
৭ মার্চের ভাষণ	১২৬৮	বাংলাদেশকে স্বীকৃতিদান	১২৭৯
অপারেশন সার্চলাইট	১২৬৯	বঙ্গবন্ধু	১২৮০
স্বাধীনতার ঘোষণা	১২৭০	বীরত্বসূচক খেতাব	১২৮৫
মুজিবনগর সরকারের গঠন ও কার্যাবলি	১২৭১	মুক্তিযুদ্ধভিত্তিক স্থাপনা ও প্রতিষ্ঠান	১২৮৯
মুক্তিযুদ্ধের রণকৌশল	১২৭৩	যুদ্ধাপরাধীদের বিচার	১২৯২
মুক্তিযুদ্ধে বর্হিবিশ্বের ভূমিকা	১২৭৫	জাতীয় বিষয়াবলি	১২৯৩
বাংলাদেশের কৃষিজ সম্পদ (০৩ মার্কস)			**১২৯৫ - ১৩০৫**
ভূমি ব্যবস্থাপনা	১২৯৫	জিআই পণ্য ও কৃষি বিষয়ক প্রতিষ্ঠান	১৩০১
কৃষিখাত ও মৌসুম	১২৯৬	মৎস্য উৎপাদন ও ব্যবস্থাপনা	১৩০৩
খাদ্যশস্য উৎপাদন ও বহুমুখীকরণ	১২৯৭	প্রাণিসম্পদ ব্যবস্থাপনা	১৩০৪
অর্থকরী ফসল উৎপাদন ও বহুমুখীকরণ	১৩০০		
বাংলাদেশের জনসংখ্যা (০৩ মার্কস)			**১৩০৫ - ১৩২২**
জনসংখ্যা ও জনশুমারি	১৩০৫	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা	১৩১৪
উপজাতি	১৩০৭	উচ্চ শিক্ষা	১৩১৬
শিক্ষা কমিশন ও রিপোর্ট	১৩১১	স্বাস্থ্য ও চিকিৎসা সেবা	১৩২০
প্রাথমিক শিক্ষা	১৩১২		
বাংলাদেশের অর্থনীতি (০৩ মার্কস)			**১৩২২ - ১৩৪৭**
অর্থনীতি	১৩২২	অ-তফসিলী ব্যাংক	১৩৩৬
অর্থনৈতিক সমীক্ষা, ২০২৩	১৩২৩	ব্যাংকিং টার্মস ও প্রোডাক্টস	১৩৩৮
জাতীয় বাজেট	১৩২৪	আর্থিক প্রতিষ্ঠান ও এনজিও	১৩৩৯
রাজস্বনীতি	১৩২৬	বিমা	১৩৪১
বাংলাদেশ ব্যাংক	১৩২৭	পুঁজিবাজার	১৩৪১
নোট ও মুদ্রা	১৩২৯	উন্নয়ন পরিকল্পনা	১৩৪৪
মুদ্রাবাজার	১৩৩০	দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন	১৩৪৬
তফসিলী ব্যাংক	১৩৩৩		
বাংলাদেশের শিল্প ও বাণিজ্য (০৩ মার্কস)			**১৩৪৭ - ১৩৭১**
শিল্প ও কলকারখানা	১৩৪৭	বিদ্যুৎ	১৩৫৯
বাণিজ্য ও অনুদান	১৩৫১	সড়ক ও নৌ যোগাযোগ	১৩৬৩
আমদানি ও রপ্তানি	১৩৫৩	রেল ও বিমান যোগাযোগ	১৩৬৭
ইপিজেড ও এসইজেড	১৩৫৪	স্থল, সমুদ্র ও বিমান বন্দর	১৩৬৯
খনিজ সম্পদ	১৩৫৫		
বাংলাদেশের সংবিধান (০৩ মার্কস)			**১৩৭১ - ১৩৮৭**
সংবিধান প্রণয়নের ইতিহাস	১৩৭১	সপ্তম ভাগ : নির্বাচন	১৩৮১
সংবিধানের ভাগ ও অনুচ্ছেদ	১৩৭৩	অষ্টম ভাগ : মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক	১৩৮২
প্রথম ভাগ : প্রজাতন্ত্র	১৩৭৩	নবম ভাগ : বাংলাদেশের কর্ম বিভাগ	১৩৮২
দ্বিতীয় ভাগ : রাষ্ট্র পরিচালনার মূলনীতি	১৩৭৪	দশম ভাগ : সংবিধান সংশোধন	১৩৮৩
তৃতীয় ভাগ : মৌলিক অধিকার	১৩৭৫	একাদশ ভাগ : বিবিধ	১৩৮৫
চতুর্থ ভাগ : নির্বাহী বিভাগ	১৩৭৬	সংবিধানের তফসিল	১৩৮৬
পঞ্চম ভাগ : আইনসভা	১৩৭৮	সাংবিধানিক পদ ও প্রতিষ্ঠান	১৩৮৬
ষষ্ঠ ভাগ : বিচার বিভাগ	১৩৮০		
বাংলাদেশের রাজনৈতিক ব্যবস্থা (০৩ মার্কস)			**১৩৮৭ - ১৩৯২**
রাজনৈতিক দল	১৩৮৭	চাপ সৃষ্টিকারী গোষ্ঠী	১৩৯১
রাজনৈতিক পরিক্রমা	১৩৮৯	সুশীল সমাজ	১৩৯২

CamScanner

বাংলাদেশের সরকার ব্যবস্থা (০৩ মার্কস)			১৩৯২ - ১৪১৮
সরকার	১৩৯২	আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশ	১৪০২
আইন বিভাগ	১৩৯২	আইন-শৃঙ্খলা বাহিনী	১৪০৫
শাসন বিভাগ	১৩৯৪	প্রতিরক্ষা বাহিনী	১৪০৬
কেন্দ্রীয় ও মাঠ প্রশাসন	১৩৯৭	ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি	১৪০৮
স্থানীয় সরকার ব্যবস্থা	১৩৯৯	বিচার বিভাগ	১৪১১
কূটনীতি ও পররাষ্ট্রনীতি	১৪০১	গুরুত্বপূর্ণ আইন ও ধারা	১৪১৪
বাংলাদেশের জাতীয় অর্জন ও অন্যান্য (০৩ মার্কস)			**১৪১৮ - ১৪৫৪**
কৃষি ও সংস্কৃতি	১৪১৮	ধর্মীয় স্থান ও প্রতিষ্ঠান	১৪৩৮
বাদ্যযন্ত্র, সঙ্গীত ও সঙ্গীতশিল্পী	১৪২০	গুরুত্বপূর্ণ ব্যক্তি ও প্রতিষ্ঠান	১৪৪২
চলচ্চিত্র ও চলচ্চিত্রাকার	১৪২৬	গণমাধ্যম	১৪৪৪
চারু ও কারুকলা	১৪৩১	খেলাধুলা	১৪৪৬
স্থাপত্য ও ভাস্কর্য	১৪৩৫	জাতীয় পুরস্কার	১৪৫২
প্রত্নতাত্ত্বিক নিদর্শন	১৪৩৫		

আন্তর্জাতিক বিষয়াবলি (২০ মার্কস)

বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা ও ভূ-রাজনীতি (০৪ মার্কস)			১৪৫৫ - ১৫২৬
মানব সভ্যতা	১৪৫৫	রাষ্ট্রের শ্রেণিবিভাগ	১৪৭৮
মেসোপেটেমীয় সভ্যতা	১৪৫৫	নাগরিক ও নাগরিকত্ব	১৪৭৯
মিশরীয় সভ্যতা	১৪৫৬	সরকার কাঠামো	১৪৭৯
সিন্ধু সভ্যতা	১৪৫৭	মহাদেশ	১৪৮১
ফিনিশীয় সভ্যতা	১৪৫৮	দক্ষিণ এশিয়া	১৪৮৩
পারস্য সভ্যতা	১৪৫৮	দক্ষিণ-পূর্ব এশিয়া	১৪৮৭
হিব্রু সভ্যতা	১৪৫৯	দক্ষিণ-পশ্চিম ও মধ্য এশিয়া	১৪৯১
চৈনিক সভ্যতা	১৪৫৯	দূর প্রাচ্য	১৪৯৫
মায়া সভ্যতা	১৪৫৯	উত্তর ইউরোপ	১৪৯৮
ঈজিয়ান সভ্যতা	১৪৫৯	দক্ষিণ ইউরোপ	১৫০১
গ্রিক সভ্যতা	১৪৬০	পূর্ব ইউরোপ	১৫০২
রোমান সভ্যতা	১৪৬২	পশ্চিম ইউরোপ	১৫০৫
আজটেক সভ্যতা	১৪৬৩	উত্তর আফ্রিকা	১৫০৮
ইনকা সভ্যতা	১৪৬৪	দক্ষিণ আফ্রিকা	১৫০৯
ইসলাম ধর্ম	১৪৬৪	পূর্ব আফ্রিকা	১৫১১
হিন্দু ধর্ম	১৪৭০	পশ্চিম আফ্রিকা	১৫১১
বৌদ্ধ ধর্ম	১৪৭১	মধ্য আফ্রিকা	১৫১২
খ্রিষ্টান ধর্ম	১৪৭২	পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ	১৫১২
ইহুদি ধর্ম	১৪৭৩	উত্তর আমেরিকা	১৫১৩
জৈন ধর্ম	১৪৭৩	মধ্য আমেরিকা	১৫২০
শিখ ধর্ম	১৪৭৩	দক্ষিণ আমেরিকা	১৫২০
নৃগোষ্ঠী, জাতি ও উপজাতি	১৪৭৪	ওশেনিয়া	১৫২১
রাষ্ট্র ও জাতিরাষ্ট্র	১৪৭৫	পূর্বনাম ও ভৌগোলিক উপনাম	১৫২১
রাষ্ট্রের উপাদান ও কার্যাবলি	১৪৭৬		
আন্তর্জাতিক নিরাপত্তা ও আন্তঃরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক (০৪ মার্কস)			**১৫২৬ - ১৫৭১**
ভাষা ও শিক্ষা	১৫২৬	আইন ও সংবিধান	১৫৩৮
দর্শন ও সাহিত্য	১৫২৮	আইনসভা	১৫৩৯
শিল্প ও সংস্কৃতি	১৫৩১	জাতীয় প্রতীক	১৫৪২
স্থাপত্য ও ঐতিহ্য	১৫৩৬	রাজধানী	১৫৪৩

CamScanner

সীমারেখা	১৫৪৯	বিশ্বযুদ্ধোত্তর প্রতিক্রিয়া	১৫৬০
বিরোধপূর্ণ দ্বীপ ও অঞ্চল	১৫৫০	স্নায়ুযুদ্ধের প্রেক্ষাপটে গঠিত সংস্থা	১৫৬২
গেরিলা ও সন্ত্রাসী সংগঠন	১৫৫২	আরব-ইসরায়েল ও উপসাগরীয় যুদ্ধ	১৫৬৪
পুলিশ ও গোয়েন্দা সংস্থা	১৫৫৪	নিরস্ত্রীকরণ ও অস্ত্র নিয়ন্ত্রণ	১৫৬৫
সামরিক শক্তি, ঘাঁটি ও অস্ত্র	১৫৫৫	গণমাধ্যম	১৫৬৬
প্রথম বিশ্বযুদ্ধ	১৫৫৮	চলচ্চিত্র ও চলচ্চিত্র পুরস্কার	১৫৬৯
দ্বিতীয় বিশ্বযুদ্ধ	১৫৫৯		
আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু ও কূটনীতি (০৪ মার্কস)			**১৫৭১ – ১৬১৮**
সাগর, উপসাগর ও মহাসাগর	১৫৭১	পরিবেশ বিষয়ক প্রটোকল	১৫৮৮
হ্রদ ও জলপ্রপাত	১৫৭৪	জাতিসংঘের পরিবেশ সংস্থা	১৫৮৯
নদ-নদী	১৫৭৫	পরিবেশ বিষয়ক সংগঠন	১৫৯০
খাল ও প্রণালি	১৫৭৭	পরিবেশ সম্পর্কিত দিবস	১৫৯১
দ্বীপ, উপদ্বীপ ও অন্তরীপ	১৫৮০	অন্যান্য দিবস, বর্ষ ও দশক	১৫৯২
দ্বীপরাষ্ট্র ও স্থলবেষ্টিত রাষ্ট্র	১৫৮২	ওজোনস্তরের অবক্ষয়	১৫৯৫
সমভূমি, মালভূমি ও মরুভূমি	১৫৮৩	গ্রিন হাউজ প্রতিক্রিয়া ও বৈশ্বিক পরিবর্তন	১৫৯৬
পর্বত, গিরিপথ ও উপত্যকা	১৫৮৪	পুরস্কার ও সম্মাননা	১৫৯৭
বন ও বনাঞ্চল	১৫৮৭	ক্রিকেট ও ফুটবল খেলা	১৬০৩
পরিবেশ সম্মেলন	১৫৮৭	অন্যান্য খেলাধুলা	১৬১১
আন্তর্জাতিক সংগঠনসমূহ ও বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠান (০৪ মার্কস)			**১৬১৮ – ১৬৬৮**
জাতিপুঞ্জ	১৬১৮	অর্থনীতি	১৬৪২
জাতিসংঘ	১৬১৮	মুদ্রা	১৬৪৬
জাতিসংঘের মূল অঙ্গসংস্থা	১৬২০	কেন্দ্রীয় ব্যাংক	১৬৫১
জাতিসংঘের বিশেষায়িত সংস্থা	১৬২৪	বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠান	১৬৫২
জাতিসংঘের ফান্ড ও প্রোগ্রাম	১৬২৬	বহুপাক্ষিক উন্নয়ন ব্যাংক	১৬৫৪
জাতিসংঘের অন্যান্য সংস্থা	১৬২৭	পুঁজিবাজার	১৬৫৫
জাতিসংঘ সংশ্লিষ্ট সংস্থা	১৬২৮	অর্থনৈতিক ও বাণিজ্যিক সংগঠন	১৬৫৬
জাতিসংঘের উদ্যোগ ও কার্যক্রম	১৬২৯	বাণিজ্য চুক্তি	১৬৬০
আঞ্চলিক জোট ও সংস্থা	১৬৩২	কৃষিজ সম্পদ	১৬৬১
আন্তর্জাতিক আদালত	১৬৪০	খনিজ সম্পদ	১৬৬২
স্বেচ্ছাসেবী সংস্থা	১৬৪০	শিল্প বিপ্লব ও শিল্প-কারখানা	১৬৬৩
অন্যান্য গুরুত্বপূর্ণ সংস্থা	১৬৪২	যোগাযোগ ব্যবস্থা	১৬৬৫
বিশ্বের সাম্প্রতিক ও চলমান ঘটনাপ্রবাহ (০৪ মার্কস)			**১৬৬৮ – ১৬৭৪**
বিশ্ব জনসংখ্যা রিপোর্ট, ২০২৩	১৬৬৮	শীর্ষ সম্মেলন	১৬৭১
মানব উন্নয়ন সূচক, ২০২১-২২	১৬৬৯	রানী দ্বিতীয় এলিজাবেথ	১৬৭১
বৈশ্বিক জরিপ, সূচক ও প্রতিবেদন	১৬৭০	নোবেল পুরস্কার, ২০২৩	১৬৭২
ফোর্বস ম্যাগাজিন জরিপ	১৬৭১	শস্য উৎপাদনে বাংলাদেশের শীর্ষ জেলা	১৬৭২

ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা (১০ মার্কস)

বাংলাদেশ ও অঞ্চলভিত্তিক ভৌগোলিক অবস্থান (০২ মার্কস)			**১৬৭৫ – ১৬৮০**
ভূগোল	১৬৭৫	মানচিত্রে বাংলাদেশের বিভিন্ন স্থান	১৬৭৮
বাংলাদেশের ভৌগোলিক অবস্থান	১৬৭৫	বাংলাদেশের বিভিন্ন স্থানের ভৌগোলিক উপনাম	১৬৭৯
বাংলাদেশের আয়তন ও সীমানা	১৬৭৫	ছিটমহল সমস্যা ও সমাধান	১৬৮০
অঞ্চলভিত্তিক ভৌত পরিবেশ (০২ মার্কস)			**১৬৮০ – ১৬৮৬**
পৃথিবীর গতি	১৬৮০	পরিবেশ	১৬৮৫
পৃথিবীর কাল্পনিক রেখা	১৬৮২	পরিবেশ দূষণ	১৬৮৫

CamScanner

বাংলাদেশ বিষয়াবলি (৩০ মার্কস)
BANGLADESH AFFAIRS

প্রথম অধ্যায় | বাংলাদেশের জাতীয় বিষয়াবলি | ০৬ মার্কস

বাঙালির ইতিহাস

০১. **ইতিহাসের উৎস নয় কোনটি?** [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ১৭]
ক. পাঠ্যবই খ. মুদ্রা গ. শিলালিপি ঘ. দলিল **উত্তর: ক**
ব্যাখ্যা: মানব সমাজের অনন্ত ঘটনাপ্রবাহই হলো ইতিহাস। যে সব তথ্য প্রমাণের উপর ভিত্তি করে ঐতিহাসিক সত্যকে প্রতিষ্ঠিত করা সম্ভব তাকে ইতিহাসের উপাদান বলে। ইতিহাসের উপাদান দুই প্রকার। যথা- লিখিত ও অলিখিত উপাদান। লিখিত উপাদানগুলো হলো সাহিত্য (যেমন- কলহনের রজতরঙ্গিনী, মিনহাজ-উস-সিরাজের তবকাত-ই-নাসিরী, আবুল ফজলের আইন-ই-আকবরী ইত্যাদি), বৈদেশিক বিরবণ, দলিলপত্র, চিঠিপত্র, সরকারি নথি প্রভৃতি। অলিখিত উপাদানগুলো হলো মুদ্রা, শিলালিপি, স্তম্ভলিপি, তাম্রলিপি, ইমারত প্রভৃতি।

০২. **চীন দেশীয় ইতিহাসের জনক সুমা-কিয়েন কখন ভারতীয় ইতিহাসের গ্রন্থ রচনা করেন? / কখন সুমা-কিয়েন ভারতীয় ইতিহাসের গ্রন্থ রচনা করেছিলেন?** [বিবিএস'র ডাটা এন্ট্রি অপারেটর: ১৬]
ক. খ্রিস্টপূর্ব ১ম শতকে খ. খ্রিস্টপূর্ব ৩য় শতকে গ. খ্রিস্টপূর্ব ৪র্থ শতকে ঘ. খ্রিস্টপূর্ব ৫ম শতকে **উত্তর: ক**

০৩. **'রিয়াজ আস সালাতিন' এটা কী ধরনের গ্রন্থ?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. উপন্যাস খ. মহাকাব্য গ. ঐতিহাসিক ঘ. প্রবন্ধ **উত্তর: গ**

০৪. **'রাজতরঙ্গিনী' ইতিহাস গ্রন্থের রচয়িতা কে?** [নির্বাচন কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক. হিরোডোটাস খ. কলহন গ. আবুল ফজল ঘ. জিয়াউদ্দিন **উত্তর: খ**

০৫. **'তবকাত-ই-নাসিরী' গ্রন্থটি রচনা করেন -** [আইএফআইসি ব্যাংকের এমটিও: ১৭]
ক. মিনহাজ-উস-সিরাজ খ. আবুল ফজল গ. শাহ-মুহাম্মদ সগীর ঘ. মির্জা নাথান **উত্তর: ক**

০৬. **কোন গ্রন্থে সর্বপ্রথম 'বঙ্গ' নামের উল্লেখ পাওয়া যায়? / কোথায় সর্বপ্রথম 'বঙ্গ' শব্দের উল্লেখ পাওয়া যায়? / সর্বপ্রথম 'বঙ্গ' দেশের নাম পাওয়া যায় যে গ্রন্থে -** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. রামচরিত খ. চন্ডীমঙ্গল গ. ঐতরেয় আরণ্যক ঘ. করতোয়া মাহাত্যম **উত্তর: গ**

০৭. **কোন প্রাচীন গ্রন্থে 'বঙ্গ' কথাটির উল্লেখ আছে?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. রামায়ণ খ. মহাভারত গ. ঋগ্বেদ ঘ. চর্যাপদ **উত্তর: গ**

০৮. **নিচের কোন গ্রন্থে দেশবাচক বাংলা শব্দ সর্বপ্রথম ব্যবহৃত হয়? / বাংলা (দেশ ও ভাষা) নামের উৎপত্তির বিষয়টি নিচের কোন গ্রন্থে সর্বাধিক উল্লেখিত হয়েছে?** [৩৬তম বিসিএস]
ক. তারিখ-ই-হামিদিয়া খ. আইন-ই-আকবরী গ. অর্থশাস্ত্র ঘ. মহাভারত **উত্তর: খ**

০৯. **'আইন-ই-আকবরী' গ্রন্থটির রচয়িতা কে?** [শাহজালাল ইসলামী ব্যাংকের অফিসার: ০৪]
ক. ফেরদৌসী খ. আবুল ফজল গ. গালিব ঘ. কোনটিই নয় **উত্তর: খ**

১০. **'আকবর নামা' গ্রন্থের লেখক কে?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০১]
ক. আবুল ফজল খ. জিয়াউদ্দিন বারানী গ. আল বেরুনী ঘ. মিনহাজ সিরাজ **উত্তর: ক**

১১. **কোন গোষ্ঠী থেকে বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে?** [৩৬তম বিসিএস]
ক. নেগ্রিটো খ. ভোটচীন গ. দ্রাবিড় ঘ. অস্ট্রিক / নিষাদ **উত্তর: ঘ**

১২. **নৃতাত্ত্বিকভাবে বাংলাদেশের মানুষ প্রধানত কোন নরগোষ্ঠীর অন্তর্ভুক্ত?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. অ্যাল্পাইন খ. নর্ডিক গ. মঙ্গোলীয় ঘ. আদি-অস্ট্রেলীয় / অস্ট্রিক **উত্তর: ঘ**

১৩. **বাংলার আদি জনপদের অধিবাসীরা কোন জাতির অন্তর্ভুক্ত?** [বাংলাদেশ বিমানের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. বাঙালি খ. আর্য গ. নিষাদ / অস্ট্রিক ঘ. আলপাইন **উত্তর: গ**

১৪. **বাংলাদেশের প্রাচীন জাতি কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. আর্য খ. মোঙ্গল গ. পুন্ড্র ঘ. দ্রাবিড় **উত্তর: ঘ**

বাংলার প্রাচীন জনপদ

০১. **প্রাচীন বাংলার পৃথক পৃথক অংশ কী নামে পরিচিত ছিল?** [ডাক বিভাগের উপজেলা পোস্টমাস্টার: ১৩]
ক. জনপদ খ. সমতট গ. বঙ্গ ঘ. হরিকেল **উত্তর: ক**
ব্যাখ্যা: খ্রিষ্টপূর্ব দেড় হাজার বছর পূর্বে অজয় নদীর তীরে বাংলার প্রাচীন সভ্যতা গড়ে উঠেছিল। প্রাচীন যুগে বাংলা কোনো একক ও অখন্ড রাষ্ট্র বা রাজ্য ছিল না। সে সময় বাংলা পৃথক পৃথক অঞ্চল বা অংশে বিভক্ত ছিল। প্রাচীন বাংলার পৃথক পৃথক অংশ জনপদ নামে পরিচিত ছিল। প্রাচীন আমলের উৎকীর্ণ শিলালিপি ও সাহিত্য গ্রন্থে প্রাচীন বাংলায় ছোট-বড় প্রায় ১৬ টি জনপদের নাম পাওয়া যায়। জনপদগুলো হলো পুন্ড্র, গৌড়, বঙ্গ, রাঢ় (উত্তর ও দক্ষিণ), সমতট, বরেন্দ্র বা বরেন্দ্রী, চন্দ্রদ্বীপ বা বাকলা, হরকূল বা হরিকেল, বাকেরগঞ্জ, বিক্রমপুর, তাম্রলিপ্ত

CamScanner

বা তাম্রলিপ্তি, সুহ্ম, সপ্তগাঁও, বঙ্গাল, কামরূপ ও রহ্ম বা আরাকান। এই ১৬ টি জনপদের মধ্যে ১০ টি জনপদের পুরোপুরি বা বেশিরভাগ এলাকা বাংলাদেশ ভূখণ্ডে অবস্থিত ছিল। সেগুলো হলো পুন্ড্র, বরেন্দ্র বা বরেন্দ্রী, বঙ্গ, সমতট, হরকুল বা হরিকেল, চন্দ্রদ্বীপ বা বাকলা, বঙ্গাল, সপ্তগাঁও, বিক্রমপুর ও বাকেরগঞ্জ।

০২. প্রাচীন বাংলার পুন্ড্র নামটি ছিল একটি - [জনতা-বাংলা ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১২]
ক. জনপদের খ. প্রদেশের গ. গ্রামের ঘ. নগরের **উত্তর: ক**

০৩. বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কী? /বাংলার প্রাচীনতম জায়গা কোনটি? / বাংলার প্রাচীন জনপদ কোনটি? [৪৪তম বিসিএস]
ক. পুন্ড্র খ. তাম্রলিপ্ত গ. গৌড় ঘ. হরিকেল **উত্তর: ক**

০৪. প্রাচীন পুন্ড্রনগরের বর্তমান নাম কী? [২৫তম বিসিএস]
ক. গৌড় খ. ময়নামতি গ. মহাস্থানগড় ঘ. পাটালিপুত্র **উত্তর: গ**

০৫. বাংলাদেশের সবচেয়ে প্রাচীন বসতি কোনটি? / বাংলাদেশের প্রাচীনতম শহর - [৪১তম বিসিএস]
ক. ময়নামতি খ. পুন্ড্রবর্ধন গ. পাহাড়পুর ঘ. সোনারগাঁও **উত্তর: খ**

০৬. পুন্ড্রবর্ধনের রাজধানী কী ছিল? [বাংলাদেশ রেলওয়ের সহকারী কমার্শিয়াল: ০৭]
ক. মহাস্থানগড় খ. ময়নামতি গ. পাহাড়পুর ঘ. বিনোদপুর **উত্তর: ক**

০৭. পুন্ড্রবর্ধনের পুন্ড্র শব্দের অর্থ হলো - [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ০৩]
ক. আখ খ. গুড় গ. ধান ঘ. পাট **উত্তর: ক**

০৮. প্রাচীন পুন্ড্রনগর কোথায় অবস্থিত? [ডেসকোর সহকারী প্রকৌশলী: ২৩]
ক. ময়নামতি খ. বিক্রমপুর গ. মহাস্থানগড় ঘ. পাহাড়পুর **উত্তর: গ**

০৯. বাংলাদেশের প্রাচীনতম জনপদ কোনটি? [এনএসআই'র অফিস সহায়ক: ২১]
ক. মহাস্থানগড় খ. পাহাড়পুর গ. ময়নামতি ঘ. উয়ারী বটেশ্বর **উত্তর: ক**

১০. বাংলাদেশের প্রাচীনতম নগরকেন্দ্র কোনটি? [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. ময়নামতি খ. পাহাড়পুর গ. সোনারগাঁও ঘ. মহাস্থানগড় **উত্তর: ঘ**

১১. মহাস্থানগড় বাংলার রাজধানী থাকার সময় মহাস্থানগড়ের নাম ছিল - [১২তম বিসিএস]
ক. মহাস্থান খ. কর্ণসুবর্ণ গ. পুন্ড্রনগর ঘ. রামাবতী **উত্তর: গ**

১২. 'মহাস্থানগড় এবং প্রাচীন পুন্ড্রবর্ধন নগরী একই' এটি শনাক্তকরণ করেন কে? [কর্মসংস্থান ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৫]
ক. কানিংহাম খ. মার্শাল গ. রাখালদাস ঘ. রেনেল **উত্তর: ক**

১৩. বগুড়া প্রাচীন বাংলার কোন জনপদের অন্তর্ভুক্ত? [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক. পুন্ড্র খ. বরেন্দ্র গ. হরিকেল ঘ. গৌড় **উত্তর: ক**

১৪. প্রাচীনকালে এদেশের নাম ছিল - [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০১]
ক. বাংলাদেশ খ. বঙ্গ গ. বাংলা ঘ. বাঙ্গালা **উত্তর: খ**

১৫. বর্তমান বৃহত্তর ঢাকা জেলা প্রাচীন কালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল? [৪৪তম বিসিএস]
ক. সমতট খ. পুন্ড্র গ. বঙ্গ ঘ. হরিকেল **উত্তর: গ**

১৬. বর্তমান বৃহৎ বরিশাল ও ফরিদপুর এলাকা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ১২]
ক. সমতট খ. পুন্ড্রবর্ধন গ. বঙ্গ ঘ. রাঢ় **উত্তর: গ**

১৭. কুষ্টিয়া জেলা কোন জনপদে অবস্থিত? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৩]
ক. বঙ্গ খ. সমতট গ. রাঢ় ঘ. পুন্ড্র **উত্তর: ক**

১৮. কোন নদীটি বঙ্গ জনপদের উত্তরাঞ্চলের সীমানা ছিল? [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক: ১৭]
ক. পদ্মা খ. মেঘনা গ. যমুনা ঘ. সুরমা **উত্তর: ক**

১৯. প্রাচীন বাংলার ইতিহাসে গঙ্গা ও করতোয়া নদীর মধ্যবর্তী অঞ্চলের জনপদকে কী বলা হতো? [রাবি: ১৮-১৯]
ক. বরেন্দ্র খ. সমতট গ. হরিকেল ঘ. পুন্ড্র **উত্তর: ক**

২০. রাজশাহীর উত্তরাংশ, বগুড়ার পশ্চিমাংশ, রংপুর ও দিনাজপুরের কিছু অংশ নিয়ে গঠিত - [১৯তম বিসিএস]
ক. বরেন্দ্রভূমি খ. উত্তরবঙ্গ গ. মহাস্থানগড় ঘ. পলল গঠিত সমভূমি **উত্তর: ক**

২১. বাংলাদেশের কোন বিভাগে বরেন্দ্রভূমি অবস্থিত? [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১২]
ক. সিলেট খ. বরিশাল গ. খুলনা ঘ. রাজশাহী **উত্তর: ঘ**

২২. বরেন্দ্র অঞ্চল বলতে বর্তমানের কোন অঞ্চলকে বুঝায়? [বিএমইটি'র উপ-সহকারী পরিচালক: ১৮]
ক. দিনাজপুর খ. রাজশাহী গ. পাবনা ঘ. বরিশাল **উত্তর: খ**

২৩. বরেন্দ্রভূমি নামে পরিচিত - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. সুন্দরবন খ. মধুপুর ও ভাওয়াল গড়
গ. ময়নামতি ও লালমাই পাহাড় ঘ. রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ **উত্তর: ঘ**

২৪. বরেন্দ্র বলতে কোন এলাকাকে বুঝায়? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]
ক. উত্তরবঙ্গ খ. পশ্চিমবঙ্গ গ. উত্তর - পশ্চিমবঙ্গ ঘ. দক্ষিণ - পূর্ববঙ্গ **উত্তর: ক**

CamScanner

২৫. প্রাচীনকালে সমতট বলতে বাংলাদেশের কোন অংশকে বুঝানো হতো? / প্রাচীন বাংলার সমতট বর্তমান কোন অঞ্চল নিয়ে গঠিত ছিল? [৪৩তম বিসিএস]
ক. বগুড়া ও দিনাজপুর অঞ্চল খ. বৃহত্তম সিলেট অঞ্চল গ. ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল ঘ. কুমিল্লা ও নোয়াখালী অঞ্চল **উত্তর: ঘ**

২৬. বর্তমান কুমিল্লার প্রাচীন নাম কী ছিল? [ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]
ক. সমতট খ. পুন্ড্র গ. বরেন্দ্র ঘ. গৌড় **উত্তর: ক**

২৭. যশোর জেলা প্রাচীন কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী প্রসিকিউটর: ২১]
ক. গৌড় খ. হরিকেল গ. রাঢ় ঘ. বঙ্গ ও সমতট **উত্তর: ঘ**

২৮. শালবন বিহার প্রত্নতত্ত্বটি কোন জনপদে অবস্থিত - [পার্বত্য জেলা পরিষদের সহকারী পরিদর্শক: ২৩]
ক. বঙ্গ খ. সমতট গ. রাঢ় ঘ. পুন্ড্র **উত্তর: খ**

২৯. বাংলাদেশের একটি প্রাচীন জনপদের নাম - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারী: ০৩]
ক. রাঢ় খ. চট্টলা গ. শ্রীহট্ট ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৩০. প্রাচীন রাঢ় জনপদ অবস্থিত - [শ্রম পরিদপ্তরের শ্রম অফিসার: ৯৬]
ক. বগুড়া খ. কুমিল্লা গ. বর্ধমান ঘ. বরিশাল **উত্তর: গ**

৩১. প্রাচীন কোন জনপদের অবস্থান বাংলাদেশের বাইরে? [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০৩]
ক. বঙ্গ খ. হরিকেল গ. রাঢ় ঘ. সমতট **উত্তর: গ**

৩২. মধ্যযুগের গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত? / প্রাচীন গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. চাঁপাইনবাবগঞ্জ খ. রাজশাহী গ. বগুড়া ঘ. কুমিল্লা **উত্তর: ক**

৩৩. সমগোত্রীয় শহর - [এনএসআই'র অফিস সহকারী: ১৭]
ক. শ্রীহট্ট, গৌড়, পাণ্ডুয়া খ. শ্রীহট্ট, ঘোড়াঘাট, একডালা গ. গৌড়, পাণ্ডুয়া, একডালা ঘ. ঘোড়াঘাট, পাণ্ডুয়া, একডালা **উত্তর: গ**

৩৪. বাংলাদেশের একটি প্রাচীন জনপদ - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০২]
ক. সোনারগাঁও খ. হরিকেল গ. ভুলুয়া ঘ. পঞ্চগড় **উত্তর: খ**

৩৫. প্রাচীন বাংলার কোন অঞ্চলটি পূর্বাংশে অবস্থিত ছিল? [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. হরিকেল খ. সমতট গ. বরেন্দ্র ঘ. রাঢ় **উত্তর: ক**

৩৬. প্রাচীন বাংলার হরিকেল জনপদ অঞ্চলভুক্ত এলাকা - [৩৮তম বিসিএস]
ক. রাজশাহী খ. দিনাজপুর গ. খুলনা ঘ. চট্টগ্রাম **উত্তর: ঘ**

৩৭. চট্টগ্রাম অঞ্চলের প্রাচীন নাম - / পার্বত্য চট্টগ্রাম প্রাচীন বাংলার কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল? [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২৩]
ক. রাঢ় খ. বঙ্গ গ. হরিকেল ঘ. গৌড় **উত্তর: গ**

৩৮. সিলেট জেলা প্রাচীনকালে কোন জনপদের অর্ন্তভুক্ত ছিল? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্র্যাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. বরেন্দ্র খ. পুন্ড্র গ. হরিকেল ঘ. গৌড় **উত্তর: গ**

৩৯. বরিশাল ও পিরোজপুর জেলা কোন প্রাচীন জনপদের অন্তর্ভুক্ত ছিল? [জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. চন্দ্রদ্বীপ খ. হরিকেল গ. বঙ্গ ঘ. সমতট **উত্তর: ক**

৪০. গোপালগঞ্জ জেলা কোন প্রাচীন জনপদের অন্তর্ভুক্ত ছিল? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল অফিসার: ৯৪]
ক. চন্দ্রদ্বীপ খ. হরিকেল গ. বঙ্গ ঘ. সমতট **উত্তর: ক**

৪১. প্রাচীন চন্দ্রদ্বীপ'র বর্তমান নাম - [৩০তম বিসিএস]
ক. মালদ্বীপ খ. সন্দ্বীপ গ. বরিশাল ঘ. হাতিয়া **উত্তর: গ**

৪২. 'উয়ারী-বটেশ্বর' কী? [পরিকল্পনা মন্ত্রণালয় ডাটা প্রসেসিং অপারেটর: ১৬]
ক. প্রাচীন মন্দির খ. প্রাচীন গ্রন্থ গ. প্রাচীন বৃক্ষ ঘ. প্রাচীন জনপদ **উত্তর: ঘ**

৪৩. উয়ারী-বটেশ্বর গ্রামে কোন সময়ে নগর সভ্যতা গড়ে উঠেছিল? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. পাঁচ কোটি বছর আগে খ. তিন কোটি বছর আগে গ. দুইশত বছর আগে ঘ. আড়াই হাজার বছর আগে **উত্তর: ঘ**

৪৪. তাম্রলিপ্তি বা তাম্রলিপ্ত কী? [বিআরইবি'র সহকারী জেনারেল ম্যানেজার: ১৭]
ক. প্রাচীন জনপদ খ. প্রাচীন ভাষা গ. প্রাচীন গ্রন্থ ঘ. তামার পাতে শাসনাদেশ **উত্তর: ক**

৪৫. বাংলার প্রাচীনতম বন্দরের নাম কী? / হুগলীর প্রাচীন নাম কী? [ঢাবি: ১৮-১৯]
ক. তাম্রলিপ্তি / তাম্রলিপ্ত খ. চন্দ্রকেতুগড় গ. গঙ্গারিডাই ঘ. সমন্দর **উত্তর: ক**

৪৬. বাংলার প্রাচীন নগর 'কর্ণসুবর্ণ' এর অবস্থান ছিল - / 'কর্ণসুবর্ণ' কোন জায়গার প্রাচীন নাম ছিল? [ঢাবি: ১৭-১৮]
ক. কুমিল্লা খ. মুর্শিদাবাদ গ. বগুড়া ঘ. রাজশাহী **উত্তর: খ**

৪৭. বাংলাদেশের কোথায় মাটি খুঁড়ে প্রাচীন জনপদ আবিষ্কৃত হয়েছে? [জবি: ১৬-১৭]
ক. মিরসরাই খ. শৈলকুপা গ. চাঁপাইনবাবগঞ্জ ঘ. নাটেশ্বর **উত্তর: ঘ**

৪৮. ষোড়শ মহাজনপদের অন্যতম 'বৎস' এর রাজধানী ছিল - [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১০]
ক. কৌশাম্বী খ. পাটালিপুত্র গ. কুশিনগর ঘ. রাজপুর **উত্তর: ক**

CamScanner

৪৯. কোনটি বাংলার প্রাচীন জনপদের নাম নয়? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. মৌর্য খ. পুন্ড্র গ. গৌড় ঘ. রাঢ় উত্তর: ক

প্রাচীন বাংলার বিভিন্ন শাসনামল

০১. গঙ্গারিডাই রাজ্যের অস্তিত্বকাল - [ডাচ-বাংলা ব্যাংকের এমটিও: ১২]
ক. খ্রিষ্টপূর্ব ৯ম শতক খ. খ্রিষ্টপূর্ব ৮ম শতক গ. খ্রিষ্টপূর্ব ৪র্থ শতক ঘ. খ্রিষ্টপূর্ব ৫ম শতক উত্তর: গ
ব্যাখ্যা: প্রাচীন বাংলার জনপদগুলো সময়ের সাথে সাথে বিভিন্ন বংশের শাসনে ছিল। গ্রিক লেখকদের বিবরণ থেকে জানা যায়, বাংলায় গঙ্গারিডাই নামে এক শক্তিশালী রাজ্য ছিল। মৌর্য শাসন প্রতিষ্ঠিত হলে গঙ্গারিডাই রাজ্যটি মৌর্যদের একটি প্রদেশে পরিণত হয়েছিল।

০২. গঙ্গারিডাই বা গঙ্গারিডি সম্পর্কে জানার উৎস - [রাকাব'র সিনিয়র অফিসার: ১৪]
ক. হিন্দু ধর্মগ্রন্থ খ. বৌদ্ধ ধর্মগ্রন্থ গ. গ্রিক লেখকদের বিবরণ ঘ. চৈনিক পরিব্রাজকদের বিবরণ উত্তর: গ

০৩. গঙ্গারিডাই রাজ্যের অবস্থান ছিল? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. কণৌজ খ. কাশ্মীরে গ. উড়িষ্যায় ঘ. বাংলায় উত্তর: ঘ

০৪. গঙ্গারিডাই রাজ্যের অস্তিত্বকালে গ্রিক সেনাপতি ছিলেন - [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ০৮]
ক. ফিলিপ খ. নেপোলিয়ন গ. আলেকজান্ডার ঘ. সিজার উত্তর: গ

০৫. ভারতীয় উপমহাদেশে প্রথম সাম্রাজ্যের নাম - / ভারতীয় উপমহাদেশের বৃহৎ সাম্রাজ্যের নাম কী? [ডাক বিভাগের উপজেলা পোস্টমাস্টার: ১০]
ক. গুপ্ত সাম্রাজ্য খ. চন্দ্র সাম্রাজ্য গ. মৌর্য সাম্রাজ্য ঘ. কুষাণ সাম্রাজ্য উত্তর: গ

০৬. প্রাচীন বাংলা মৌর্য শাসনের প্রতিষ্ঠাতা কে? / মৌর্য সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে? / মৌর্য বংশের প্রথম সম্রাট কে? [৪০তম বিসিএস]
ক. অশোক মৌর্য খ. চন্দ্রগুপ্ত মৌর্য গ. সমুদ্র গুপ্ত ঘ. কোনটিই না উত্তর: খ

০৭. প্রাচীন ভারতে কে সর্বপ্রথম সর্বভারতীয় ঐক্য স্থাপন করেন? [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অ্যাডমিন অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. অশোক মৌর্য খ. চন্দ্রগুপ্ত মৌর্য গ. সমুদ্র গুপ্ত ঘ. শশাঙ্ক উত্তর: খ

০৮. পাটালিপুত্র রাজধানী ছিল - [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ১৭]
ক. গুপ্তদের খ. সেনদের গ. পালদের ঘ. মৌর্যদের উত্তর: ক, ঘ

০৯. অশোক কোন বংশের সম্রাট ছিলেন? [এলজিইডি'র কার্য সহকারী: ২৩]
ক. মৌর্য খ. গুপ্ত গ. পুষ্যভূতি ঘ. কুশান উত্তর: ক

১০. সম্রাট আশোকের রাজত্বকাল ছিল - [আবাআখা প্রকল্পের ফিল্ড সুপারভাইজার: ১৮]
ক. খ্রিষ্টপূর্ব ২৭৩ - ২৩২ অব্দ খ. খ্রিষ্টপূর্ব ২৭৬ -২৩০ অব্দ গ. খ্রিষ্টপূর্ব ৩২৮ - ৩০০ অব্দ ঘ. ৩২০ - ৩৪০ খ্রিষ্টাব্দ উত্তর: ক

১১. কোন সম্রাটের আমলে এদেশে বৌদ্ধ ধর্মের প্রসার ঘটে? / কোন শাসকের অনুশাসনের সময় উপমহাদেশে আর্যভাষার প্রাচীনতম বর্ণমালার সন্ধান পাওয়া যায়? [বিএসসি'র অফিসার: ২৩]
ক. দ্বিতীয় চন্দ্রগুপ্ত খ. সম্রাট অশোক গ. সমুদ্রগুপ্ত ঘ. ধর্মপাল উত্তর: খ

১২. বৌদ্ধ ধর্মের কনস্ট্যানটাইন কাকে বলা হয়? / মৌর্য বংশের শ্রেষ্ঠ সম্রাট কে? [জবি: ০৯-১০]
ক. অশোক খ. চন্দ্রগুপ্ত গ. মহাবীর ঘ. গৌতম বুদ্ধ উত্তর: ক

১৩. কোন যুদ্ধের ভয়াবহ পরিণাম প্রত্যক্ষ করে মহারাজ অশোক বৌদ্ধ ধর্ম গ্রহণ করেছিলেন? / কোন যুদ্ধের কারণে সম্রাট অশোক বৌদ্ধ ধর্ম গ্রহণ করেছিলেন? [দুদকের সহকারী পরিচালক: ০১]
ক. হিদাস্পিসের যুদ্ধ খ. কলিঙ্গের যুদ্ধ গ. মেবারের যুদ্ধ ঘ. পানিপথের যুদ্ধ উত্তর: খ

১৪. চাণক্য ছিলেন প্রাচীন ভারতে একজন বিখ্যাত - [বিআইডব্লিউটিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. কৃষিবিদ খ. অর্থনীতিবিদ গ. কূটনীতিক ঘ. রাজা উত্তর: খ, গ

১৫. চাণক্য কার প্রধানমন্ত্রী ছিলেন? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. চন্দ্রগুপ্ত মৌর্য খ. প্রথম চন্দ্রগুপ্ত গ. দ্বিতীয় চন্দ্রগুপ্ত ঘ সমুদ্রগুপ্ত উত্তর: ক

১৬. কৌটিল্য কার নাম? [মার্কেন্টাইল ব্যাংকের অফিসার: ০৪]
ক. প্রাচীন রাজনীতিবিদ খ. প্রাচীন অর্থশাস্ত্রবিদ গ. পন্ডিত ঘ. রাজ করি উত্তর: খ

১৭. 'অর্থশাস্ত্র' বইটি কে রচনা করেন? [শাবিপ্রবি: ১৩-১৪]
ক. কৌটিল্য খ. কনফুসিয়াস গ. ম্যাক্স ওয়েবার ঘ. ট্যালকট পারসন্স উত্তর: ক

১৮. মৌর্য বংশের শেষ সম্রাট কে? [ডাক বিভাগের পোস্টমাস্টার: ১৬]
ক. বৃহদ্রথ খ. চন্দ্রগুপ্ত মৌর্য গ. মহাবীর ঘ. অশোক উত্তর: ক

১৯. রাজা কনিষ্ক কোন বংশের শাসক? [এক্সিম ব্যাংকের অফিসার: ১৫]
ক. গুপ্ত খ. মৌর্য গ. কুষাণ ঘ. দেব উত্তর: গ
ব্যাখ্যা: মৌর্য সম্রাজের পতনের পর দীর্ঘদিন কোনো ঐক্যবদ্ধ রাষ্ট্র ব্যবস্থা ছিল না। সে সময় ক্ষুদ্র ক্ষুদ্র শক্তির (যেমন- কুষাণ জাতি প্রভৃতি) প্রাধান্য প্রতিষ্ঠিত হয়। কুষাণ সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা হলেন কুজলা কদফিসিস। তবে কুষাণ শ্রেষ্ঠ বা কুষাণ সাম্রাজ্যের শ্রেষ্ঠ রাজা হলেন কনিষ্ক। বসুমিত্র, অশ্বঘোষ, চরক, সশ্রুত, নাগার্জুন প্রমুখ ব্যক্তিবর্গ কনিষ্কের রাজসভা অলংকৃত করেছিলেন।

২০. চরক ছিলেন - [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. গণিতবিদ খ. জ্যোতির্বিদ গ. চিকিৎসাবিদ ঘ. আয়ুর্বেদ শাস্ত্রবিশারদ উত্তর: ঘ

CamScanner

২১. কোন যুগ প্রাচীন ভারতের স্বর্ণযুগ হিসেবে পরিচিত? [বিআইডব্লিউটিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. মৌর্যযুগ খ. শূদ্রযুগ গ. কুষাণযুগ ঘ. গুপ্তযুগ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: কুষাণ সাম্রাজ্যের পতনের পর খ্রিষ্টীয় চতুর্থ শতকে গুপ্ত সাম্রাজ্য গড়ে উঠেছিল। গুপ্তযুগে সুষ্ঠু শাসন, শিল্প, সাহিত্য, ধর্ম, রাষ্ট্র ও সমাজের বিভিন্ন ক্ষেত্রে এক অভূতপূর্ব উৎকর্ষ সাধিত হয়েছিল। এ জন্য গুপ্ত যুগকে প্রাচীন ভারতের স্বর্ণযুগ বলা হয়।

২২. গুপ্ত সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে? / গুপ্ত বংশের প্রথম রাজা কে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. প্রথম চন্দ্রগুপ্ত খ. দ্বিতীয় চন্দ্রগুপ্ত গ. সমুদ্র গুপ্ত ঘ. কুমার গুপ্ত **উত্তর: ক**

২৩. ভারতের নেপোলিয়ন কাকে বলা হয়? / গুপ্ত বংশের শ্রেষ্ঠ রাজা কে? [রাবি: ১০-১১]
ক. কণিষ্ক খ. অশোক গ. সমুদ্রগুপ্ত ঘ. হর্ষবর্ধন **উত্তর: গ**

২৪. ভারতবর্ষের কোন যুগের ভাস্কর্যকে ধ্রুপদী ভাস্কর্য বলা হয়? [ঢাবি: ১৩-১৪]
ক. মৌর্য যুগের খ. গুপ্ত যুগের গ. পাল যুগের ঘ. সুঙ্গ যুগের **উত্তর: খ**

২৫. প্রাচীন ভারতের কোন শাসকের অপর নাম বিক্রমাদিত্য ছিল? [রাবি: ১১-১২]
ক. দ্বিতীয় চন্দ্রগুপ্ত খ. অশোক গ. সমুদ্রগুপ্ত ঘ. হর্ষবর্ধন **উত্তর: ক**

২৬. 'তাম্রলিপি' কী? / 'তাম্রশাসন' মানে - [বিকেবি'র অফিসার (ক্যাশ): ১০]
ক. প্রাচীন ভাষা খ. প্রাচীন জনগণ গ. প্রাচীন গ্রন্থ ঘ. তামার পাতে খোদাই করা শাসনাদেশ **উত্তর: ঘ**

২৭. তামার পাতে খোদাই করা প্রাচীন কালের রাজাজ্ঞা হলো - [বিআইডব্লিউটিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. তাম্রশাসন খ. তাম্রলিপি গ. তাম্রফলক ঘ. প্রত্নতত্ত্ব **উত্তর: ক**

২৮. মহাকবি কালিদাস যে যুগের কবি ছিলেন - [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ক. পাল খ. সেন গ. মৌর্য ঘ. গুপ্ত **উত্তর: ঘ**

২৯. 'মেঘদূত' কাব্য কার লেখা? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. কালিদাস খ. রবীন্দ্রনাথ ঠাকুর গ. সত্যেন্দ্রনাথ দত্ত ঘ. জসীমউদদীন **উত্তর: ক**

৩০. অমরসিংহ রচিত 'অমরকোষ' কী জাতীয় গ্রন্থ? [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক: ০৪]
ক. মহাকাব্য খ. নাটক গ. অভিধান ঘ. উপন্যাস **উত্তর: গ**

৩১. কোনটি প্রাচীন নগরী নয়? [ডাচ-বাংলা ব্যাংকের অফিসার: ০৯]
ক. কর্ণসুবর্ণ খ. উজ্জয়িনী গ. বিশাখাপট্টম ঘ. পাটলিপুত্র **উত্তর: গ**

৩২. গুপ্ত বংশের শেষ শাসক কে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারী: ০৩]
ক. বিষ্ণু গুপ্ত / জীবিত গুপ্ত খ. দ্বিতীয় চন্দ্রগুপ্ত গ. সমুদ্র গুপ্ত ঘ. কুমার গুপ্ত **উত্তর: ক**

৩৩. প্রাচীন বাংলায় কতটি রাজ্য ছিল? / প্রাচীন বাংলায় কতটি স্বাধীন রাজ্য ছিল? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ২ টি (বঙ্গ ও গৌড়) খ. ৩ টি গ. ৪ টি ঘ. ৫ টি **উত্তর: ক**
ব্যাখ্যা: ষষ্ঠ শতাব্দীতে গুপ্ত সাম্রাজ্যের পতন ঘটে। সেই অস্থিতিশীল পরিবেশে দুইটি স্বাধীন রাজ্যের উত্থান ঘটে। যথা- বঙ্গ ও গৌড় রাজ্য।

৩৪. কত শতকে বঙ্গ ও গৌড় দুইটি স্বাধীন রাষ্ট্রের উদ্ভব ঘটে? [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০১]
ক. ষষ্ঠ খ. অষ্টম গ. দশম ঘ. একাদশ **উত্তর: ক**

৩৫. গুপ্তোত্তর বঙ্গের স্বাধীন রাজা ছিলেন - [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. গোপচন্দ্র খ. শশাঙ্ক গ. শ্রীচন্দ্র ঘ. লড়হচন্দ্র **উত্তর: ক**

৩৬. 'মহারাজাধিরাজ' পদবি কারা গ্রহণ করেন? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. আকবর, হুমায়ুন ও জাহাঙ্গীর খ. ধর্মপাল ও গোপাল
গ. গোপচন্দ্র, ধর্মাদিত্য ও সমাচারদেব ঘ. ইলিয়াস শাহ, তুগলক ও জালালউদ্দিন **উত্তর: গ**

৩৭. ধারণা করা হয়, প্রাচীন গৌড় জনপদের অন্তর্ভুক্ত ছিল - [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. মুর্শিদাবাদ খ. যশোর গ. ময়মনসিংহ ঘ. চট্টগ্রাম **উত্তর: ক**

৩৮. একসময়ে বাংলা, বিহার ও উড়িষ্যার রাজধানী মুর্শিদাবাদের প্রাক্তন নাম ছিল - [রাকাব'র ক্যাশিয়ার: ১৪]
ক. সিনহ্যবাদ খ. চন্দ্রদ্বীপ গ. গৌড় ঘ. মাকসুদাবাদ **উত্তর: গ**

৩৯. প্রাচীন জনপদগুলোকে একত্রিত করে গৌড় রাজ্য প্রতিষ্ঠা করেন কে? / স্বাধীন গৌড় রাজ্য প্রতিষ্ঠা করেন কে? [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. ধর্মপাল খ. লক্ষ্মণ সেন গ. শশাঙ্ক ঘ. ইলিয়াস শাহ **উত্তর: গ**

৪০. 'মহাসামন্ত' কার উপাধি ছিল? / 'মহারাজাধিরাজ' উপাধি ধারণ করেন কে? [বেরোবি: ১১-১২]
ক. গোপাল খ. লক্ষণ সেন গ. হর্ষবর্ধন ঘ. শশাঙ্ক **উত্তর: ঘ**

৪১. শশাঙ্ক প্রথম জীবনে ছিলেন - [রাজউকের অফিস সহায়ক: ১৫]
ক. কৃষক খ. সামন্ত গ. রাজা ঘ. সম্রাট **উত্তর: খ**

৪২. কে গৌড়ের স্বাধীন নরপতি ছিলেন? / প্রাচীন বাংলার প্রথম নরপতি কে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯২]
ক. শশাঙ্ক খ. বর্মন গ. ভাস্কর ঘ. দেবগুপ্ত **উত্তর: ক**

৪৩. বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা বা নরপতি হলেন - / প্রথম বাঙালি রাজা কে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. ধর্মপাল খ. গোপাল গ. শশাঙ্ক ঘ. দ্বিতীয় চন্দ্র গুপ্ত **উত্তর: গ**

CamScanner

৪৪. প্রাচীন পৌড্রের রাজধানী ছিল - [বুবি: ১৯-২০]
ক. পুন্ড্রনগর খ. কনৌজ গ. কর্ণাটক ঘ. কর্ণসুবর্ণ উত্তর: ঘ

৪৫. শশাঙ্কের রাজধানী ছিল - [বুবি: ১৩-১৪]
ক. কর্ণসুবর্ণ খ. গৌড় গ. নদীয়া ঘ. ঢাকা উত্তর: ক

৪৬. বাংলার প্রাচীন নগর কর্ণসুবর্ণর অবস্থান ছিল - [জাবি: ১৭-১৮]
ক. কুমিল্লা খ. মুর্শিদাবাদ গ. বগুড়া ঘ. রাজশাহী উত্তর: খ

৪৭. পুষ্যভূতি বংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন? [জাবি: ৯৬-৯৭]
ক. হর্ষবর্ধন খ. বানভট্ট গ. লক্ষ্মণ সেন ঘ. সামন্ত সেন উত্তর: ক
ব্যাখ্যা: হর্ষবর্ধন প্রাচীন ভারতের শেষ সাম্রাজ্যবাদী রাজবংশ পূর্ব পাঞ্জাবের পুষ্যভূতি রাজবংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন হর্ষবর্ধন। হর্ষবর্ধন উত্তর ভারতে শশাঙ্কের প্রধান প্রতিদ্বন্দ্বী ছিলেন। হর্ষবর্ধনের সভাকবি ছিলেন বানভট্ট।

৪৮. হর্ষবর্ধনের সভাকবি - [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৭]
ক. কালিদাস খ. বানভট্ট গ. মেগাস্থিনিস ঘ. সন্ধ্যাকর নন্দী উত্তর: খ

৪৯. 'হর্ষচরিত' গ্রন্থটি রচনা করেন? [জাবি: ১২-১৩]
ক. হর্ষবর্ধন খ. কলহন গ. বানভট্ট ঘ. কৌটিল্য উত্তর: গ

৫০. মাৎস্যন্যায় বাংলার কোন সময়কাল নির্দেশ করে? [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর: ০২]
ক. ৫ম - ৬ষ্ঠ শতক খ. ৬ষ্ঠ - ৭ম শতক গ. ৭ম - ৮ম শতক ঘ. ৮ম - ৯ম শতক উত্তর: গ
ব্যাখ্যা: শশাঙ্কের পর দীর্ঘদিন বাংলায় কোনো যোগ্য শাসক ছিল না। ফলে রাজ্যে বিশৃঙ্খলা ও অরাজকতা দেখা দেয়। ৭ম - ৮ম শতকে বাংলার সবল অধিপতিরা প্রভাব-প্রতিপত্তির মাধ্যমে ছোট ছোট অঞ্চলগুলোকে গ্রাস করেছিল। অরাজকতাপূর্ণ এই সময়কে পাল তাম্র শাসনে মাৎস্যন্যায় বলে আখ্যায়িত করা হয়েছে। উল্লেখ্য, পুকুরে বড় মাছগুলো শক্তির দাপটে ছোট ছোট মাছ ধরে ধরে খেয়ে ফেলার বিশৃঙ্খল পরিস্থিতিকে মাৎস্যন্যায় বলে।

৫১. মাৎস্যন্যায় নির্দেশ করে - [ইসলামী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৭]
ক. পাল পরবর্তীকাল খ. সেন পরবর্তীকাল গ. ব্রিটিশ শাসনামল ঘ. শশাঙ্ক পরবর্তীকাল উত্তর: ঘ

৫২. মাৎস্যন্যায় নির্দেশ করে - [বাংলাদেশ গ্যাস ফিল্ডের উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ক. মৎস্যময় বাংলাদেশ খ. রাজনৈতিক পরিস্থিতি গ. মৎস্যময় ভারত ঘ. প্রাকৃতিক পরিস্থিতি উত্তর: খ

৫৩. মাৎস্যন্যায় ধারণাটি কিসের সাথে সম্পর্কিত? [বিকেবি'র অফিসার (ক্যাশ): ১০]
ক. মাছবাজার খ. ন্যায় বিচার প্রতিষ্ঠা গ. মাছ ধরার নৌকা ঘ. আইন-শৃঙ্খলাহীন অরাজক অবস্থা উত্তর: ঘ

৫৪. মাৎস্যন্যায় সম্পর্কে জানার উৎস - [জাবি: ১৫-১৬]
ক. তারনাথের বিবরণ খ. সন্ধ্যাকর নন্দীর বিবরণ গ. হর্ষচরিত ঘ. আর্যমঞ্জুশ্রীমূলকল্প উত্তর: খ

৫৫. মাৎস্যন্যায় কোন শাসন আমলে দেখা যায়? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. খলজি শাসন আমলে খ. সেন শাসন আমলে গ. যুগল শাসন আমলে ঘ. পাল তাম্র শাসন আমলে উত্তর: ঘ

৫৬. মাৎস্যন্যায় নির্দেশ করে - [জাবি: ১৬-১৭]
ক. আলেকজান্ডারের আগমন খ. বখতিয়ারের আগমন গ. রামপালের আগমন ঘ. গোপালের আগমন উত্তর: ঘ

৫৭. বাংলার প্রথম দীর্ঘস্থায়ী রাজত্বের নাম কী? / বাংলার দীর্ঘস্থায়ী রাজবংশ কোনটি? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. পাল বংশ খ. সেন বংশ গ. ভুইয়া বংশ ঘ. গুপ্ত বংশ উত্তর: ক
ব্যাখ্যা: মাৎস্যন্যায়ের অবসান ঘটিয়ে গোপাল বাংলার সিংহাসনে আরোহণ করেন এবং পাল রাজবংশের সূচনা করেন। প্রায় ৪০০ বছর ধরে ১৭ জন পাল নৃপতি বাংলা শাসন করেন। পাল সম্রাটরা বৌদ্ধধর্মের মহাযান ও তান্ত্রিক সম্প্রদায়ের অনুগামী ছিলেন।

৫৮. নিজের কোন বংশ প্রায় চারশো বছরের মতো বাংলা শাসন করেছে? [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. মৌর্য বংশ খ. গুপ্ত বংশ গ. পাল বংশ ঘ. সেন বংশ উত্তর: গ

৫৯. বরেন্দ্র যে রাজাদের পিতৃভূমি - বাংলাদেশ রেলওয়ের সহকারী কমান্ডেন্ট: ০৭]
ক. পাল রাজা খ. সেন রাজা গ. চন্দ্র রাজা ঘ. খড়্গরাজা উত্তর: ক

৬০. বাংলার প্রাচীন পাল রাজবংশ কোন ধর্মাবলম্বী? [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ড্রিলিং প্রকৌশলী: ৯৮]
ক. হিন্দু খ. জৈন গ. বৌদ্ধ ঘ. খ্রিস্টান উত্তর: গ

৬১. বাংলার প্রথম বংশানুক্রমিক শাসন শুরু করেন কে? [জাককানইবি: ১৬-১৭]
ক. গোপাল খ. রামপাল গ. বিজয় সেন ঘ. লক্ষণ সেন উত্তর: ক

৬২. বঙ্গে পাল বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? / পাল বংশের প্রতিষ্ঠাতা কে? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. ধর্মপাল খ. দেবপাল গ. গোপাল ঘ. মহীপাল উত্তর: গ

৬৩. পালবংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১০]
ক. গোপাল খ. ধর্মপাল গ. রামপাল ঘ. দেবপাল উত্তর: খ

৬৪. 'অষ্টাসাহস্রিকা প্রজ্ঞাপারমিতা' কী? [জাবি: ১৬-১৭]
ক. হিন্দু ধর্মগ্রন্থ খ. কালিদাসের কাব্যগ্রন্থ গ. বৌদ্ধ পুঁথি ঘ. জৈন ধর্মগ্রন্থ উত্তর: গ

CamScanner

৬৫. তালপাতার পুঁথিচিত্র কোন যুগের নিদর্শন? [বিকেবি'র সিনিয়র অফিসার: ১৭]
ক. পাল যুগ খ. সেন যুগ গ. গুপ্ত যুগ ঘ. কুষাণ যুগ **উত্তর: ক**

৬৬. পালযুগের পুঁথিচিত্র কোন বস্তুর উপর আঁকা? [বিআরইবি'র লাইন ম্যান: ২৩]
ক. কাগজের উপর খ. টিনের উপর গ. পাথরের উপর ঘ. তালপাতার উপর **উত্তর: ঘ**

৬৭. কার সময়ে কৈবর্ত বিদ্রোহ সংঘটিত হয়েছিল? / কার সময়ে বরেন্দ্র বা সামন্ত বিদ্রোহ হয়েছিল? [সুদক'র উপ-সহকারী পরিচালক: ২০]
ক. বল্লাল সেন খ. দ্বিতীয় মহীপাল গ. ধর্মপাল ঘ. হেমন্ত সেন **উত্তর: খ**

৬৮. কৈবর্ত বিদ্রোহের নেতা কে ছিলেন? [বিআরইবি'র সহকারী সচিব: ১৩]
ক. কৈবর্ত খ. অশোক গ. দিব্যোক / দিব্য ঘ. কানু কৈবর্ত **উত্তর: গ**

৬৯. পাল শাসনামলে রচিত একটি কাব্য হলো - [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. গীতগোবিন্দ খ. মনসামঙ্গল গ. চণ্ডীমঙ্গল ঘ. রামচরিত **উত্তর: ঘ**

৭০. 'রামচরিত' কাব্য কে লিখেছেন? [বিআরইবি'র অফিস সহকারী: ১৬]
ক. হর্ষবর্ধন খ. সন্ধ্যাকর নন্দী গ. কালিদাস ঘ. ধোয়ী **উত্তর: খ**

৭১. মহাবীর শীলভদ্র কোন মহাবিহারের আচার্য ছিলেন? [৩৫তম বিসিএস]
ক. আনন্দ বিহার খ. নালন্দা বিহার গ. গোসিপো বিহার ঘ. সোমপুর বিহার **উত্তর: খ**

৭২. কোন বাঙালি সপ্তম শতাব্দীতে নালন্দা বিশ্ববিদ্যালয়ে সর্বাধ্যক্ষের পদ অলংকৃত করেন? [ঢাবি: ১৮-১৯]
ক. শীলভদ্র খ. অতীশ দীপঙ্কর গ. কাহ্নপা ঘ. জীমূতবাহন **উত্তর: ক**

৭৩. শ্রীজ্ঞান অতীশ দীপঙ্কর কে ছিলেন? [ঢাবি: ১৬-১৭]
ক. বিশ্বখ্যাত বৌদ্ধ পন্ডিত খ. ব্রাহ্মণ পন্ডিত গ. হিন্দু সমাজ সংস্কারক ঘ. প্রাচীন বাংলার নৃপতি **উত্তর: ক**
ব্যাখ্যা: দীপঙ্কর শ্রীজ্ঞান ৯৮০ খ্রিষ্টাব্দে ঢাকার বিক্রমপুরের (বর্তমান: মুন্সিগঞ্জ) বজ্রযোগিনী গ্রামে এক রাজপরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর বাল্যনাম ছিল চন্দ্রগর্ভ। দীপঙ্কর শ্রীজ্ঞান বৌদ্ধ ধর্ম ও দর্শন চর্চা এবং প্রচার-প্রসারের ক্ষেত্রে পূর্ব এশিয়া জুড়ে স্মরণীয়। তিব্বতিরা তাকে অতীশ উপাধিতে ভূষিত করেন। অতীশ অর্থ শান্তি। ১০৫৩ বা ১০৫৪ খ্রিষ্টাব্দে তিববতের লাসা নগরের নিকটস্থ লেথান পল্লীতে মৃত্যুবরণ করেন।

৭৪. বৌদ্ধ পন্ডিত ও দার্শনিক অতীশ দীপঙ্কর বাংলাদেশের বিক্রমপুরের বা মুন্সিগঞ্জের কোন গ্রামে জন্মগ্রহণ করেন? [ঢাবি: ১২-১৩]
ক. বজ্রযোগিনী খ. ভাগ্যকুল গ. গঙ্গানগর ঘ. বালিগাঁও **উত্তর: ক**

৭৫. পন্ডিত অতীশ দীপঙ্করের জন্মস্থান কোনটি? [ঢাবি: ১৬-১৭]
ক. চট্টগ্রাম খ. কুমিল্লা গ. বিক্রমপুর ঘ. ময়মনসিংহ **উত্তর: গ**

৭৬. অতীশ দীপঙ্কর বাংলাদেশের বর্তমান কোন জেলার বাসিন্দা ছিলেন? [ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার: ১৮]
ক. ফরিদপুর খ. টাঙ্গাইল গ. মুন্সিগঞ্জ ঘ. চট্টগ্রাম **উত্তর: গ**

৭৭. অতীশ দীপঙ্কর কোন জেলায় জন্মগ্রহণ করেছিলেন? [চবি: ০৭-০৮]
ক. ঢাকা খ. চট্টগ্রাম গ. কুমিল্লা ঘ. বগুড়া **উত্তর: ক**

৭৮. অতীশ দীপঙ্কর কোন দেশে বৌদ্ধধর্ম প্রচার করে বিখ্যাত হোন? [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী সচিব: ৯৬]
ক. তিব্বত খ. মায়নমার গ. শ্রীলংকা ঘ. দক্ষিণ ভারত **উত্তর: ক**

৭৯. সেন বংশের প্রতিষ্ঠাতা কে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. সামন্ত সেন খ. বিজয় সেন গ. বল্লাল সেন ঘ. লক্ষ্মণ সেন **উত্তর: ক**
ব্যাখ্যা: কৈবর্ত বা সামন্ত বিদ্রোহের সময় পাল সাম্রাজ্য দুর্বল হলে সামন্ত সেন দাক্ষিণাত্যের কর্ণাট থেকে বাংলায় আসেন এবং সেন বংশ প্রতিষ্ঠা করেন। কিন্তু তিনি রাজ্য প্রতিষ্ঠা না করায় তাঁর পুত্র হেমন্ত সেনকে সেন বংশের প্রথম রাজা ও প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়।

৮০. সেন বংশের প্রথম রাজা কে? / সেন বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা কে? [জাবি: ১৬-১৭]
ক. হেমন্ত সেন খ. বল্লাল সেন গ. বিজয় সেন ঘ. সামন্ত সেন **উত্তর: ক**

৮১. সেন বংশের আদি নিবাস - [বিএডিসি'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. বিক্রমপুর খ. নদীয়া গ. দাক্ষিণাত্য ঘ. কামরূপ **উত্তর: গ**

৮২. সেন রাজাদের ধর্ম ছিল - [সিটি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১১]
ক. ব্রাহ্ম খ. বৌদ্ধ গ. জৈন ঘ. হিন্দু **উত্তর: ঘ**

৮৩. হিন্দুমতে, মান্ধাতা ছিলেন ---- এর শাসক। / হিন্দু মতে মান্ধাতা কোন যুগের শাসক ছিলেন? [ঢাবি: ১৫-১৬]
ক. সত্যযুগ খ. ত্রেতাযুগ গ. দাপরযুগ ঘ. কলিযুগ **উত্তর: ক**

৮৪. 'মান্ধাতার আমল' এখানে মান্ধাতা হলো - [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৬]
ক. প্রাচীনকাল খ. এক রাজার নাম গ. অন্ধকারময় অবস্থা ঘ. বহুপুরোনো কিছু **উত্তর: খ**

৮৫. সামন্ত রাজা থেকে স্বাধীন রাজা - / সেন বংশের প্রথম সার্বভৌম রাজা কে? / সেন বংশের শ্রেষ্ঠ রাজা কে? [জাবি: ১৬- ১৭]
ক. হেমন্ত সেন খ. বল্লাল সেন গ. বিজয় সেন ঘ. লক্ষণ সেন **উত্তর: গ**

৮৬. বিজয় সেনের প্রথম রাজধানী - [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৬]
ক. হুগলী খ. নদীয়া গ. মুন্সীগঞ্জ ঘ. বিক্রমপুর **উত্তর: ক**

৮৭. কৌলিন্য প্রথা বাংলায় প্রবর্তন করেন - [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৭]
ক. লক্ষণ সেন খ. বল্লাল সেন গ. বিজয় সেন ঘ. শ্রী চৈতন্য দেব **উত্তর: খ**

৮৮. 'দানসাগর' ও 'অদ্ভুতসাগর' গ্রন্থটির রচয়িতা - [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. বল্লাল সেন খ. বিজয় সেন গ. লক্ষণ সেন ঘ. হেমন্ত সেন **উত্তর: ক**

৮৯. বাংলার শেষ হিন্দু রাজা কে ছিলেন? / সেন বংশের সর্বশেষ সার্বভৌম রাজা কে ছিলেন? / অবিভক্ত বাংলার সর্বপ্রথম রাজা কাকে বলা হয়? [এলজিইডি'র অফিস সহায়ক: ২৩]
ক. বিজয় সেন খ. লক্ষ্মণ সেন গ. হেমন্ত সেন ঘ. বল্লাল সেন **উত্তর: খ**

৯০. 'অসমাপ্ত অদ্ভুতসাগর' গ্রন্থটি কে সমাপ্ত করেন? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. লক্ষণ সেন খ. বল্লাল সেন গ. আলাউদ্দিন খলজি ঘ. সম্রাট আকবর **উত্তর: ক**

৯১. বাংলায় সেন বংশের শেষ শাসনকর্তা ছিলেন? / সেন বংশের সর্বশেষ রাজা কে ছিলেন? [৪১তম বিসিএস]
ক. হেমন্ত সেন খ. বল্লাল সেন গ. লক্ষ্মণ সেন ঘ. কেশব সেন **উত্তর: ঘ**

বাংলায় মুসলিম শাসন

০১. কত খ্রিষ্টাব্দে আরবরা সিন্ধু আক্রমণ করে? [বেরোবি: ০৮-০৯]
ক. ৭১০ খ্রি. খ. ৭১২ খ্রি. গ. ৭১৪ খ্রি. ঘ. ৭১৬ খ্রি. **উত্তর: খ**
ব্যাখ্যা: মুহম্মদ বিন কাসিম ৭১২ খ্রিষ্টাব্দে সিন্ধুর দেবল শহরে উপস্থিত হয়ে সিন্ধু রাজা দাহিরের বিরুদ্ধে অভিযান পরিচালনা করেন। অভিযানে মুহম্মদ বিন কাসিম বিজয়ী হোন এবং ভারতীয় উপমহাদেশে ইসলাম প্রতিষ্ঠার পথ সুগম করেন।

০২. মুহাম্মদ বিন কাসিম সর্বপ্রথম সিন্ধুর কোন শহরে উপস্থিত হোন? [জাবি: ১২-১৩]
ক. মুলতান খ. রাওয়ার গ. দেবল ঘ. অমৃতসর **উত্তর: গ**

০৩. আরবদের আক্রমণের সময় সিন্ধু দেশের রাজা ছিলেন - [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১৬]
ক. মানসিংহ খ. জয়পাল গ. দাহির ঘ. দাউদ **উত্তর: গ**

০৪. ভারতে প্রথম মুসলিম অভিযান পরিচালনা করেন - [জাবি: ১৫-১৬]
ক. হাজ্জাজ বিন ইউসুফ খ. মুহম্মদ বিন কাসিম গ. মুহম্মদ ঘুরী ঘ. বখতিয়ার খলজি **উত্তর: খ**

০৫. প্রথম সিন্ধু বিজয়ী মুসলিম সেনাপতি কে ছিলেন? / প্রথম মুসলিম সিন্ধু বিজেতা ছিলেন - [কাস্টস হাউসের সিপাই: ২২]
ক. ফখরউদ্দিন মুবারক শাহ খ. ইলিয়াস শাহ গ. মুহাম্মদ ঘুরী ঘ. মুহম্মদ বিন কাসিম **উত্তর: ঘ**

০৬. সিন্ধু বিজয়ের মাধ্যমে কে ভারতীয় উপমহাদেশে ইসলাম প্রতিষ্ঠার পথ সুগম করেন? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৩]
ক. হাজ্জাজ-বিন-ইউসুফ খ. মুহম্মদ বিন কাসিম গ. মুহম্মদ ঘুরী ঘ. বখতিয়ার খলজি **উত্তর: খ**

০৭. সুলতান মাহমুদ কত বার ভারতবর্ষ আক্রমণ করেন? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. ১৫ বার খ. ১৭ বার গ. ১৮ বার ঘ. ২০ বার **উত্তর: খ**
ব্যাখ্যা: আফগানিস্তানের গজনীর সুলতান মাহমুদ ১৭ বার ভারতবর্ষ আক্রমণ করেন। তার অভিযানগুলোর মধ্যে ভারতের গুজরাটে অবস্থিত সোমনাথ মন্দির বিজয় একটি গুরুত্বপূর্ণ ঘটনা। গজনীতে ঘুর সাম্রাজ্য প্রতিষ্ঠিত হলে মুহম্মদ ঘুরী ও পৃথ্বীরাজ চৌহানের মধ্যে ১১৯১ সালে প্রথম ও ১১৯২ সালে দ্বিতীয় তরাইনের যুদ্ধ সংঘটিত হয়। প্রথম তরাইনের যুদ্ধে মুহম্মদ ঘুরী পরাজিত হলেও দ্বিতীয় তরাইনের যুদ্ধে মুহম্মদ ঘুরী বিজয়ী হোন এবং ভারতবর্ষে সর্বপ্রথম মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন।

০৮. মুহম্মদ ঘুরী ও পৃথীরাজ চৌহানের মধ্যে দ্বিতীয় তরাইনের যুদ্ধ কত সালে সংঘটিত হয়? [১০ম বিজেএস]
ক. ১১৯০ খ. ১১৯২ গ. ১২০৬ ঘ. ৭১২ **উত্তর: খ**

০৯. তরাইনের দ্বিতীয় যুদ্ধে কে পরাজিত হোন? [ববি: ১৬-১৭]
ক. মুহম্মদ ঘুরী খ. লক্ষণ সেন গ. পৃথীরাজ ঘ. জয়চন্দ্র **উত্তর: গ**

১০. ভারতবর্ষে সর্বপ্রথম মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন - [দ্রদক'র সহকারী পরিদর্শক: ০৮]
ক. মুহম্মদ বিন কাসিম খ. সুলতান মাহমুদ গ. মুহম্মদ ঘুরী ঘ. গিয়াস উদ্দিন আজম শাহ **উত্তর: গ**

১১. মুসলিম শাসন আমলে রাজভাষা ছিল - [সংস্কৃতি মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]
ক. বাংলা খ. আরবি গ. সংস্কৃত ঘ. ফারসি **উত্তর: ঘ**

১২. ইতিহাস বিখ্যাত সেনানায়ক ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজি কোন দেশের নাগরিক ছিলেন? [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. পাকিস্তান খ. তুরস্ক গ. আফগানিস্তান ঘ. ভারত **উত্তর: গ**
ব্যাখ্যা: ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজি আফগানিস্তানের গরমশিরের অধিবাসী ছিলেন। তিনি তুর্কিদের খলজি সম্প্রদায়ভুক্ত ছিলেন। তিনি ত্রয়োদশ শতাব্দীতে ভারতেবর্ষে বা বাংলাদেশে আসেন। তিনি ১২০৪ সালে মাত্র ১৭ জন অশ্বারোহী সেনা নিয়ে নদীয়ার রাজা লক্ষণ সেনকে পরাজিত করে বাংলা জয় করেন।

১৩. কোন শতাব্দীতে মুহম্মদ বখতিয়ার খলজি বাংলাদেশে বা ভারতবর্ষে আসেন? [বিটিভি'র সহকারী প্রকৌশলী: ১৭]
ক. একাদশ খ. দশম গ. ত্রয়োদশ ঘ. পঞ্চদশ **উত্তর: গ**

১৪. বাংলার প্রথম মুসলিম অভিযান পরিচালনা করেন - [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইন্সট্রাক্টর: ১৮]
ক. হাজ্জাজ বিন ইউসুফ খ. মুহম্মদ বিন কাসিম গ. মুহম্মদ ঘুরী ঘ. বখতিয়ার খলজি **উত্তর: ঘ**

১৫. **কত সালে ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বখতিয়ার খলজি বাংলা জয় করেন? / বখতিয়ার খলজি কত সালে লক্ষ্মণাবতী জয় করেন?** [৩০তম বিসিএস]
ক. ১২১২ খ. ১২০০ গ. ১২০৪ ঘ. ১২১১ **উত্তর: গ**

১৬. **বাংলার প্রথম মুসলিম বিজেতা কে?** [জাতীয় বিশ্ববিদ্যালয়: ১২-১৩]
ক. বখতিয়ার খলজি খ. ইলিয়াস শাহ গ. হুসেন শাহ ঘ. শিরান খলজি **উত্তর: ক**

১৭. **বখতিয়ার খলজি বঙ্গ বিজয়ের সময়ে বাংলার শাসক ছিলেন** - [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]
ক. লক্ষ্মণ সেন খ. বিজয় সেন গ. বল্লাল সেন ঘ. কেউই নন **উত্তর: ক**

১৮. **বাংলায় মুসলিম শাসনের আধিপত্য বিস্তারের সূচনা করেন** - [২৪তম বিসিএস]
ক. মুহম্মদ বখতিয়ার খলজি খ. মুহম্মদ বিন কাসিম গ. মুহম্মদ ঘুরী ঘ. সুলতান মাহমুদ **উত্তর: ক**

১৯. **কোন শতাব্দীতে বাংলায় মুসলিম শাসন প্রতিষ্ঠিত হয়?** [সিএজি কার্যালয়ের অডিটর: ১১]
ক. অষ্টম শতাব্দী খ. দশম শতাব্দী গ. দ্বাদশ শতাব্দী ঘ. ত্রয়োদশ শতাব্দী **উত্তর: ঘ**

২০. **বাংলার প্রথম মুসলমান সুলতান কে ছিলেন?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০০]
ক. বখতিয়ার খলজি খ. হুসেন শাহ গ. ইলিয়াস শাহ ঘ. সরফরাজ খান **উত্তর: ক**

২১. **জিয়াউদ্দিন বারাণী একজন** - [রাবি: ১০- ১১]
ক. সুলতান খ. সম্রাট গ. কবি ঘ. ঐতিহাসিক **উত্তর: ঘ**

২২. **কোনটি জিয়াউদ্দিন বারাণী রচিত গ্রন্থ?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. তারিখ-ই-মুবারকশাহী খ. রিয়াজুস সালাতিন গ. তারিখ-ই-ফিরোজশাহী ঘ. সিরাত-ই-ফিরোজশাহী **উত্তর: গ**

২৩. **দিল্লির ঐতিহাসিক জিয়াউদ্দিন বারাণী বাংলার নাম দিয়েছিলেন বুলগাকপুর, যার অর্থ** - [জাবি: ১২-১৩]
ক. বিদ্রোহের নগর খ. শান্তির নগর গ. সমৃদ্ধ নগর ঘ. শ্যামল নগর **উত্তর: ক**

২৪. **হযরত শাহজালাল কোন দেশের অধিবাসী ছিলেন?** [বেরোবি: ১৭-১৮]
ক. আফগানিস্তান খ. ইরান গ. আরাকান ঘ. তুরস্ক **উত্তর: ঘ**

২৫. **গৌর গোবিন্দ যে অঞ্চলের রাজা ছিল** - [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৯-১০]
ক. চট্টগ্রাম খ. সিলেট গ. গৌড় ঘ. পান্ডুয়া **উত্তর: খ**

২৬. **হযরত শাহজালাল (রহ.) কোন শাসককে পরাজিত করে সিলেটে আযান ধ্বনি দিয়েছিলেন?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৬]
ক. বিক্রমাদিত্য খ কৃষ্ণচন্দ্র গ. গৌর গোবিন্দ ঘ. লক্ষ্মণ সেন **উত্তর: গ**

২৭. **ইয়েমেন থেকে আসা কোন দীনের মুজাহিদের তরবারী বাংলাদেশে সংরক্ষণ বলা আছে?** [পিএসসি'র সহকারী পরিচালক: ০৪]
ক. খান জাহান আলী (র.) খ. বায়জীদ বোস্তামী (র.) গ. শাহ মখদুম (র.) ঘ. শাহজালাল (র.) **উত্তর: ঘ**

২৮. **বাংলাদেশের কোন অঞ্চলকে ৩৬০ আউলিয়ার দেশ বলা হয়?** [৩৫তম বিসিএস]
ক. চট্টগ্রাম খ. রাজশাহী গ. সিলেট ঘ. খুলনা **উত্তর: গ**

২৯. **বারো আউলিয়ার শহর** - [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. সিলেট খ. চট্টগ্রাম গ. কুমিল্লা ঘ. বগুড়া **উত্তর: খ**

দিল্লি সালতানাতের শাসন

০১. **ভারতীয় উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের সূচনা ঘটে - / কখন ভারতীয় উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের সূচনা ঘটে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. খ্রিষ্টীয় একাদশ শতকে খ. খ্রিষ্টীয় নবম শতকে গ. খ্রিষ্টীয় ত্রয়োদশ শতকে ঘ. খ্রিষ্টীয় ষোড়শ শতকে **উত্তর: গ**
ব্যাখ্যা: খ্রিষ্টীয় ত্রয়োদশ শতকে ভারতীয় উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের সূচনা ঘটে। ১২০৬ থেকে ১৫২৬ খ্রিষ্টাব্দের মধ্যবর্তী সময়ে ভারতীয় উপমহাদেশে রাজত্বকারী ৫ টি মুসলিম রাজ্য ও সাম্রাজ্য একত্রে দিল্লী সালতানাত নামে পরিচিত। ৫ টি মুসলিম রাজ্য ও সাম্রাজ্য হলো মামলুক রাজবংশ বা দাস বংশ (১২০৬-১২৯০), খিলজি রাজবংশ (১২৯০-১৩২০), তুঘলক রাজবংশ (১৩২০-১৪১৩), সৈয়দ রাজবংশ (১৪১৩-১৪৫১) এবং লোদী রাজবংশ (১৪৫১-১৫২৬)। ভারতে দাস বংশের প্রতিষ্ঠাতা ও দিল্লি সালতনাতের প্রতিষ্ঠাতা হলেন কুতুবউদ্দিন আইবেক। তবে দিল্লি সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা ছিলেন কুতুবউদ্দিন আইবেকের জামাতা শামসউদ্দিন ইলতুৎমিশ।

০২. **দিল্লি সালতনাতের প্রতিষ্ঠাতা - / ভারতে দাস বংশের প্রতিষ্ঠাতা কে? / কোন শাসক ভারতে মুসলিম শাসন স্থায়ীভাবে প্রতিষ্ঠা করেন? / উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের প্রতিষ্ঠাতা কে? / ভারতে মুসলিম শাসনের গোড়াপত্তন করেন কে?** [দুদকের সহকারী পরিদর্শক: ০৪]
ক. মুহম্মদ বিন কাসিম খ. মাহমুদ গজনী গ. মুহম্মদ ঘুরী ঘ. কুতুবউদ্দিন আইবেক **উত্তর: ঘ**

০৩. **দিল্লির প্রথম স্বাধীন সুলতান কে? / দিল্লির কুতুব মিনার নির্মাণ করেন কে?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. মুহম্মদ বিন কাসিম খ. মাহমুদ গজনী গ. মুহম্মদ ঘুরী ঘ. কুতুবউদ্দিন আইবেক **উত্তর: ঘ**

০৪. **দিল্লি সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা - / কুতুবউদ্দিন আইবেকের জামাতা ছিলেন** - [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৭-০৮]
ক. কুতুবউদ্দিন আইবেক খ. শামসউদ্দিন ইলতুৎমিশ গ. গিয়াসউদ্দিন বলবন ঘ. আলাউদ্দিন খলজি **উত্তর: খ**

০৫. **'বন্দেগান-ই-চেহেলগান' কে প্রতিষ্ঠা করেন? / 'চল্লিশ চক্র' কে প্রতিষ্ঠা করেন?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ইলতুৎমিশ খ. কুতুব উদ্দিন আইবেক গ. সুলতান মাহমুদ ঘ. আরাম শাহ **উত্তর: ক**

০৬. **ভারতে প্রথম মুদ্রা প্রবর্তন করেন** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. লর্ড কর্নওয়ালিস খ. শেরশাহ গ. মুহম্মদ বিন তুগলক ঘ. শামসউদ্দিন ইলতুৎমিশ **উত্তর: ঘ**

CamScanner

০৭. **কার শাসনামলে সুউচ্চ কুতুব মিনারের নির্মাণ কাজ শেষ হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. মুহাম্মদ ঘুরী খ. শামসউদ্দিন ইলতুৎমিশ গ. বলবন ঘ. কুতুবউদ্দিন আইবেক **উত্তর: খ**

০৮. **'কুতুব মিনার' কোথায় অবস্থিত?** [সমবায় অধিদপ্তরের ক্যাশিয়ার: ২৩]
ক. চীন খ. ভারত গ. বাংলাদেশ ঘ. বার্মা **উত্তর: খ**

০৯. **'সুলতান-ই-আজম' উপাধি কে লাভ করেছিলেন?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. কুতুবউদ্দিন আইবেক খ. শামসউদ্দিন ইলতুৎমিশ গ. ফিরোজ শাহ তুগলক ঘ. আলাউদ্দিন খলজি **উত্তর: খ**

১০. **দিল্লির সিংহাসনে অধিষ্ঠিত প্রথম মুসলিম নারী কে?** [বিআইডব্লিউটিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. সম্রাট নূরজাহান খ. সুলতানা রাজিয়া গ. মমতাজ ঘ. যোধাবাঈ **উত্তর: খ**

১১. **দিল্লির সিংহাসনে আরোহণকারী প্রথম মুসলমান নারী সুলতানা রাজিয়া কার কন্যা ছিলেন?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. কুতুবউদ্দিন আইবক খ. শামসউদ্দিন ইলতুৎমিশ গ. গিয়াসউদ্দিন বলবন ঘ. মুহম্মদ বিন তুগলক **উত্তর: খ**

১২. **গিয়াসউদ্দিন বলবনের শাসনকাল কোনটি?** [রাবি: ১২- ১৩]
ক. ১২৬৬ - ৮৭ খ্রিস্টাব্দ খ. ১২৬০ - ৮০ খ্রিস্টাব্দ গ. ১২৬০ - ৮৬ খ্রিস্টাব্দ ঘ. ১২৬৮ - ৮৮ খ্রিস্টাব্দ **উত্তর: ক**

১৩. **রক্তপাত ও কঠোরনীতি কার শাসনের বৈশিষ্ট্য ছিল?** [১২তম প্রভাষক নিবন্ধন]
ক. সুলতানা রাজিয়া খ. নাসিবউদ্দিন মাহমুদ গ. গিয়াসউদ্দিন বলবন ঘ. আলাউদ্দিন খলজি **উত্তর: গ**

১৪. **'তুত-ই-হিন্দ' কাকে বলা হয়? / কাকে 'ভারতের তোতা পাখি' বা 'ভারতের কণ্ঠস্বর' বলা হয়?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. তানসেন খ. আমীর খসরু গ. আবুল ফজল ঘ. গালিব **উত্তর: খ**

১৫. **কোন মুসলমান প্রশাসক প্রথম দক্ষিণ ভারত জয় করেন?** [শ্রম অধিদপ্তরের শ্রম অফিসার: ৯৮]
ক. আলাউদ্দিন খলজি খ. শের শাহ গ. আকবর ঘ. আওরঙ্গজেব **উত্তর: ক**

১৬. **আলাউদ্দিন খলজির প্রধান সেনাপতি কে ছিলেন?** [রাবি: ১০-১১]
ক. উলুঘ খাঁ খ. মালিক কাফুর গ. নসরত খান ঘ. জাফর খান **উত্তর: খ**

১৭. **কোন মুসলিম সেনাপতি সর্বপ্রথম দাক্ষিণাত্য জয় করেন?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. মালিক কাফুর খ. বৈরাম খাঁন গ. শায়েস্তা খান ঘ. মীরজুমলা **উত্তর: ক**

১৮. **ফ্রান্সের রাজা চর্তুদশ লুই এর ন্যায় কোন সুলতান ঘোষণা করেন আমিই রাষ্ট্র? / মূল্য ও বাজার নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রবর্তন করেন** - [জাবি: ১৩-১৮]
ক. গিয়াসউদ্দিন বলবন খ. জালালউদ্দিন খলজি গ. মুহম্মদ বিন তুগলক ঘ. আলাউদ্দিন খলজি **উত্তর: ঘ**

১৯. **দিল্লি থেকে রাজধানী দেবগিরিতে স্থানান্তর করেন কে?** [১১তম বিজেএস]
ক. সম্রাট আকবর খ. মুহম্মদ বিন তুগলক গ. সম্রাট জাহাঙ্গীর ঘ. সুলতান ইলিয়াস শাহ **উত্তর: খ**

২০. **মুহম্মদ বিন তুঘলক রাজধানী স্থানান্তর করেন** - [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. করাচি খ. দেবগিরি গ. নগরকোট ঘ. ঘোড়াশাল **উত্তর: খ**

২১. **ভারতে প্রথম প্রতীক মুদ্রা প্রবর্তন করেন - / সোনা ও রূপার মুদ্রার পরিবর্তে প্রতীক তামার মুদ্রা প্রচলন করেন - / কোন সুলতান ভারতের কৃষির উন্নতির জন্য আমির কোহী নামে কৃষি বিভাগ তৈরি করেন?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. শেরশাহ খ. মুহম্মদ বিন তুগলক গ. ইলতুৎমিশ ঘ. লর্ড কর্নওয়ালিস **উত্তর: খ**

২২. **তুঘলক বংশের শেষ সুলতান কে ছিলেন?** [কুবি: ১৪-১৫]
ক. মুহম্মদ বিন তুগলক খ. মাহমুদ শাহ গ. ইলিয়াস শাহ ঘ. আলাউদ্দিন খলজি **উত্তর: খ**

২৩. **তৈমুর লঙের পিতার নাম কী?** [খুবি: ১৭-১৮]
ক. তুরঘাই খ. চাগতাই গ. আবাগা ঘ. কাজঘান **উত্তর: ক**

২৪. **তৈমুর লঙ ভারত আক্রমণ করেন** - [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. ১৬৯৮ সালে খ. ১৫৯৮ সালে গ. ১৩৯৮ সালে ঘ. ১২৯৮ সালে **উত্তর: গ**

২৫. **দিল্লির লোদী বংশের সর্বশেষ সুলতান কে ছিলেন?** [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৩-০৪]
ক. ইব্রাহীম লোদী খ. ইলিয়াস লোদী গ. শিবাজী লোদী ঘ. রানা প্রতাপ সিংহ **উত্তর: ক**

স্বাধীন সুলতানি শাসন

০১. **বাংলায় স্বাধীন সুলতানি শাসন প্রতিষ্ঠা করেন কে? / বাংলার প্রথম স্বাধীন সুলতান কে? / বাংলায় স্বাধীন মুসলিম সালতানাতের প্রতিষ্ঠাতা কে? / বাংলায় স্বাধীন সুলতানী যুগের সূচনাকারী কে?** [প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক: ১৯]
ক. নবাব আলীবর্দী খান খ. বখতিয়ার খলজি গ. নবাব সিরাজউদ্দৌলা ঘ. ফখরউদ্দিন মুবারক শাহ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: ১২০৪ সালে বখতিয়ার খলজির বাংলা জয় করার পর থেকে ১৩৩৮ সাল পর্যন্ত যেসব শাসকগণ বাংলা শাসন করেছেন, তাঁদের অনেকেই পুরোপুরি স্বাধীন ছিলেন না। ১৩৩৮ সালে ফখরুদ্দিন মুবারক শাহ'র স্বাধীনতা ঘোষণার মধ্যে দিয়েই বাংলায় স্বাধীন সুলতানি শাসনের সূচনা হয়। স্বাধীন সুলতানি যুগে ফখরুদ্দিন মুবারক শাহ, ইলিয়াস শাহী বংশ (শামসুদ্দিন ইলিয়াস শাহ, সিকান্দর শাহ ও গিয়াসউদ্দিন আজম শাহ), রাজা গণেশের বংশ, ইলিয়াস শাহী বংশ (নাসির উদ্দিন মাহমুদ শাহ, রুকনউদ্দিন বারবক শাহ, দ্বিতীয় শামসুদ্দিন ইউসুফ শাহ ও জালাল উদ্দিন ফতেহ শাহ), হাবশি শাসন (গিয়াসুদ্দিন রারবক শাহ, ফিরোজ শাহ, মাহমুদ শাহ ও মুজাফফর শাহ) এবং হোসেন শাহী বংশ (আলাউদ্দিন হোসেন শাহ, নসরত বা নুসরাত শাহ, আলাউদ্দিন ফিরোজ শাহ ও গিয়াসউদ্দিন মাহমুদ শাহ) শাসকগণ বাংলা শাসন করেছেন।

CamScanner

০২. সুলতান ফখরউদ্দিন মুবারক শাহের শাসনকাল ছিল - [ঢাকা'র সুপারভাইজার: ১৪]
ক. ১২৮২ - ১২৯১ খ. ১২৯১ - ১৩০০ গ. ১৩২৮ - ১৩২৮ ঘ. ১৩৩৮ - ১৩৫০ উত্তর: ঘ

০৩. বাংলার প্রথম জনক কে? / বাংলার প্রকৃত স্বাধীনতার প্রতিষ্ঠাতা কে? / সমগ্র বাংলার প্রথম সুলতান কে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ১১]
ক. শেখ মুজিবুর রহমান খ. এ. কে. ফজলুল হক গ. শামসউদ্দিন ইলিয়াস শাহ ঘ. আলাউদ্দিন হুসেন শাহ উত্তর: গ

০৪. কোন সুলতান সমগ্র বাংলার প্রথম অধিপতি হওয়ার গৌরব অর্জন করেন? [সমবায় অধিদপ্তরের সহকারী কিন্তু অপারেটর: ১২]
ক. ইলিয়াস শাহ খ. সিকান্দার শাহ গ. আযম শাহ ঘ. হুসেন শাহ উত্তর: ক

০৫. 'শাহ্-ই-বাঙ্গালাহ' অথবা 'শাহ-ই-বাঙালিয়ান' বাংলার কোন মুসলিম সুলতানের উপাধি ছিল? [বস্ত্র উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৯]
ক. ফখরউদ্দিন মুবারক শাহ খ. নুসরত শাহ গ. আলাউদ্দিন হুসেন শাহ ঘ. শামসউদ্দীন ইলিয়াস শাহ উত্তর: ঘ

০৬. কোন শাসকের সময় থেকে সমগ্র বাংলা ভাষাভাষী অঞ্চল 'বাঙ্গালাহ' নামে পরিচিত হয়ে উঠে? [১২তম পিসিএস]
ক. ফখরউদ্দিন মুবারক শাহ খ. শামসউদ্দিন ইলিয়াস শাহ গ. আকবর ঘ. ঈসা খান উত্তর: খ

০৭. কোন শাসনামলে সমগ্র বাংলা ভাষাভাষী অঞ্চল 'বাঙ্গালা' নামে অভিহিত হয়? / কার আমল থেকে প্রাচীন বাংলার সবগুলো জনপদই একত্রে 'বাংলা' নামে পরিচিতি লাভ করে? [৪৪তম বিসিএস]
ক. মৌর্য খ. গুপ্ত গ. পাল ঘ. মুসলিম উত্তর: ঘ

০৮. ইলিয়াস শাহের রাজধানী কোথায় ছিল? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]
ক. লখনৌতি খ. গৌড় গ. তান্ডা ঘ. পান্ডুয়া উত্তর: ঘ

০৯. গিয়াসউদ্দিন আজম শাহ ইলিয়াস শাহী বংশের কততম সুলতান ছিলেন? [বেরোবি: ১৭-১৮]
ক. দ্বিতীয় খ. তৃতীয় গ. চতুর্থ ঘ. পঞ্চম উত্তর: খ

১০. গিয়াসউদ্দিন আজম শাহের রাজধানী কোথায় ছিল? [সমবায় অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. মুর্শিদাবাদ খ. সোনারগাঁও গ. ঢাকা ঘ. গৌড় উত্তর: খ

১১. কোন নৃপতি কবি হাফিজকে বাংলাদেশে আমন্ত্রণ জানিয়েছিলেন? [রাবি: ১৭- ১৮]
ক. আলাউদ্দিন হুসেন শাহ খ. রুকনউদ্দিন বারবক শাহ গ. ফখরউদ্দিন মুবারক শাহ ঘ. গিয়াসউদ্দিন আজম শাহ উত্তর: ঘ

১২. ইরানের কবি হাফিজের সাথে পত্রালাপ হয়েছিল বাংলার কোন সুলতানের? [২৪তম বিসিএস]
ক. গিয়াসউদ্দিন আজম শাহ খ. আলাউদ্দীন হুসেন শাহ গ. ফখরউদ্দিন মুবারক শাহ ঘ. ইলিয়াস শাহ উত্তর: ক

১৩. পারস্যের কোন কবি গিয়াসউদ্দিন আজম শাহকে দিওয়ান লিখে পাঠিয়েছিলেন? [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. শেখ সাদি খ. ওমর খৈয়াম গ. হাফিজ সিরাজী ঘ. ফেরদৌসী তুসী উত্তর: গ

১৪. বাংলার কোন সুলতান খলিফাতুল্লাহ উপাধি গ্রহণ করেন? [এলজিইডি'র কমিউনিটি অর্গানাইজার: ২৩]
ক. শামসউদ্দিন ইলিয়াস শাহ খ. গিয়াসউদ্দিন আজম শাহ গ. আলাউদ্দিন হুসেন শাহ ঘ. জালালউদ্দীন মুহম্মদ শাহ উত্তর: ঘ

১৫. কোন আমলে সোনারগাঁও বাংলাদেশের রাজধানী ছিল? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৫]
ক. সুলতানি আমলে খ. মুঘল আমলে গ. পাল আমলে ঘ. সেন আমলে উত্তর: ক

১৬. সুলতানি আমলে বাংলার রাজধানীর নাম কী ছিল? [২৯তম বিসিএস]
ক. সোনারগাঁও খ. জাহাঙ্গীরনগর গ. ঢাকা ঘ. গৌড় উত্তর: ক, ঘ

১৭. হুসেন শাহী বংশের প্রতিষ্ঠাতা - / মধ্যযুগে বাংলার শ্রেষ্ঠ সুলতান কে? / হুসেন শাহী বংশের শ্রেষ্ঠ সুলতান - [বিবিএস'র পরিসংখ্যান কর্মকর্তা: ১০]
ক. বখতিয়ার খলজি খ. সম্রাট শাহজাহান গ. হুসেন শাহী ঘ. সম্রাট বাবর উত্তর: গ

১৮. কোন মুসলিম শাসনকালকে স্বর্ণযুগ বলা হয়? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বখতিয়ার খলজি খ. সম্রাট শাহজাহান গ. হুসেন শাহী ঘ. সম্রাট বাবর উত্তর: গ

১৯. কোন আমলে বাংলা গজল ও সুফি সাহিত্য সৃষ্টি হয়? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ইলিয়াস শাহী খ. হুসেন শাহী গ. সুলতানি ঘ. মুঘল উত্তর: খ

২০. আলাউদ্দিন হুসেন শাহ কখন বৃহত্তর বাংলা শাসন করেন? [৪০তম বিসিএস]
ক. ১৪৯৮ - ১৫১৬ খ্রিস্টাব্দ খ. ১৪৯৮ - ১৫১৭ খ্রিস্টাব্দ গ. ১৪৯৮ - ১৫১৮ খ্রিস্টাব্দ ঘ. ১৪৯৮ - ১৫১৯ খ্রিস্টাব্দ উত্তর: খ

২১. বাংলার কোন সুলতানের শাসনামলকে স্বর্ণযুগ বলা হয়? [বিটিভির ক্যাশিয়ার: ২১]
ক. শামসুদ্দিন ইলিয়াস শাহ খ. নাসিরুদ্দিন মাহমুদ শাহ গ. আলাউদ্দিন হোসেন শাহ ঘ. গিয়াসউদ্দিন আজম শাহ উত্তর: গ

২২. বাংলাদেশের কোন স্বাধীন সুলতান 'জগৎ ভূষণ' ও 'নৃপতি তিলক' উপাধিতে ভূষিত হোন? [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]
ক. গিয়াসউদ্দিন আজম শাহ খ. আলাউদ্দিন হুসেন শাহ গ. ইলিয়াস শাহ ঘ. নুসরাত শাহ উত্তর: খ

২৩. শ্রী চৈতন্যের আবির্ভাব ঘটেছিল যে সুলতানের শাসনামলে - / রাজধানী গৌড় থেকে একডালায় স্থানান্তর করেন - [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৮-০৯]
ক. আলাউদ্দিন হুসেন শাহ খ. নাসিরউদ্দিন মাহমুদ শাহ গ. নুসরাত শাহ ঘ. গিয়াসউদ্দিন আজম শাহ উত্তর: ক

২৪. কোন সুলতানের সময়কালে গৌড়ের বড় সোনা মসজিদ নির্মিত হয়েছিল - [সহকারী উপজেলা বা থানা শিক্ষা কর্মকর্তা: ৯৮]
ক. আলাউদ্দিন হুসেন শাহ খ. নাসিরউদ্দিন মাহমুদ শাহ গ. গিয়াসউদ্দিন আজম শাহ ঘ. নুসরাত শাহ উত্তর: ঘ

২৫. নিচের কোনটি গৌড়ীয় বৈষ্ণব আন্দোলনের সঙ্গে সম্পর্কিত নয় - [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. এই আন্দোলন নদীয়ায় শুরু হয়েছিল খ. মীরাবাঈ এই আন্দোলনে যুক্ত ছিলেন
গ. শ্রী চৈতন্য ও শ্রীনিত্যানন্দ এর প্রবক্তা ছিলেন ঘ. বৃন্দাবন এই আন্দোলনের অন্যতম কেন্দ্র ছিল উত্তর: ঘ

CamScanner

২৬. **বাগেরহাটের 'মিঠাপুকুর' কে খনন করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. আলাউদ্দিন হুসেন শাহ খ. সুলতান নুসরাত শাহ গ. সম্রাট হুমায়ুন ঘ. সুজাউদ্দিন **উত্তর: খ**

২৭. **বাংলার শেষ স্বাধীন সুলতান কে ছিলেন?** [বিএফআইডিসি'র সহকারী ব্যবস্থাপক: ১৩]
ক. গিয়াসউদ্দিন আজম শাহ খ. গিয়াসউদ্দিন মাহমুদ শাহ গ. ইলিয়াস শাহ ঘ. নুসরাত শাহ **উত্তর: খ**

বাংলায় বিদেশি পরিব্রাজক

০১. **পরিব্রাজক কে?** [জাবি: ০৯-১০]
ক. পর্যটক খ. পরিদর্শক গ. পরিচালক ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

০২. **মেগাস্থিনিস ছিলেন একজন –** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারী: ০৩]
ক. শাসক খ. অর্থনীতিবিদ গ. জাদুকর ঘ. রাষ্ট্রদূত **উত্তর: ঘ**

০৩. **মেগাস্থিনিস কার রাজসভায় গ্রিক দূত ছিলেন?** [রবি: ১৬-১৭]
ক. চন্দ্রগুপ্ত মৌর্য খ. অশোক গ. ধর্মপাল ঘ. সমুদ্রগুপ্ত **উত্তর: ক**

০৪. **চন্দ্রগুপ্ত মৌর্যের সময়ে গ্রিসের রাষ্ট্রদূত কে ছিলেন?** [চবি: ১৫-১৬]
ক. ফা-হিয়েন খ. মেগাস্থিনিস গ. হিউয়েন সাং ঘ. সেলুকাস **উত্তর: খ**

০৫. **কোন গ্রন্থে মেগাস্থিনিস ভারতীয় উপমহাদেশ সম্পর্কে মূল্যবান তথ্য লিপিবদ্ধ করেন?** [জাবি: ১২-১৩]
ক. ইন্ডিয়া খ. ইন্ডিকা গ. ইন্ডিয়ানা ঘ. ইন্ডাস **উত্তর: খ**

০৬. **ফা-হিয়েন ছিলেন –** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. সম্রাট খ. সেনাপতি গ. পরিব্রাজক ঘ. মন্ত্রী **উত্তর: গ**

০৭. **বাংলার প্রথম চৈনিক পরিব্রাজক কে?** [জবি: ০৮-০৯]
ক. ই-সিং খ. ফা-হিয়েন গ. ইউয়েন সাং ঘ. জেন ডং **উত্তর: খ**

০৮. **চীনা পরিব্রাজকে ফা-হিয়েন কখন ভারতবর্ষে অবস্থান করেন?** [সহকারী থানা / উপজেলা শিক্ষা অফিসার: ৯৯]
ক. ২০১ - ২১০ খ্রিস্টাব্দ খ. ৪০১ - ৪১০ খ্রিস্টাব্দ গ. ৭০২ - ৭০৮ খ্রিস্টাব্দ ঘ. ৯০৫ - ৯১৪ খ্রিস্টাব্দ **উত্তর: খ**

০৯. **চীন দেশের কোন ভ্রমণকারী গুপ্তযুগে বাংলাদেশ আগমন করেন?** [৪৪তম বিসিএস]
ক. হিউয়েন সাং খ. ফা-হিয়েন গ. আইসিং ঘ. উপরের সবগুলোই **উত্তর: খ**

১০. **চৈনিক পরিব্রাজক ফা-হিয়েন কার শাসনামলে বাংলায় আসেন?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২১]
ক. দ্বিতীয় চন্দ্রগুপ্ত খ. আলাউদ্দীন হোসেন শাহ গ. প্রথম চন্দ্রগুপ্ত ঘ. হর্ষবর্ধন **উত্তর: ক**

১১. **হিউয়েন সাং কে ছিলেন?** [জাবি: ১৩- ১৪]
ক. মঙ্গোলীয় পরিব্রাজক খ. চীনা ব্যবসায়ী গ. মঙ্গোলীয় লেখক ঘ. চীনা পরিব্রাজক **উত্তর: ঘ**

১২. **সপ্তম শতকের পরিব্রাজক –** [শ্রম অধিদপ্তরের শ্রম অফিসার: ৯৬]
ক. ইবনে বতুতা খ. ফা-হিয়েন গ. হিউয়েন সাং ঘ. মাহুয়ান **উত্তর: গ**

১৩. **চীনা পরিব্রাজক হিউয়েন সাং কত সালে বাংলার আসেন?** [রাবি: ১৭- ১৮]
ক. ৫৩৪ সালে খ. ৬৩৮ সালে গ. ৫৫০ সালে ঘ. ৬৫৮ সালে **উত্তর: খ**

১৪. **হিউয়েন সাং বাংলায় বা ভারতবর্ষে এসেছিলেন যার আমলে –** [জাবি: ১৩-১৮]
ক. সম্রাট অশোক খ. চন্দ্রগুপ্ত মৌর্য গ. শশাঙ্ক ঘ. হর্ষবর্ধন **উত্তর: ঘ**

১৫. **হিউয়েন সাং বাংলার যে অঞ্চলে ভ্রমণ করেন –** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৯]
ক. কামরূপ খ. সমতট গ. তাম্রলিপ্তি ঘ. উপরের সবগুলো **উত্তর: ঘ**

১৬. **চীনা পরিব্রাজক হিউয়েন সাং এর দীক্ষাগুরু কে ছিলেন?** [৩৫তম বিসিএস]
ক. অতীশ দীপঙ্কর খ. শীলভদ্র গ. মাহুয়ান ঘ. মেগাস্থিনিস **উত্তর: খ**

১৭. **ইবনে বতুতা কোন দেশের পর্যটক?** [বিকেবি'র সিনিয়র অফিসার: ১২]
ক. ইতালি খ. তিব্বত গ. মরক্কো ঘ. গ্রিস **উত্তর: গ**

১৮. **কার রাজত্বকালে ইবনে বতুতা ভারতে এসেছিলেন?** [বিআরইবি'র হিসাবরক্ষক: ১৫]
ক. মুহম্মদ বিন কাসিম খ. মুহম্মদ বিন তুগলক গ. সম্রাট হুমায়ুন ঘ. সম্রাট আকবর **উত্তর: খ**

১৯. **ইবনে বতুতা কার শাসনামলে বাংলায় আসেন?** [জবি: ০৬-০৭]
ক. শামসউদ্দিন ফিরোজ শাহ খ. হাজী ইলিয়াস শাহ গ. হুসাইন শাহ ঘ. ফখরউদ্দিন মুবারক শাহ **উত্তর: ঘ**

২০. **ইবনে বতুতা বাংলায় কার সাথে সাক্ষাতের উদ্দেশ্যে এসেছিলেন?** [জাবি: ১২-১৩]
ক. হযরত শাহ মখদুম খ. হযরত শাহ পরাণ গ. হযরত শাহ জালাল ঘ. হযরত শাহ সুলতান **উত্তর: গ**

২১. **মধ্যযুগে কোন বিদেশি পরিব্রাজক প্রথম বাঙ্গালা শব্দ ব্যবহার করেন?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল অফিসার: ০৩]
ক. কলম্বাস খ. ইবনে বতুতা গ. কালিদাস ঘ. বখতিয়ার খলজি **উত্তর: খ**

২২. **ইবনে বতুতা কোন শতকে বাংলাদেশে আসেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. চতুর্দশ খ. সপ্তদশ গ. অষ্টাদশ ঘ. ত্রয়োদশ **উত্তর: ক**

CamScanner

২৩. চতুর্দশ শতকে কোন বিদেশি পর্যটক বাংলাদেশে আসেন? [বিআরইবি'র হিসাবরক্ষক: ১৫]
ক. মাহুয়ান খ. বার্নিয়ার গ. ইবনে বতুতা ঘ. মার্কো পোলো **উত্তর: গ**

২৪. বিখ্যাত পরিব্রাজক ইবনে বতুতা কত সালে বাংলাদেশ ভ্রমণ করেন? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]
ক. ৬০৫ সালে খ. ১১৪৫ সালে গ. ১৩৪৫ সালে ঘ. ১২৪৫ সালে **উত্তর: গ**

২৫. নিম্নের কোন পর্যটক সোনারগাঁও এসেছিলেন? [২৫তম বিসিএস]
ক. ফা-হিয়েন খ. ইবনে বতুতা গ. মার্কো পলো ঘ. হিউয়েন সাং **উত্তর: খ**

২৬. বিখ্যাত পর্যটক ইবনে বতুতা কত সালে সোনারগাঁ ভ্রমণ করেন? [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ১৬]
ক. ১৩৪২ খ. ১৩৪৪ গ. ১৩৪৫ ঘ. ১৩৪৭ **উত্তর: গ**

২৭. কে বাংলাকে 'দোযখপুর নিয়ামত' বলে অভিহিত করেন? [রাবি: ১০-১১]
ক. ইবনে বতুতা খ. কলন্দর শাহ গ. হিউয়েন সাং ঘ. মা-হুয়ান **উত্তর: ক**

২৮. কোন ব্যক্তি বাংলাদেশকে 'ধনসম্পদপূর্ণ নরক' বলে অভিহিত করেন? [৪র্থ বিজেএস]
ক. ফা-হিয়েন খ. ইবনে বতুতা গ. হিউয়েন সাং ঘ. ইবনে খলদুন **উত্তর: খ**

২৯. ইবনে বতুতার গ্রন্থের নাম – [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. ইন্ডিকা খ. অর্থশাস্ত্র গ. রেহেলা ঘ. তারিখ-ই-মুবারকশাহী **উত্তর: গ**

৩০. সফরনামা গ্রন্থের রচয়িতা – [রাবি: ১১-১২]
ক. মালিক কাফুর খ. খসরু খান গ. ইবনে বতুতা ঘ. সাদি খান **উত্তর: গ**

৩১. মা-হুয়ান কোন দেশি পর্যটক ছিলেন? [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. পারস্য খ. কোরিয়া গ. চীন ঘ. তাইওয়ান **উত্তর: গ**

৩২. চীনের পরিব্রাজক মা-হুয়ান সোনারগাঁও সফর করেন – [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ১৩৪৬ গ. ১৪০৬ গ. ১৪৮৬ ঘ. ১৫০৬ **উত্তর: খ**

মুঘল সাম্রাজ্য

০১. প্রথম পানিপথের যুদ্ধ কখন হয়? [মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের এমটিও: ১৩]
ক. ১৫৫৬ খ্রিস্টাব্দে খ. ১৬২১ খ্রিস্টাব্দে গ. ১৫২৬ খ্রিস্টাব্দে ঘ. ১৫৩৬ খ্রিস্টাব্দে **উত্তর: গ**
ব্যাখ্যা: ১৫২৬ খ্রিস্টাব্দে পানিপথের প্রথম যুদ্ধে জহিরউদ্দিন মুহম্মদ বাবর লোদী বংশের সর্বশেষ সুলতান ইব্রাহিম লোদীকে পরাজিত করেন। বাবরের জয়ের মধ্যে দিয়ে লোদী বংশের শাসন ও সুলতানি শাসনের অবসান ঘটে এবং মুঘল বংশের শাসন শুরু হয়। মুঘল সম্রাট ছিলেন যথাক্রমে বাবর, হুমায়ুন, আকবর, জাহাঙ্গীর, শাহজাহান, আওরঙ্গজেব, বাহাদুর শাহ বা প্রথম শাহ আলম, ফররুখ শিয়ার, মুহম্মদ শাহ, আহমদ শাহ, দ্বিতীয় শাহ আলম ও দ্বিতীয় বাহাদুর শাহ।

০২. কোন খ্রিষ্টাব্দে দিল্লির সুলতানি শাসনের অবসান হয়? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ১৫২৬ খ. ১৫২৪ গ. ১৫২৭ ঘ. ১৫২৩ **উত্তর: ক**

০৩. বাবর দিল্লির সিংহাসন অধিকার করেন – [নৌবাহিনীর ক্যাশিয়ার: ২৩]
ক. ১৫২২ সালে খ. ১৫২৮ সালে গ. ১৫২৮ সালে ঘ. ১৫২৬ সালে **উত্তর: ঘ**

০৪. ১৫২৬ খ্রিষ্টাব্দে পানিপথের প্রথম যুদ্ধে বাবর কাকে পরাজিত করেন? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. রানা প্রতাপ সিংহ খ. ইব্রাহিম লোদী গ. শিবাজি ঘ. বৈরাম খা **উত্তর: খ**

০৫. কোন যুদ্ধে ইব্রাহীম লোদী বাবরের কাছে পরাজিত হয়? [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিয়ার: ০৬]
ক. খানুয়ার যুদ্ধে খ. পানিপথের প্রথম যুদ্ধে গ. তরাইনের যুদ্ধে ঘ. পানিপথের দ্বিতীয় যুদ্ধে **উত্তর: খ**

০৬. ভারতের কোন যুদ্ধে প্রথম কামানের ব্যবহার হয়? [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৩-০৪]
ক. পলাশীর যুদ্ধে খ. চৌসারের যুদ্ধে গ. পানিপথের প্রথম যুদ্ধে ঘ. পানিপথের দ্বিতীয় যুদ্ধে **উত্তর: গ**

০৭. পানিপথ অবস্থিত – [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০১]
ক. মুলতানের অদূরে খ. পেশোয়ারের অদূরে গ. দিল্লির অদূরে ঘ. কাবুলের অদূরে **উত্তর: গ**

০৮. কোন নদীর তীরে পানিপথের যুদ্ধ হয়েছিল? [আককানইবি: ১৪-১৫]
ক. মেঘনা খ. গঙ্গা গ. যমুনা ঘ. সিন্ধু **উত্তর: গ**

০৯. কোন যুদ্ধের মাধ্যমে ভারতের মুঘল সাম্রাজ্যের পত্তন ঘটেছিল? [বেরোবি: ০৯-১০]
ক. পানিপথের প্রথম যুদ্ধ খ. পানিপথের দ্বিতীয় যুদ্ধ গ. দ্বিতীয় তরাইনের যুদ্ধ ঘ. পনিপথের তিতীয় যুদ্ধ **উত্তর: ক**

১০. ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে? [ডেসকোর অফিস সহকারী: ১৯]
ক. জাহাঙ্গীর খ. আকবর গ. বাবর ঘ. হুমায়ুন **উত্তর: গ**

১১. মুঘল সম্রাট বাবরের পুরো নাম কী? [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]
ক. তৈমুর লং খ. জহিরউদ্দীন মুহম্মদ বাবর গ. জালালউদ্দীন ঘ. সামসুদ্দীন **উত্তর: খ**

১২. বাবর শব্দের অর্থ কী? [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. বাবড়ী চুল খ. বাঘ গ. সিংহ ঘ. সাহসী **উত্তর: খ**

CamScanner

১৩. সম্রাট বাবরের পিতৃরাজ্যের নাম ছিল – [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. সমরখন্দ খ. কাশ্মীর গ. বোখারা ঘ. ফারগানা **উত্তর: ঘ**

১৪. মুঘল সম্রাটদের মধ্যে কে প্রথম আত্মজীবনী লিখেছিলেন? [৩৮তম বিসিএস]
ক. আকবর খ. বাবর গ. শাহজাহান ঘ. হুমায়ুন **উত্তর: খ**

১৫. 'তুযুক ই-বাবুর' গ্রন্থটি কোন ভাষায় রচিত? [টেলিযোগাযোগ অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৫]
ক. ফার্সি খ. তুর্কি গ. আরবি ঘ. উর্দু **উত্তর: খ**

১৬. বাবরি মসজিদ ভারতবর্ষের কোন শহরে অবস্থিত ছিল? [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০০]
ক. দিল্লি খ. বোম্বাই গ. অযোধ্যা ঘ. পাটনা **উত্তর: গ**

১৭. ঐতিহাসিক 'বাবরি মসজিদ' ভারতের কোন প্রদেশের অন্তর্ভুক্ত ছিল? / 'বাবরি মসজিদ' ভারতের কোন প্রদেশে অবস্থিত? [দুদকের উপ-সহকারী পরিচালক: ১০]
ক. অন্ধ্র খ. হরিয়ানা গ. রাজস্থান ঘ. উত্তর প্রদেশ **উত্তর: ঘ**

১৮. কোন তারিখে বাবরি মসজিদ ধ্বংস করা হয়? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ১৪ আগস্ট, ১৯৯০ খ. ১৭ নভেম্বর, ১৯৯১ গ. ৭ মার্চ, ১৯৯২ ঘ. ৬ ডিসেম্বর, ১৯৯২ **উত্তর: ঘ**

১৯. দ্বিতীয় মুঘল সম্রাট কে? / গ্রন্থাগারের সিঁড়ি থেকে পড়ে মৃত্যুবরণ করেন – [বেবিচকের উচ্চমান হিসাব সহকারী: ২৩]
ক. সম্রাট বাবর খ. সম্রাট হুমায়ুন গ. সম্রাট শাহজাহান ঘ. সম্রাট আওরঙ্গজেব **উত্তর: খ**

২০. কোন মুঘল সম্রাটের সময় সাম্রাজ্যের সর্বাপেক্ষা বেশি বিস্তার ঘটে? / সর্বশ্রেষ্ঠ মুঘল সম্রাট কে? [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৩-০৪]
ক. বাবর খ. আকবর গ. আওরঙ্গজেব ঘ. শাহজাহান **উত্তর: খ**

২১. আকবর দিল্লির সিংহাসনে বসার সময় তার বয়স ছিল – [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ০৫]
ক. ১৭ বছর খ. ১৬ বছর গ. ১৩ বছর ঘ. ১৪ বছর **উত্তর: গ**

২২. মুঘল সম্রাট আকবরের পিতামহ কে ছিলেন? [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. বাবর খ. হুমায়ুন গ. বৈরাম খাঁ ঘ. জাহাঙ্গীর **উত্তর: ক**

২৩. সম্রাট আকবরের সময়ে কোর্টের অফিসিয়াল ভাষা কী ছিল? [প্রিমিয়ার ব্যাংকের এমটিও: ১২]
ক. আরবি খ. ফারসি গ. উর্দু ঘ. তুর্কি **উত্তর: খ**

২৪. দেশের সরকারি কাজে ফারসি ভাষা চালু করেন কে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. হুসেন শাহ খ. সম্রাট জাহাঙ্গীর গ. রাজা টোডরমল ঘ. ইংরেজরা **উত্তর: গ**

২৫. 'দীন-ই-এলাহী' কী? [ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের অফিসার: ১২]
ক. মসজিদ খ. কুটির গ. দরবেশ ঘ. ধর্ম **উত্তর: ঘ**

২৬. 'দীন-ই-ইলাহী' প্রবর্তন করেন – [ইসলামী ব্যাংকের অফিসার: ১১]
ক. সম্রাট জাহাঙ্গীর খ. সম্রাট শাহজাহান গ. সম্রাট আকবর ঘ. সম্রাট আওরঙ্গজেব **উত্তর: গ**

২৭. আকবরের প্রচারিত ধর্মের অনুসারী ছিল – [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ১১ জন খ. ১৭ জন গ. ১৮ জন ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২৮. কোন মুঘল শাসকের আমলে 'ফাতেহপুর সিক্রি' দুর্গনগর নির্মিত হয়? [ঢাবি: ১৮-১১]
ক. শাহজাহান খ. হুমায়ুন গ. আকবর ঘ. জাহাঙ্গীর **উত্তর: গ**

২৯. সম্রাট আকবরের ভূমি ব্যবস্থাপনার কৃতিত্বের স্বাক্ষর রাখেন – [জবি: ১১-১২]
ক. আবদুল মজিদ খ. টোডরমল গ. শাহবাজ খান ঘ. আবদুর রহমান **উত্তর: খ**

৩০. টোডরমল কে? [জবি: ০৯-১০]
ক. আকবরের ধর্মমন্ত্রী খ. আকবরের অর্থমন্ত্রী গ. আকবরের সমরমন্ত্রী ঘ. আকবরের পরিকল্পনা মন্ত্রী **উত্তর: খ**

৩১. টোডরমলের নাম কোন সংস্কারের সঙ্গে জড়িত? [রাবি: ১১-১২]
ক. ধর্মীয় খ. সামরিক গ. রাজস্ব ঘ. সামাজিক **উত্তর: গ**

৩২. কোন মুঘল সম্রাট জিজিয়া কর রহিত করেন? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. হুমায়ুন খ. আকবর গ. শাহজাহান ঘ. আওরঙ্গজেব **উত্তর: খ**

৩৩. জিজিয়া ছিল – [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৮-০৯]
ক. উৎসব কর খ. বাণিজ্য কর গ. অমুসলমানদের উপর ধার্য ভূমি কর ঘ. অমুসলমানদের উপর ধার্য সামরিক কর **উত্তর: ঘ**

৩৪. বাংলার মুসলিম শাসনামলে 'আওয়াব' শব্দটি কোন ক্ষেত্রে ব্যবহৃত হতো? [ঢাবি: ১২-১৩]
ক. নদী খ. পানি গ. খাজনা ঘ. জমি **উত্তর: গ**

৩৫. তানসেন কোন সম্রাটের সভা গায়ক ছিলেন? [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৩-০৪]
ক. সম্রাট আকবর খ. সম্রাট জাহাঙ্গীর গ. সম্রাট শাহজাহান ঘ. সম্রাট আওরঙ্গজেব **উত্তর: ক**

৩৬. বুলবুল-ই-হিন্দ নামে পরিচিত তানসেনের অপর নাম কী – [বিবিএস'র ডাটা এন্ট্রি অপারেটর: ১২]
ক. হরিদাশ স্বামী খ. রামতনু পান্ডে গ. বিষ্ণু গোবিন্দ যোগ ঘ. হেমেন্দ্র লাল সেন **উত্তর: খ**

৩৭. কোন সালে পানিপথের দ্বিতীয় যুদ্ধ সংঘটিত হয়? [রাবি: ১১-১২]
ক. ১৫২৬ খ. ১৫২৫ গ. ১৫৫৬ ঘ. ১৭৬৩ **উত্তর: গ**

CamScanner

৩৮. পানিপথের দ্বিতীয় যুদ্ধ কার কার মধ্যে সংঘটিত হয়? [জাবি:১০-১১]
ক. বাবর ও ইব্রাহিম লোদী খ. হুমায়ুন ও শেরশাহ গ. আকবর ও হিমু ঘ. আকবর ও দাউদ খান উত্তর: গ

৩৯. কোন যুদ্ধে আকবর দিল্লি জয় করেন? [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. পানিপথের প্রথম যুদ্ধ খ. পানিপথের দ্বিতীয় যুদ্ধ গ. খনুয়ার যুদ্ধ ঘ. হলদিঘাটের যুদ্ধ উত্তর: খ

৪০. সম্রাট আকবরের সমাধি কোথায়? [চাবি: ১৮-১৯]
ক. সেকেন্দ্রা খ. আগ্রা গ. অমরকোট ঘ. ফতেহপুর সিকরী উত্তর: ক

৪১. সম্রাট জাহাঙ্গীরের স্ত্রী সম্রাজ্ঞী নূরজাহানের প্রকৃত নাম - [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. হামিদা বানু খ. মেহেরুন্নিসা গ. আরজুমান্দ বানু ঘ. জাহানারা উত্তর: খ

৪২. মুঘল সম্রাট জাহাঙ্গীরের সমাধি কোথায়? [জাবি: ১৬-১৭]
ক. দিল্লিতে খ. আগ্রাতে গ. লাহোরে ঘ. পাঞ্জাবে উত্তর: গ

৪৩. সম্রাট শাহজাহান মুঘল বংশের কততম শাসক? / খুররম মুঘল বংশের কততম শাসক? [চাবি: ০৫-০৬]
ক. তৃতীয় খ. চতুর্থ গ. পঞ্চম ঘ. ষষ্ঠ উত্তর: গ

৪৪. মুঘল শাসনামলের কোন ক্রমটি ঠিক আছে? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. বাবর - হুমায়ুন - জাহাঙ্গীর - আকবর খ. বাবর - জাহাঙ্গীর - হুমায়ুন - শাহজাহান
গ. বাবর - হুমায়ুন - আকবর - জাহাঙ্গীর ঘ. বাবর - আকবর - জাহাঙ্গীর - শাহজাহান উত্তর: গ

৪৫. ময়ূর সিংহাসনের নির্মাতা - [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১৩]
ক. আকবর খ. শাহজাহান / খুররম গ. হুমায়ুন ঘ. আওরঙ্গজেব উত্তর: খ

৪৬. আগ্রার দুর্গের নির্মাতা কে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. সম্রাট শাহজাহান খ. সম্রাট হুমায়ুন গ. সম্রাট আওরঙ্গজেব ঘ. সম্রাট জাহাঙ্গীর উত্তর: ক

৪৭. খাসমহল, শীশমহল, জেসমিন মহল কে নির্মাণ করেন? [বিএসসি'র অফিসার: ২৩]
ক. আকবর খ. জাহাঙ্গীর গ. শাহজাহান ঘ. আওরঙ্গজেব উত্তর: গ

৪৮. কোন মুঘল সম্রাটকে Prince of Builders বলা হয়? / কোন মুঘল সম্রাটকে 'প্রিন্স অব বিল্ডার্স' বলে অভিহিত করা হয়? [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৮]
ক. আকবর খ. জাহাঙ্গীর গ. শাহজাহান ঘ. আওরঙ্গজেব উত্তর: গ

৪৯. স্ত্রী মমতাজের স্মৃতি রক্ষার্থে 'তাজমহল' কে প্রতিষ্ঠা করেছেন? [জবি: ১২-১৩]
ক. আকবর খ. জাহাঙ্গীর গ. শাহজাহান ঘ. আওরঙ্গজেব উত্তর: গ

৫০. যে মহিলার সমাধির উপর তাজমহল নির্মিত - [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০০]
ক. নূরজাহান খ. ঘসেটি বেগম গ. মমতাজ ঘ. জেবুন্নেসা উত্তর: গ

৫১. তাজমহলের আর্কিটেক্ট কে ছিলেন? [আইসিবি'র অফিসার: ১১]
ক. মাস্টার ঈশা খ. লুইস খান গ. মৃণাল হক ঘ. স্টিফেন জনসন উত্তর: ক

৫২. তাজমহল কোন শতাব্দীতে তৈরি হয়েছিল? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. ষোড়শ খ. সপ্তদশ গ. অষ্টাদশ ঘ. উনবিংশ উত্তর: খ

৫৩. পৃথিবী বিখ্যাত তাজমহল কোন নদীর তীরে অবস্থিত? [বিএডিসি'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. পদ্মা খ. গঙ্গা গ. যমুনা ঘ. ভাগিরথী উত্তর: গ

৫৪. দিল্লীর লাল কেল্লা কে নির্মাণ করেন? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৬]
ক. সম্রাট শাহজাহান খ. সম্রাট হুমায়ুন গ. সম্রাট আওরঙ্গজেব ঘ. সম্রাট জাহাঙ্গীর উত্তর: ক

৫৫. লাল কেল্লা কোথায় অবস্থিত? [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩]
ক. দিল্লী, ভারত খ. লালবাগ, ঢাকা গ. শিলাইদহ, কুষ্টিয়া ঘ. কোনোটিই নয় উত্তর: ক

৫৬. শাহজাহানের কনিষ্ঠ পুত্র - [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. দারা খ. মুরাদ গ. সুজা ঘ. আওরঙ্গজেব উত্তর: খ

৫৭. শাহজাহানের কন্যা জাহান আরা কোন ভ্রাতাকে সমর্থন করেছিলেন? [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. দারা খ. আওরঙ্গজেব গ. মুরাদ ঘ. সুজা উত্তর: ক

৫৮. ভারতের যে সম্রাটকে আলমগীর বলা হতো - [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০০]
ক. শাহজাহান খ. বাবর গ. বাহাদুর শাহ ঘ. আওরঙ্গজেব উত্তর: ঘ

৫৯. কে বাদশাহ আলমগীরের ভাই ছিলেন না? [বিআইডব্লিউটিএ'র সহকারী কোষাধ্যক্ষ: ২৩]
ক. সুজা খ. মুরাদ গ. শেরশাহ ঘ. দারা উত্তর: গ

৬০. ফতোয়া-ই-আলমগীরী কোন মোঘল সম্রাট সম্পর্কীয়? [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী: ০৬]
ক. সম্রাট বাবর খ. সম্রাট আকবর গ. সম্রাট জাহাঙ্গীর ঘ. সম্রাট আওরঙ্গজেব উত্তর: ঘ

৬১. কার পৃষ্ঠপোষকতায় 'ফতোয়া-ই-আলমগীরী' রচিত হয়? [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. সম্রাট আকবর খ. আবুল ফজল গ. সম্রাট আওরঙ্গজেব ঘ. খাজা আব্দুস সামাদ উত্তর: গ

CamScanner

৬২. আলমগীরনগর কোথায় প্রতিষ্ঠিত হয়েছিল? [আবি: ১২-১৩]
ক.পাণ্ডুয়া খ. বিহার গ. লক্ষণাবতী ঘ. কুচবিহার উত্তর: ঘ

৬৩. মুঘল সম্রাটদের মধ্যে সর্বাধিক ধর্মপরায়ণ ও খোদাভীরু – [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. সম্রাট আকবর খ. সম্রাট শাহজাহান গ. সম্রাট আওরঙ্গজেব ঘ. সম্রাট হুমায়ুন উত্তর: গ

৬৪. কোন মুঘল সম্রাটকে জিন্দাপীর বলা হয়? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারী: ০৩]
ক. আকবর খ. শেরশাহ গ. শাহজাহান ঘ. আওরঙ্গজেব উত্তর: ঘ

৬৫. নাদির শাহ ভারত আক্রমণ করেন যে শাসকের সময় – [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. মুহম্মদ শাহ খ. বাহাদুর শাহ গ. ফররুখ শিয়ার ঘ. দ্বিতীয় আকবর উত্তর: ক

৬৬. কোন সালে নাদির শাহ ভারত আক্রমণ করেছিলেন? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৯]
ক. ১৭৬১ খ. ১৭৯৩ গ. ১৭৩৯ ঘ. ১৭৬০ উত্তর: গ

৬৭. যে বিদেশি রাজা ভারতের কোহিনুর মণি ও ময়ূর সিংহাসন লুট করেন – [বেবিচকের অ্যারোড্রোম কর্মকর্তা: ২১]
ক. আহমদ শাহ আবদালি খ. নাদির শাহ গ. দ্বিতীয় শাহ আব্বাস ঘ. সুলতান মাহমুদ উত্তর: খ

৬৮. পানিপথের তৃতীয় যুদ্ধ হয় – [বিআরডিবি'র মাঠ সংগঠক: ১৮]
ক. ১৫২৬ সালে খ. ১৫৫৬ সালে গ. ১৭৬১ সালে ঘ. ১৭৬৫ সালে উত্তর: গ

৬৯. তৃতীয় পানিপথের যুদ্ধে কে কাকে পরাজিত করে? [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার: ০১]
ক. বাবর ইব্রাহিম লোদীকে খ. আকবর হিমুকে গ. আকবর রানা প্রতাপকে ঘ. আহমদ শাহ আবদালি মারাঠাদের উত্তর: ঘ

৭০. মারাঠা শাসকের উপাধি ছিল – [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. রাজ্য খ. পেশোয়া গ. সম্রাট ঘ. বাদশাহ উত্তর: খ

৭১. শেষ মুঘল সম্রাটের নাম কী? / মুঘল সাম্রাজ্যের শেষ স্বাধীন সম্রাট কে ছিলেন? [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]
ক. আওরঙ্গজেব খ. দ্বিতীয় শাহ আলম গ. দ্বিতীয় আকবর ঘ. দ্বিতীয় বাহাদুর শাহ উত্তর: ঘ

৭২. দ্বিতীয় বাহাদুর শাহকে নির্বাসিত করা হয় – / শেষ মুঘল সম্রাট বাহাদুর শাহের কবর কোথায়? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. আগ্রা খ. আন্দামান গ. লাহোর ঘ. রেঙ্গুন / ইয়াঙ্গুন উত্তর: ঘ

৭৩. বাংলাদেশের বর্তমান ভৌগলিক এলাকা মুসলমান কর্তৃক শাসিত হয় – / বাংলাদেশের বর্তমান ভৌগলিক এলাকা কোন সময়কালে মুসলমান কর্তৃক শাসিত হয়? [আইএফআইসি ব্যাংকের অফিসার: ৯৭]
ক. খ্রিষ্টপূর্ব ১৪-১৮ শতক খ. খ্রিষ্টপূর্ব ১৫ শতক গ. মুঘল আমলে ঘ. খ্রিষ্টপূর্ব ১৪ শতকের আগে উত্তর: গ

৭৪. নিচের কোন ব্যক্তি মুঘল সম্রাট ছিলেন না? [বিআরইবি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. আকবর খ. বাহাদুর শাহ গ. ঈশা খা ঘ. বাবর উত্তর: গ

শুর ও বারো ভূঁইয়া শাসন

০১. শুর শাসনের সূত্রপাত করেন কে? / শুর শাসনের শ্রেষ্ঠ শাসক কে? [উপজেলা বা থানা একাডেমিক সুপারভাইজার: ০৬]
ক. বাবর খ. হুমায়ুন গ. শেরশাহ ঘ. আকবর উত্তর: গ
ব্যাখ্যা: ১৫৪০ সালের ১৭ মে আফগান জাতির শুর উপদলভুক্ত নেতা শের খান (তাঁর উপাধি ছিল শাহ) কনৌজের সন্নিকটে বিলগ্রাম নামক স্থানে মুঘল সম্রাট হুমায়ুনের সাথে যুদ্ধে লিপ্ত হোন। কনৌজের যুদ্ধে শেরশাহ বিজয়ী হোন এবং ভারতবর্ষে শুর শাসন প্রবর্তন করেন। শেরশাহের রাজত্বকাল ছিল মাত্র পাঁচ বছর।

০২. ভারত উপমহাদেশের ডাক ব্যবস্থার প্রবর্তক কে? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. শেরশাহ খ. সম্রাট আকবর গ. লর্ড ক্লাইভ ঘ. সম্রাট বাবর উত্তর: ক

০৩. ভারতবর্ষে বা বাংলাদেশে ঘোড়ার ডাকের প্রচলন করেন কে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. অশোক খ. শেরশাহ গ. আকবর ঘ. মুহম্মদ বিন তুগলক উত্তর: খ

০৪. গ্রান্ড ট্রাঙ্ক রোডের নির্মাতা – [ইসলামী ব্যাংকের সহকারী অফিসার: ০৫]
ক. বাবর খ. আকবর গ. শাহজাহান ঘ. শেরশাহ উত্তর: ঘ

০৫. বিখ্যাত গ্রান্ড ট্রাঙ্ক রোডটি বাংলাদেশের কোন অঞ্চল থেকে শুরু হয়েছে? [আইন মন্ত্রণালয়ের সহকারী সচিব: ০৫]
ক. কুমিল্লা জেলার দাউদকান্দি খ. ঢাকা জেলার বারিধারা খ. যশোর জেলার ঝিকরগাছা ঘ. নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উত্তর: ঘ

০৬. কবুলিয়ত ও পাট্টা প্রথার প্রবর্তক – [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ২৩]
ক. বাবর খ. হুমায়ুন গ. শেরশাহ ঘ. আকবর উত্তর: গ

০৭. শেরশাহ কিসের জন্য বিখ্যাত? [বিএইচবিএফসি'র অফিসার: ১৭]
ক. যুদ্ধ কৌশল খ. বাজার নিয়ন্ত্রণ গ. ভূমি রাজস্ব ব্যবস্থা ঘ. কোনোটিই নয় উত্তর: গ

০৮. শেরশাহ শূরের সমাধিসৌধ কোথায় অবস্থিত? [আবি: ১৬-১৭]
ক. জৌনপুর খ. সাসারাম গ. রোটাসগড় ঘ. লাহোর উত্তর: খ

০৯. বারো ভূঁইয়া কাদের বলা হতো? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ব্রিটিশ যুগের শক্তিশালী যোদ্ধাদের খ. বড় বড় স্বাধীন জমিদারদের
গ. মুঘল আমলের ১২ জন সেনাপতিকে ঘ. উপরে উল্লেখিত সকলকেই উত্তর: খ

CamScanner

ব্যাখ্যা: বাংলার যে সব বড় বড় স্বাধীন জমিদার মুঘল শাসনের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেন তাঁরা বারো ভূঁইয়া নামে পরিচিত ছিলেন। সম্রাট আকবরের সময় বারো ভূঁইয়ার অভ্যুত্থান ঘটে। সে সময় বারো ভূঁইয়াদের নেতা ছিলেন সোনারগাঁও এর জমিদার ঈসা খান। অন্যান্য উল্লেখযোগ্য বারো ভূঁইয়া হলেন যশোরের প্রতাপাদিত্য, ভাওয়ালের গাজী পরিবার, বিক্রমপুরের চাঁদ রায় ও কেদার রায়, ফতেহাবাদের মুরাদ খান, বুকাইনগরের খাজা ওসমান প্রমুখ। ঈসা খানের মৃত্যুর পর তাঁর পুত্র মুসা খান বারো ভূঁইয়াদের নেতা হোন।

১০. বারো ভূঁইয়া বলা হতো কোন আমলের জমিদারদের? [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২১]
ক. মুঘল আমলের খ. পাঠান আমলের গ. ব্রিটিশ আমলের ঘ. পাল আমলের উত্তর: ক

১১. বাংলাদেশে বারো ভূঁইয়ার অভ্যুত্থান ঘটে - [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩]
ক. বাবরের সময় খ. আওরঙ্গজেবের সময় গ. জাহাঙ্গীরের সময় ঘ. আকবরের সময় উত্তর: ঘ

১২. বাংলার যে সব জমিদার মুঘল শাসনের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেন তাঁরা পরিচিত ছিলেন - [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. বারো মন্ডল নামে খ. বারো কুতুব নামে গ. বারো ভূঁইয়া নামে ঘ. বারো পঞ্চায়েত নামে উত্তর: গ

১৩. প্রতাপ আদিত্য কে ছিলেন? [৩৯তম বিসিএস]
ক. রাজপুত রাজা খ. বাংলার শাসক গ. মুঘল সেনাপতি ঘ. বারো ভূঁইয়াদের একজন উত্তর: ঘ

১৪. নিচের কে বারো ভূঁইয়াদের একজন ছিলেন? [জনতা ব্যাংকের অফিসার: ০৯]
ক. ঈসা খাঁ খ. শায়েস্তা খান গ. মানসিংহ ঘ. ইসলাম খান উত্তর: ক

১৫. বাংলার রাজধানী হিসেবে সোনারগাঁয়ের পত্তন করেছিলেন কে? [এনএসআই'র সহকারী ফিল্ড স্টাফ: ২৩]
ক. শাহজাদা আজম খ. সুবাদার ইসলাম খান গ. সম্রাট আকবর ঘ. ঈসা খাঁ উত্তর: ঘ

১৬. ঈসা খাঁর রাজধানী কোথায় অবস্থিত? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. গৌড় খ. লক্ষণাবতী গ. মহস্থানগড় ঘ. সোনারগাঁও উত্তর: ঘ

১৭. বাংলার ভাটি অঞ্চলের শাসক ঈসা খাঁ এর জীবনকাল - [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১০]
ক. ১৫২৯ - ১৫৯৫ খ. ১৫২৯ - ১৫৯৬ গ. ১৫২৯ - ১৫৯৮ ঘ. ১৫২৯ - ১৫৯৯ উত্তর: ঘ

১৮. এগারসিন্ধুর গ্রাম নামকরণের কারণ হলো, পূর্বে সেখানে - [৭ম বিজেএস]
ক. এগারটি দূর্গ ছিল খ. এগারটি দীঘি ছিল
গ. এগারটি নদীর সংযোগস্থল ছিল ঘ. ঈসা খানের ১১ কক্ষ বিশিষ্ট দালান বাড়ি ছিল উত্তর: গ

বাংলায় সুবেদারি শাসন

০১. কোন মুঘল সম্রাট প্রথম বাংলা জয় করেন? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]
ক. বাবর খ. হুমায়ুন গ. আকবর ঘ. জাহাঙ্গীর উত্তর: খ

০২. কোন মুঘল সম্রাট বাংলাকে জান্নাতুম সুবাহ্ (স্বর্গীয় প্রদেশ) বলে আখ্যায়িত করেছিলেন? [রাকাব'র ক্যাশিয়ার: ১৪]
ক. বাবর খ. হুমায়ুন গ. আকবর ঘ. জাহাঙ্গীর উত্তর: খ

০৩. কোন মুঘল সম্রাট বাংলার নাম দেন 'জান্নাতাবাদ'? / কোন মুঘল সম্রাট গৌড়ের নাম দেন 'জান্নাতাবাদ'? [১০তম বিসিএস]
ক. বাবর খ. হুমায়ুন গ. আকবর ঘ. জাহাঙ্গীর উত্তর: খ

০৪. কোন মুঘল সম্রাট তার শাসনকালে বাংলায় স্থায়ী প্রতিষ্ঠা লাভে ব্যর্থ হয়েছিলেন? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৬]
ক. সম্রাট হুমায়ুন খ. সম্রাট আকবর গ. সম্রাট জাহাঙ্গীর ঘ. সম্রাট আওরঙ্গজেব উত্তর: ক

০৫. রাজমহলের যুদ্ধ কখন অনুষ্ঠিত হয়েছিল? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. ১৫৭৬ খ. ১৫৬০ গ. ১৫৫৬ ঘ. ১৫৫০ উত্তর: ক

০৬. সম্রাট আকবরের সময় ১৫৭৬ সালে নিম্নের কোন রাজ্য বিজিত হয়? [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. কাবুল খ. বাংলা গ. সিন্ধু ঘ. কাশ্মীর উত্তর: খ

০৭. কোন সনে সম্রাট আকবর বাংলার শাসনভার গ্রহণ করেন? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ০৫]
ক. ১৫৭৫ খ. ১৫৭২ গ. ১৫৫৬ ঘ. ১৫৭৬ উত্তর: ঘ

০৮. বাংলায় মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা - [উপজেলা বা থানা একাডেমিক সুপারভাইজার: ১৫]
ক. আকবর খ. বাবর গ. হুমায়ুন ঘ. কোনোটিই নয় উত্তর: ক
ব্যাখ্যা: মুঘল সম্রাট হুমায়ুন প্রথম বাংলা জয় করলেও বাংলায় মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা আকবর। কারণ মুঘল সম্রাট হুমায়ুন তাঁর শাসনকালে বাংলায় স্থায়ী প্রতিষ্ঠা লাভে ব্যর্থ হয়েছিলেন।

০৯. সুবা বাংলা শব্দটি প্রথম ব্যবহার করা হয় - [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ৯৫]
ক. সম্রাট জাহাঙ্গীরের সময়ে খ. সম্রাট শাহজাহানের সময়ে গ. সম্রাট হুমায়ুনের সময়ে ঘ. সম্রাট আকবরের সময়ে উত্তর: ঘ

১০. সুবা বাংলা - [মার্কেন্টাইল ব্যাংকের এমটিও: ১৫]
ক. বাংলা-বিহার-আসাম খ. বাংলা-বিহার-মুর্শিদাবাদ গ. বাংলা-বিহার-উড়িষ্যা ঘ. পূর্ববাংলা ও আসাম উত্তর: গ

১১. বাংলার প্রথম সুবাদার কে ছিলেন? [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. মীর জুমলা খ. ইসলাম খান গ. মানসিংহ ঘ. শায়েস্তা খান উত্তর: খ
ব্যাখ্যা: বাংলায় মুঘল শাসনের দুইটি ধাপ ছিল। যথা- সুবেদারি শাসন ও নবাবী শাসন। মুঘল সুবেদার ইসলাম খান বারো ভূঁইয়া নেতা মুসা খানকে পরাজিত করে বাংলায় বারো ভূঁইয়াদের শাসনের অবসান ঘটান এবং সুবেদারি শাসন প্রতিষ্ঠা করেন। ইসলাম খানের পর পর্যায়ক্রমে

CamScanner

সুবেদার হিসেবে দায়িত্ব পালন করেন ইসলাম খান চিশতি, ইব্রাহিম খান, দারার খান, মহব্বত খান, মুকাররম খান, ফিতাই খান, কাসিম খান জুয়িনি, শাহ সুজা, মীর জুমলা, শায়েস্তা খান ও মুর্শিদকুলী খান।

১২. ঢাকা শহরের গোড়াপত্তন হয় - [৪১তম বিসিএস]
ক. ব্রিটিশ আমলে খ. সুলতানি আমলে গ. মুঘল আমলে ঘ. স্বাধীন নবাবী আমলে **উত্তর: গ**

১৩. নগর হিসেবে প্রতিষ্ঠিত হবার পর ঢাকা বর্তমানে এর কততম শতাব্দী অতিক্রম করেছে? [বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. ২য় খ. ৩য় গ. ৪র্থ ঘ. ৫ম **উত্তর: ঘ**

১৪. মুঘল আমলে সুবা বাংলার রাজধানী - [রাকাব'র সুপারভাইজার: ১৪]
ক. সোনারগাঁও খ. মুর্শিদাবাদ গ. রাজমহল ঘ. জাহাঙ্গীরনগর **উত্তর: গ, ঘ**

১৫. কোন নগরী মুঘল আমলে সুবা বাংলার রাজধানী ছিল? [১৬তম বিসিএস]
ক. গৌড় খ. সোনারগাঁও গ. ঢাকা ঘ. হুগলী **উত্তর: গ**

১৬. ঢাকায় বাংলার রাজধানী স্থাপনের সময় মুঘল সুবাদার কে ছিলেন? [২৬তম বিসিএস]
ক. ইসলাম খান খ. ইব্রাহীম খান গ. শায়েস্তা খান ঘ. মীর জুমলা **উত্তর: ক**

১৭. কার সময় বাংলার রাজধানী ঢাকায় স্থাপন করা হয়? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৩]
ক. বখতিয়ার খলজি খ. মুর্শিদকুলী খাঁ গ. সম্রাট জাহাঙ্গীর ঘ. শেরশাহ **উত্তর: গ**

১৮. ঢাকার নাম জাহাঙ্গীরনগর রাখেন কে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. শায়েস্তা খান খ. সুবাদার ইসলাম খান গ. ইব্রাহিম খান ঘ. মীর জুমলা **উত্তর: খ**

১৯. মুঘল আমলে ঢাকার নাম কী ছিল? / ঢাকার প্রাচীন নাম কী ছিল? [গ্রামীণ ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. ইসলামাবাদ খ. পরীবাগ গ. জাহাঙ্গীরনগর ঘ. সোনারগাঁও **উত্তর: গ**

২০. ঢাকা শহর কোন সালে প্রতিষ্ঠিত হয়? / ঢাকা কখন সর্বপ্রথম বাংলার রাজধানী হয়েছিল? / ঢাকা কখন সুবা বাংলার রাজধানী হয়েছিল? / কত সালে ঢাকার নামকারণ জাহাঙ্গীরনগর করা হয়? / কত সালে জাহাঙ্গীরনগর নামে ঢাকা রাজধানীর মর্যাদা লাভ করে? [২৮তম বিসিএস]
ক. ১২৫৫ সালে খ. ১৬১০ সালে গ. ১৯০৫ সালে ঘ. ১৯৪৭ সালে **উত্তর: খ**

২১. ঢাকা শহর প্রতিষ্ঠা করেন - [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]
ক. ইসলাম খান খ. মীর জুমলা গ. শায়েস্তা খান ঘ. শাহ সুজা **উত্তর: ক**

২২. ঢাকার বোলাই খাল খনন করেন কে? [৩৬তম বিসিএস]
ক. পরিবিবি খ. ইসলাম খান গ. শায়েস্তা খান ঘ. ঈসা খান **উত্তর: খ**

২৩. 'বাংলার নৌকা বাইচ' উৎসবের সূচনা করেছিলেন কে? [মাউশি অধিদপ্তরের ক্যাশিয়ার: ২১]
ক. পরিবিবি খ. ইসলাম খান গ. শায়েস্তা খান ঘ. ঈসা খান **উত্তর: খ**

২৪. সম্রাট শাহজাহানের কোন পুত্র বাংলার শাসনকর্তা ছিলেন? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. দারা খ. শাহ সুজা গ. মুরাদ ঘ. আওরঙ্গজেব **উত্তর: খ**

২৫. কোন মুঘল সম্রাট ঢাকা পরিদর্শন করেন? [মার্কেন্টাইল ব্যাংকের অফিসার: ০৯]
ক. বাবর খ. আকবর গ. শাহজাহান ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

২৬. ঢাকা গেট কে নির্মাণ করেন? [বিআরইবি'র সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার: ২৩]
ক. শায়েস্তা খান খ. ইসলাম খান গ. মীর জুমলা ঘ. খিযির হায়াত খান **উত্তর: গ**

২৭. মীর জুমলার কামানটি কোন যুদ্ধে ব্যবহৃত হয়? [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. আসাম যুদ্ধে খ. পিলখানা যুদ্ধে গ. পলাশীর যুদ্ধে ঘ. রাজমহলের যুদ্ধে **উত্তর: ক**

২৮. ১৬৬০ সালে রাজমহল থেকে ঢাকায় রাজধানী স্থানান্তর করেন কে? [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের অফিসার: ২১]
ক. শায়েস্তা খান খ. ইসলাম খান গ. মীর জুমলা ঘ. খিযির হায়াত খান **উত্তর: গ**

২৯. শায়েস্তা খানের আমলে এক টাকায় চাউল পাওয়া যায় - [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক. ২ মণ খ. ৪ মণ গ. ৮ মণ ঘ. ১০ মণ **উত্তর: গ**

৩০. বাংলার শেষ সুবাদার কে ছিলেন? [দুদকের পরিদর্শক: ০৮]
ক. মীর জুমলা খ. ইসলাম খান গ. শাহ সুজা ঘ. মুর্শিদকুলী খান **উত্তর: ঘ**

বাংলায় নবাবী শাসন

০১. কোন সুবাদারের সময় থেকে বাংলায় নবাবী শাসন শুরু হয়? / বাংলায় স্বাধীন নবাবী আমলের সূচনা করেন - [রাবি: ১০-১১]
ক. ইসলাম খান খ. মুর্শিদকুলী খান গ. শায়েস্তা খান ঘ. আলীবর্দী খান **উত্তর: খ**

ব্যাখ্যা: বাংলায় মুঘল শাসনের দুইটি ধাপ ছিল। যথা- সুবেদারি শাসন ও নবাবী শাসন। মুঘল সম্রাট ফররুখ শিয়ারের সময় মুর্শিদকুলী খান বাংলার সুবাদার হিসেবে দায়িত্ব পান। তখনকার মুঘল সম্রাটগণ দূরবর্তী সুবাগুলোর দিকে তেমন নজর দিতে না পারায় এসব অঞ্চলের সুবাদারগণ স্বাধীনভাবে নিজেদের অঞ্চল শাসন করতে থাকেন। এই পথ ধরেই বাংলায় স্বাধীন নবাবী শাসন শুরু হয়। মুর্শিদকুলী খানই বাংলায় প্রথম স্বাধীন নবাব ছিলেন। মুর্শিদকুলী খানের পর যথাক্রমে নবাব সুজাউদ্দিন খান, নবাব সরফরাজ খান, নবাব আলীবর্দী খান ও আলীবর্দী খানের দৌহিত্র নবাব সিরাজ-উদ-দৌলা বাংলা শাসন করেন।

CamScanner

০২. বাংলাদেশের প্রথম স্বাধীন নবাব কে? / বাংলায় স্বাধীন রাজবংশ প্রতিষ্ঠা করেন কে? [৪৪তম বিসিএস]
ক. নবাব সিরাজউদ্দৌলা খ. মুর্শিদকুলী খান গ. ইলিয়াস শাহ ঘ. আলাউদ্দিন হুসেন শাহ **উত্তর: খ**

০৩. কোন মুঘল সুবাদার বাংলার রাজধানী ঢাকা হইতে মুর্শিদাবাদে স্থানান্তর করেন? [১৫তম বিসিএস]
ক. ইসলাম খান খ. শায়েস্তা খান গ. মুর্শিদকুলী খান ঘ. আলীবর্দী খান **উত্তর: গ**

০৪. বাংলার প্রথম রাজস্ব সংস্কার করেন কে? / বাংলার রাজস্ব ব্যবস্থা পুনর্গঠন করেন - [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জুনিয়র শিক্ষক: ২১]
ক. মুর্শিদকুলী খান খ. শায়েস্তা খান গ. কাসিম খান ঘ. আলীবর্দী খান **উত্তর: ক**

০৫. নবাব সুজাউদ্দিন খানের বাংলার শাসনকাল - [জাবি: ১৬-১৭]
ক. ১৭২৭ - ১৭৩৯ খ. ১৭৮২ - ১৭৫৫ গ. ১৭৩৯ - ১৭৪৩ ঘ. ১৭৮৯ - ১৭৫৬ **উত্তর: ক**

০৬. নবাব সরফরাজ খানের বাংলার শাসনকাল - [বিবিএস'র কম্পিউটার অপারেটর: ২১]
ক. ১৭২৭ - ১৭৩৯ খ. ১৭৩৯ - ১৭৪০ গ. ১৭৩০ - ১৭৮০ ঘ. ১৭১৭ - ১৭২৭ **উত্তর: খ**

০৭. ১৭৪০ - ১৭৫৬ পর্যন্ত বাংলা, বিহার ও উড়িষ্যার নবাব ছিলেন কে? [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. সিরাজউদ্দৌলা খ. আলিবর্দী খাঁ গ. মীর জাফর ঘ. মীর কাসিম **উত্তর: খ**

০৮. মুসলমান শাসনামলে এদেশে এসে অত্যাচার ও লুট করেছে কারা? [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১০]
ক. জলদস্যুরা খ. পর্তুগিজরা গ. বর্গীরা ঘ. ইংরেজরা **উত্তর: গ**

০৯. কাদের লুণ্ঠনপ্রিয় বর্গী বলা হতো? [পিকেবি'র অফিসার (ক্যাশ): ২১]
ক. মারাঠি সৈন্যদলকে খ. মুগল সৈন্যদলকে গ. বার্মার সৈন্যদলকে ঘ. ইংরেজ সৈন্যদলকে **উত্তর: ক**

১০. কত সালে নবাব সিরাজ-উদ-দৌলা বাংলার সিংহাসনে বসেন? [পুবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৬]
ক. ১৭৫৬ খ. ১৮৫৬ গ. ১৭৫৭ ঘ. ১৮৫৭ **উত্তর: ক**

১১. নবাব সিরাজউদ্দৌলা কত বছর বয়সে বাংলার নবাব হোন? [পানি উন্নয়ন বোর্ডের সহকারী প্রকৌশলী: ২২]
ক. ২০ বছর খ. ২১ বছর গ. ২২ বছর ঘ. ২৩ বছর **উত্তর: গ**

১২. নবাব সিরাজউদ্দৌলার প্রকৃত নাম কী ছিল? [নিপোর্টের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. মির্জা মোহাম্মদ খ. মির্জা আলম গ. মির্জা খলিল ঘ. মির্জা আজম **উত্তর: ক**

১৩. নবাব সিরাজ-উদ-দৌলার পিতার নাম কী? [মাউশি অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. জয়েন উদ্দিন খ. আলীবর্দী খাঁ গ. শওকত জং ঘ. হায়দার আলী **উত্তর: ক**

১৪. অন্ধকূপ হত্যা কাহিনী কার তৈরি? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ১০]
ক. হলওয়েল খ. মীর জাফর গ. ক্লাইভ ঘ. কর্নওয়ালিস **উত্তর: ক**

১৫. কোনটি ভারতের ইতিহাসে নতুন যুগের সূচনা করে? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০০]
ক. পলাশীর যুদ্ধ খ. পানিপথের যুদ্ধ গ. বক্সারের যুদ্ধ ঘ. ১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহ **উত্তর: ক**

১৬. ১৭৫৭ সালে কী সংঘটিত হয়েছিল? [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর: ০৪]
ক. ফরাসী বিপ্লব খ. সিপাহি বিদ্রোহ গ. পলাশীর যুদ্ধ ঘ. পানিপথের যুদ্ধ **উত্তর: গ**

১৭. পলাশীর যুদ্ধ কখন হয়েছিল? [৩৯তম বিসিএস]
ক. ২৩ জুন, ১৭৫৭ খ. ২৫ জুলাই, ১৭৫৭ গ. ১৫ আগস্ট, ১৮৫৮ ঘ. ২৫ আগস্ট, ১৮৫৮ **উত্তর: ক**

১৮. কোন নদীর তীরে পলাশীর যুদ্ধ সংঘটিত হয়? [জেলা প্রশাসকের কার্যালয়ের ইউনিয়ন পরিষদ সচিব: ২৩]
ক. হুগলী খ. গঙ্গা গ. দামোদর ঘ. ভাগীরথী **উত্তর: ঘ**

১৯. সিরাজউদ্দৌলা কোন যুদ্ধে পরাজিত হোন? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০০]
ক. উদয়নালা খ. বক্সার গ. গিরিয়া ঘ. পলাশী **উত্তর: ঘ**

২০. পলাশীর যুদ্ধে মারা যান - [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. মীরমদন খ. ইয়ার লতিফ গ. মোহনলাল ঘ. রাজবল্লভ **উত্তর: ক**

২১. বাংলার শেষ স্বাধীন নবাব কে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. নবাব আলিবর্দী খাঁ খ. আলাউদ্দিন হুসেন শাহ গ. নবাব সিরাজউদ্দৌলা ঘ. ফকির মজনু শাহ **উত্তর: গ**
ব্যাখ্যা: নবাব সিরাজ-উদ-দৌলা ছিলেন বাংলার শেষ স্বাধীন নবাব। কারণ ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে নবাব নবাব সিরাজ-উদ-দৌলার পরাজয়ের পর ইংরেজ গভর্নর রবার্ট ক্লাইভ মীর জাফর আলীকে বাংলার মসনদে বসান। ইষ্ট ইন্ডিয়া কোম্পানির দাবি পূরণে ব্যর্থ হওয়ায় মীর জাফরকে সরিয়ে তারই জামাতা মীর কাসিমকে ১৭৬০ সালে বাংলার মসনদে বসানো হয়। মীর কাসিম নবাব হয়ে জনগণের কল্যাণ ও স্বাধীনতা প্রতিষ্ঠায় সোচ্চার ছিলেন। ১৭৬৪ সালের ২২ অক্টোবর মীর কাসিম বিহারের বক্সারে সম্মিলিত বাহিনী যুদ্ধে ইংরেজদের কাছে পরাজিত হোন। ফলে ইংরেজরা দেওয়ানি লাভ করে।

২২. নবাব মীর কাসিমের বাংলার শাসনকাল - [শ্রম পরিদপ্তরের শ্রম অফিসার: ০৬]
ক. ১৭৬০ - ১৭৬৪ খ. ১৭৬৭ - ১৭৭১ গ. ১৭৬৩ - ১৭৬৯ ঘ. ১৭৫৭ - ১৭৬৭ **উত্তর: ক**

২৩. মুঙ্গেরে বাংলার রাজধানী স্থানান্তর করেন - [ডাক বিভাগের হিসাবরক্ষক: ২৩]
ক. নবাব আলীবর্দী খান খ. নবাব সরফরাজ খান গ. নবাব মীর জাফর ঘ. নবাব মীর কাসিম **উত্তর: ঘ**

CamScanner

২৪. বক্সারের যুদ্ধ কত সালে সংঘটিত হয়? [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. ১৬৬০ খ. ১৭০৭ গ. ১৭৫৭ ঘ. ১৭৬৪ **উত্তর: ঘ**

২৫. বক্সারের যুদ্ধের ফলে – [শ্রম অধিদপ্তরের শ্রম অফিসার: ৯৪]
ক. ইংরেজরা বিতাড়িত হয় খ. সিরাজের পতন ঘটে গ. ইংরেজরা ক্ষমতা লাভ করে ঘ. ইংরেজরা দেওয়ানি লাভ করে **উত্তর: ঘ**

৯. উপমহাদেশে ইউরোপীয়দের আগমন

০১. কত সালে পর্তুগিজ নাবিক বার্থোলোমিউ দিয়াজ ইউরোপ হতে আফ্রিকার উত্তমাশা অন্তরীপ হয়ে সমুদ্রপথে পূর্বদিকে আসার জলপথ আবিষ্কার করেন? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ১৪৮৭ খ. ১৪৯০ গ. ১৪৯৮ ঘ. ১৫০২ **উত্তর: ক**

০২. কারা সর্বপ্রথম ভারতে আসার সমুদ্রপথ আবিষ্কার করেন? [এনসিসি ব্যাংকের অফিসার: ০২]
ক. পর্তুগিজরা খ. ব্রিটিশরা গ. ওলন্দাজরা ঘ. ফরাসিরা **উত্তর: ক**

০৩. ইউরোপ থেকে ভারতে আসার জলপথ আবিষ্কার করেন কে? / কোন ইউরোপীয় ভারতে আসার জলপথ আবিষ্কার করেন? [ইসলামী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২২]
ক. ফার্ডন্যান্ড ম্যাগেলান খ. ভাস্কো-দা-গামা গ. কলম্বাস ঘ. ফ্রান্সিস ড্রেক **উত্তর: খ**

০৪. ভাস্কো-দা-গামা ছিলেন? [পল্লী উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ২১]
ক. পর্তুগিজ খ. ফরাসি গ. ওলন্দাজ ঘ. ব্রিটিশ **উত্তর: ক**

০৫. কোন সালে ইউরোপ হতে ভারতে আসার জলপথ আবিষ্কৃত হয়? / ইউরোপ হতে ভারতে আসার জলপথ আবিষ্কৃত হয় – [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ১৪৯৮ সালে খ. ১৪৯২ সালে গ. ১৫১৭ সালে ঘ. ১৬৪৮ সালে **উত্তর: ক**

০৬. কত সালে পর্তুগিজ নাবিক ভাস্কো-দা-গামা ভারত পৌঁছেন? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৬]
ক. ১৪৫৩ খ. ১৪৭৬ গ. ১৪৯২ ঘ. ১৪৯৮ **উত্তর: ঘ**

০৭. ভাস্কো-দা-গামা ভারতে প্রথম অবতরণ করেন – [সোনালী ব্যাংকের অফিসার: ১০]
ক. কোচিন বন্দরে খ. চট্টগ্রাম বন্দরে গ. গোয়া বন্দরে ঘ. কালিকট বন্দরে **উত্তর: ঘ**

০৮. কোন ইউরোপীয় জাতি সর্বপ্রথম ভারতবর্ষে আসে? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. ডাচ খ. ইংরেজ গ. ফ্রেঞ্চ ঘ. পর্তুগিজ **উত্তর: ঘ**

ব্যাখ্যা: ১৪৯৮ সালে ভাস্কো-দা-গামার ইউরোপ হতে ভারতে আসার জলপথ আবিষ্কারের ধারাবাহিকতায় ১৫১৬ সালে ইউরোপীয়দের মধ্যে পর্তুগিজরা প্রথম ভারতের পশ্চিমবঙ্গের হুগলিতে তথা বাংলায় আসে। ১৫১৮ সালে তাঁরা চট্টগ্রাম আসে এবং বাণিজ্য করার অনুমতি পায়। ১৬০২ সালে হল্যান্ডের বা নেদারল্যান্ডের অধিবাসী ডাচ বা ওলন্দাজরা উপমহাদেশে আসে। ১৬২০ সালে ডেনমার্কের অধিবাসী ডেনিশ বা দিনেমাররা দক্ষিণ ভারতের ত্রিবাঙ্কুরে আসে এবং ১৬৭৬ সালে বাংলার শ্রীরামপুরে বাণিজ্য কুঠি স্থাপন করে। ১৬৫৮ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানির প্রতিনিধি হিসেবে জেমস হার্টের ঢাকায় প্রবেশ করার মধ্যে দিয়ে বাংলাদেশে ইংরেজদের আগমণ শুরু হয়। ইউরোপীয়দের মধ্যে ফ্রান্সের ফরাসিরা সর্বশেষ (১৬৬৮ সালে) ভারতীয় উপমহাদেশ তথা বাংলায় আসে।

০৯. ভারতে পর্তুগিজ শক্তির প্রকৃত প্রতিষ্ঠাতা – [জাবি: ১৬-১৭]
ক. আল বুকার্ক খ. ভাস্কো-দা-গামা গ. বার্থোলোমিউ দিয়াজ ঘ. ফ্রান্সিসকো-ডি-আলসিডা **উত্তর: ক**

১০. ইউরোপীয় বণিকদের মধ্যে কারা প্রথমে বাংলায় এসেছিলেন? [৪০তম বিসিএস]
ক. ইংরেজরা খ. ওলন্দাজরা গ. ফরাসিরা ঘ. পর্তুগিজরা **উত্তর: ঘ**

১১. পর্তুগিজরা কত খ্রিষ্টাব্দে প্রথম চট্টগ্রাম আসে এবং বাণিজ্য করার অনুমতি পায়? [বেসিক ব্যাংকের সহকারী ব্যবস্থাপক: ১২]
ক. ১৪৯৮ খ. ১৫৩৪ গ. ১৬৫০ ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

১২. ফিরিঙ্গি কাদের বলা হয়? [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ১৩]
ক. ফরাসিদের খ. মগদের গ. পর্তুগিজদের ঘ. দিনেমারদের **উত্তর: গ**

১৩. পর্তুগিজরা চট্টগ্রাম বন্দরের নাম দিয়েছিল – [সাধারণ বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ০৯]
ক. পোর্টো গ্রান্ডে খ. সোদকাওয়ান গ. সমন্দর ঘ. চাটিগাঁ **উত্তর: ক**

১৪. কোন সম্রাটের আমলে পর্তুগিজদের হুগলি থেকে উচ্ছেদ করা হয়? [জাবি: ০৯-১০]
ক. আকবর খ. শাহজাহান গ. বাবর ঘ. জাহাঙ্গীর **উত্তর: খ**

১৫. দিল্লির কোন সম্রাট বাংলা থেকে পর্তুগিজদের বিতাড়িত করেন? [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৬]
ক. শেরশাহ খ. আকবর গ. জাহাঙ্গীর ঘ. আরওঙ্গজেব **উত্তর: ক**

১৬. বাংলার দক্ষিণ অঞ্চলের মানুষকে পর্তুগিজ ও মগ জলদস্যুদের অত্যাচার থেকে রক্ষা করেন কে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৮]
ক. মুর্শিদকুলি খান খ. ইসলাম খান গ. শায়েস্তা খান ঘ. ঈশা খান **উত্তর: গ**

১৭. কার শাসনামলে চট্টগ্রাম প্রথমবারের মতো পূর্ণভাবে বাংলার সাথে যুক্ত হয়? [রাকাব'র ক্যাশিয়ার: ১৪]
ক. শায়েস্তা খান খ. রাজা মানসিংহ গ. মীর জুমলা ঘ. ইসলাম খান **উত্তর: ক**

১৮. কোন মুঘল সম্রাট চট্টগ্রাম দখল করে এর নাম রাখেন ইসলামাবাদ? [২৪তম বিসিএস]
ক. ইসলাম খান খ. রাজা মানসিংহ গ. মীর জুমলা ঘ. শায়েস্তা খান **উত্তর: ঘ**

CamScanner

১৯. ইসলামাবাদ কোন জেলার পূর্বনাম? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. ময়মনসিংহ খ. নোয়াখালী গ. চট্টগ্রাম ঘ. সিলেট উত্তর: গ

২০. কোন মুঘল সুবেদার পর্তুগিজদের চট্টগ্রাম থেকে বিতাড়িত করেন? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কাসিম খান খ. ইসলাম খান গ. মীর জুমলা ঘ. শায়েস্তা খান উত্তর: ঘ

২১. ওলন্দাজরা কখন ভারতে আসেন? [দুদকের উপ-সহকারী পরিদর্শক: ০৮]
ক. ১৬০২ সালে খ. ১৫০২ সালে গ. ১৬০৫ সালে ঘ. ১৫৮০ সালে উত্তর: ক

২২. ওলন্দাজরা কোন দেশের নাগরিক? [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ০৯]
ক. হল্যান্ড খ. ফ্রান্স গ. পর্তুগাল ঘ. ডেনমার্ক উত্তর: ক

২৩. ইউনাইটেড ইষ্ট ইন্ডিয়া কোম্পানি গঠন করে - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. হল্যান্ড খ. স্পেন গ. ব্রিটেন ঘ. ফ্রান্স উত্তর: ক

২৪. কোন দেশের অধিবাসীরা ডাচ নামে পরিচিত? [জাতীয় সংসদ সচিবালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২৩]
গ. নেদারল্যান্ড ঘ. হাঙ্গেরি গ. পর্তুগাল ঘ. স্পেন উত্তর: ক

২৫. ডাচ ইষ্ট ইন্ডিয়া কোম্পানি গঠন করে - [নৌবাহিনীর ক্যাশিয়ার: ২৩]
ক. হল্যান্ড খ. স্পেন গ. ফ্রান্স ঘ. কোনোটিই নয় উত্তর: ক

২৬. ইউরোপের কোন দেশের অধিবাসীদের দিনেমার বলা হয়? [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. স্পেন খ. নেদারল্যান্ড গ. পর্তুগাল ঘ. ডেনমার্ক উত্তর: ঘ

২৭. কত খ্রিষ্টাব্দে ইংল্যান্ডে দি ব্রিটিশ ইষ্ট ইন্ডিয়া কোম্পানি স্থাপিত হয়? [ডাবি: ১২-১৩]
ক. ১৬০৮ সালে খ. ১৭৫৭ সালে গ. ১৬০০ সালে ঘ. ১৬৫২ সালে উত্তর: গ

২৮. ইষ্ট-ইন্ডিয়া কোম্পানি নামক বণিক সংঘে কত জন সদস্য নিয়ে গঠিত হয়? [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১০]
ক. ৩২০ জন খ. ৮২০ জন গ. ২১৮ জন ঘ. ২৮১ জন উত্তর: গ

২৯. কোন ইংরেজ ইংল্যান্ডের রাজা প্রথম জেমসের চিঠি নিয়ে সর্বপ্রথম সম্রাট জাহাঙ্গীরের দরবারে আসেন? [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ক্যাপ্টেন হকিন্স খ. এডওয়ার্ডস গ. উইলিয়াম কবি ঘ. স্যার টমাস রো উত্তর: ক

৩০. সম্রাট জাহাঙ্গীরের দরবারের প্রথম ইংরেজ দূত - [বেবিচকের ইন্সপেক্টর: ২১]
ক. ক্যাপ্টেন হাকিন্স খ. এডওয়ার্ডন গ. স্যার টমাস রো ঘ. উইলিয়াম কেরি উত্তর: গ

৩১. কোন সম্রাট সর্বপ্রথম ইষ্ট ইন্ডিয়া কোম্পানিকে সুরাটে বাণিজ্য কুঠি স্থাপনের অনুমতি দেন? [জাবি: ০৯-১০]
ক. আকবর খ. শাহবাজ খান গ. মুর্শিদকুলি খান ঘ. জাহাঙ্গীর উত্তর: ঘ

৩২. ইংরেজরা বাংলাদেশে আগমন করে - [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. ১৫৯৯ খ. ১৭৫৭ গ. ১৬৫৮ ঘ. ১৬০০ উত্তর: গ

৩৩. ইংরেজ বণিকগণ সরাসরিভাবে বঙ্গদেশে বাণিজ্য কেন্দ্র স্থাপন করেন -[খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ৯৬]
ক. আকবরের আমলে খ. জাহাঙ্গীরের আমলে গ. শাহজাহানের আমলে ঘ. আলমগীরের আমলে উত্তর: গ

৩৪. কোন সম্রাট ইংরেজদের বঙ্গদেশে কুঠির নির্মাণের অনুমতি দেয়? [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. সম্রাট জাহাঙ্গীর খ. সম্রাট শাহজাহান গ. সম্রাট আওরঙ্গজেব ঘ. সম্রাট ফররুখ শিয়র উত্তর: খ

৩৫. ইংরেজরা কাশিম বাজারে কুঠি স্থাপন করে - [তিতাস গ্যাসের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. ১৫৫১ সালে খ. ১৬৪৮ সালে গ. ১৬৫১ সালে ঘ. ১৬৫৮ সালে উত্তর: ঘ

৩৬. ইষ্ট ইন্ডিয়া কোম্পানির শাসন কেন্দ্র ছিল - [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০৪]
ক. কলকাতা খ. দিল্লি গ. পাঞ্জাব ঘ. ঢাকা উত্তর: ক

৩৭. কলকাতা নগরীর প্রতিষ্ঠাতা কে? [বিআরইবি'র হিসাবরক্ষক: ১৫]
ক. ক্লাইভ খ. ডালহৌসি গ. ওয়েলেসলি ঘ. জব চার্নক উত্তর: ঘ

৩৮. কলকাতা কোন নদীর তীরে অবস্থিত? [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক: ০৪]
ক. গঙ্গা খ. যমুনা গ. হুগলি ঘ. মহানদী উত্তর: গ

৩৯. কোন দেশের বাণিজ্যিক কোম্পানি ফোর্ট উইলিয়াম দুর্গ নির্মাণ করে? [বিআরইবি'র হিসাবরক্ষক: ১৫]
ক. ইংল্যান্ড খ. ফ্রান্স গ. হল্যান্ড ঘ. ডেনমার্ক উত্তর: ক

৪০. ফোর্ট উইলিয়াম দুর্গ কোথায় অবস্থিত ছিল? [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ১৬]
ক. ঢাকা খ. মুর্শিদাবাদ গ. কলকাতা খ. আগ্রা উত্তর: গ

৪১. ইউরোপীয়দের মধ্যে সবশেষে ভারতে এসেছিল - / বাংলায় ইউরোপীয়দের মধ্যে সর্বশেষ আগমন করে - [জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ফরাসিরা খ. ইংরেজরা গ. ডেনিসরা ঘ. ডাচরা উত্তর: ক

৪২. চন্দননগর বা পশ্চিমবঙ্গ একসময় কার উপনিবেশ ছিল? [গণপূর্ত অধিদপ্তরের হিসাব সহকারী: ১৬]
ক. হল্যান্ড খ. ফ্রান্স গ. ইংল্যান্ড ঘ. পর্তুগাল উত্তর: খ

CamScanner

উপমহাদেশে ইংরেজ শাসন

০১. ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি কখন বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি লাভ করেন? [২৪ তম বিসিএস]
ক. ১৬৯০ খ. ১৭৬৫ গ. ১৭৯৩ ঘ. ১৮২৯ **উত্তর: খ**
ব্যাখ্যা: বক্সারের যুদ্ধের পর ১৭৬৫ সালে লর্ড ক্লাইভ ও সম্রাট দ্বিতীয় শাহ আলমের মধ্যে স্বাক্ষরিত এলাহাবাদ চুক্তির মাধ্যমে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি শাসন তথা রাজস্ব আদায়ের ক্ষমতা লাভ করেন।

০২. কোম্পানি দেওয়ানি লাভ করে - [বিআরইবি'র মিটার টেস্টার: ২৩]
ক. মুর্শিদাবাদ চুক্তিতে খ. এলাহাবাদ চুক্তিতে গ. মুঙ্গের চুক্তিতে ঘ. কলকাতা চুক্তিতে **উত্তর: খ**

০৩. ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি প্রদান করেন - [ঢাবি: ১৮-১৯]
ক. শাহ সুজা খ. মীর জাফর গ. ফররুখ শিয়ার ঘ. দ্বিতীয় শাহ আলম **উত্তর: ঘ**

০৪. বাংলার প্রথম গভর্নর কে? [শ্রম অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৯]
ক. লর্ড কর্নওয়ালিস খ. ওয়ারেন হেস্টিংস গ. নবাব মীর কাশেম ঘ. লর্ড ক্লাইভ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: বাংলার প্রথম গভর্নর ছিলেন লর্ড ক্লাইভ। এরপর হেনরি ভ্যান্সিটার্ট, হ্যারি ভেরেলেস্ট ও জন কার্টিয়ার গভর্নর হিসেবে দায়িত্ব পালন করেন। বাংলার শেষ গভর্নর ছিলেন ওয়ারেন হেস্টিংস।

০৫. বাংলাদেশে দ্বৈত শাসন কে প্রবর্তন করেন? [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২৩]
ক. লর্ড কর্নওয়ালিস খ. লর্ড ক্লাইভ গ. নবাব মীর কাশেম ঘ. ওয়ারেন হেস্টিংস **উত্তর: খ**

০৬. কত সালে দ্বৈত শাসন ব্যবস্থা চালু হয়? [ক্রীড়া পরিদপ্তরের অফিসা সহকারী: ১৯]
ক. ১৭৫৮ সালে খ. ১৭৬৫ সালে গ. ১৮৬২ সালে ঘ. ১৮৫৮ সালে **উত্তর: খ**

০৭. বাংলা কোন সনে ছিয়াত্তরের মন্বন্তর হয়েছিল? [৩৬তম বিসিএস]
ক. ১০৭৬ সনে খ. ১৩৭৬ সনে গ. ১১৭৬ সনে ঘ. ১২৭৬ সনে **উত্তর: গ**

০৮. ইংরেজি কত সালে ছিয়াত্তরের মন্বন্তর নামক ভয়াবহ দুর্ভিক্ষ হয়েছিল? [বেবিচকের উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ক. ১৭৬৮ সালে ক. ১৭৬৯ সালে গ. ১৭৭০ সালে ঘ. ১৭৭২ সালে **উত্তর: গ**

০৯. ছিয়াত্তরের দুর্ভিক্ষের সময় বাংলার গভর্নর কে ছিলেন? [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. লর্ড ওয়ারেন হেস্টিংস খ. লর্ড রিপন গ. লর্ড কার্টিয়ার ঘ. লর্ড কর্নওয়ালিস **উত্তর: গ**

১০. লর্ড ক্লাইভ আত্মহত্যা করে - [১১তম বিজেএস]
ক. ১৭৫৭ সালে খ. ১৭৭৪ সালে গ. ১৭৬৭ সালে ঘ. ১৭৭৬ সালে **উত্তর: খ**

১১. ব্রিটিশ পার্লামেন্টে ভারত শাসন আইন পাস হয় - [১৪তম শিক্ষক নিবন্ধন]
ক. ১৭৮৪ খ. ১৭৮৬ গ. ১৭৭৩ ঘ. ১৭৯০ **উত্তর: ক**

১২. বাংলার শেষ গভর্নর কে? / বাংলার প্রথম গভর্নর জেনারেল কে? / ব্রিটিশ ভারতের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন? [বাখরাবাদ গ্যাস কিল্ডের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. লর্ড কর্নওয়ালিস খ. লর্ড ওয়াটসন গ. লর্ড মিন্টো ঘ. ওয়ারেন হেস্টিংস **উত্তর: ঘ**
ব্যাখ্যা: ১৭৭৪ সালের রেগুলেটিং আইন অনুসারে নিযুক্ত বাংলার শেষ গভর্নর ও বাংলার প্রথম গভর্নর জেনারেল ছিলেন ওয়ারেন হেস্টিংস। এরপর স্যার জন ম্যাকফারসন, চার্লস কর্নওয়ালিস, রিচার্ড ওয়েলেসলি প্রমুখ গভর্নর জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেন। বাংলার শেষ গভর্নর জেনারেল ছিলেন লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক।

১৩. ১৭৭২ সালে দ্বৈত শাসন ব্যবস্থা বাতিল করেন কে? [আইন মন্ত্রণালয়ের সহকারী সচিব: ৯৪]
ক. লর্ড কর্নওয়ালিস খ. লর্ড ক্লাইভ গ. ওয়ারেন হেস্টিংস ঘ. নবাব মীর কাশেম **উত্তর: গ**

১৪. ভারতবর্ষে সর্বপ্রথম রাজস্ব বোর্ড স্থাপন করেন - [ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]
ক. লর্ড ক্লাইভ খ. শেরশাহ গ. সম্রাট আকবর ঘ. ওয়ারেন হেস্টিংস **উত্তর: ঘ**

১৫. 'পাঁচশালা' ও 'একশালা' বন্দোবস্ত প্রবর্তন করেন কে? [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ১৩]
ক. ওয়ারেন হেস্টিংস খ. শেরশাহ গ. সম্রাট আকবর ঘ. লর্ড ক্লাইভ **উত্তর: ক**

১৬. ভারতীয় উপমহাদেশের সিভিল সার্ভিস চালু করেন - / ইন্ডিয়ান সিভিল সার্ভিসের বিধি প্রণয়ন করেন কে? [খুবি: ১৬-১৭]
ক. লর্ড কর্নওয়ালিস খ. লর্ড কার্জন গ. লর্ড ডালহৌসি ঘ. লর্ড ওয়েলেসলি **উত্তর: ক**

১৭. বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেন কে? / বাংলায় চিরস্থায়ী ভূমি ব্যবস্থা প্রবর্তন করেন কে? / চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেন - [২২তম বিসিএস]
ক. লর্ড ওয়াভেল খ. লর্ড বেন্টিঙ্ক গ. লর্ড ক্লাইভ ঘ. লর্ড কর্নওয়ালিস **উত্তর: ঘ**

১৮. বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত কবে প্রবর্তন করা হয়? [৩৪তম বিসিএস]
ক. ২২ মার্চ, ১৮৯৩ খ. ২২ মার্চ, ১৮০৫ গ. ২২ মার্চ, ১৭৯৩ ঘ. ১৬ মার্চ, ১৭৯৬ **উত্তর: গ**

১৯. কোন ঐতিহাসিক ঘটনার জন্য ১৭৯৩ সাল বিখ্যাত? [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর: ০৪]
ক. পলাশীর যুদ্ধ খ. সিপাহী বিদ্রোহ গ. বঙ্গভঙ্গ রদ ঘ. চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন **উত্তর: ঘ**

২০. চিরস্থায়ী বন্দোবস্তে চিরস্থায়ী করা হয় - [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. রাজস্ব খ. জমিদার গ. রায়ত ঘ. জমি **উত্তর: ক**

CamScanner

২১. **সূর্যাস্ত আইন প্রবর্তন করেন কে? / 'দশশালা' বন্দোবস্ত চালু করেন কে?** [তিতাস গ্যাস ফিল্ডের উপ-সহকারী প্রকৌশলী: ১১]
ক. লর্ড ওয়াভেল খ. লর্ড বেন্টিঙ্ক গ. লর্ড ক্লাইভ ঘ. লর্ড কর্নওয়ালিস **উত্তর: ঘ**

২২. **কোন সালে সূর্যাস্ত আইন চালু হয়?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ০৩]
ক. ১৭৯৩ খ. ১৮৯৩ গ. ১৭৯২ ঘ. ১৮৯২ **উত্তর: ক**

২৩. **অধীনতামূলক মিত্রতা নীতির প্রবর্তক -** [বিআরইবি'র লাইন ম্যান: ২৩]
ক. লর্ড ক্লাইভ খ. লর্ড ওয়েলেসলি গ. লর্ড মিন্টো ঘ. লর্ড বেন্টিঙ্ক **উত্তর: খ**

২৪. **টিপু সুলতানের রাজ্যের নাম -** [শ্রম অধিদপ্তরের শ্রম অফিসার: ৯৬]
ক. অযোধ্যা খ. মাদ্রাজ গ. হায়দ্রাবাদ ঘ. মহীশূর **উত্তর: ঘ**

২৫. **ভারতের কোন রাজ্য অতীতে মহীশূর নামে পরিচিত ছিল?** [বিএসসি'র সহকারী প্রকৌশলী: ২০]
ক. কেরালা খ. মহারাষ্ট্র গ. কর্ণাটক ঘ. মধ্য প্রদেশ **উত্তর: গ**

২৬. **মহীশূরের টিপু সুলতান সর্বশেষ কোন ইংরেজ সেনাপতির সঙ্গে যুদ্ধ করেন?** [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. ওয়েলেসলি খ. ওয়ারেন হেস্টিংসে গ. কর্নওয়ালিস ঘ. ডালহৌসি **উত্তর: ক**

২৭. **বাংলার শেষ গভর্নর জেনারেল কে ছিলেন? / ভারতের প্রথম গভর্নর জেনারেল কে?** [বাখরাবাদ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. লর্ড কর্নওয়ালিস খ. লর্ড বেন্টিক গ. লর্ড মিন্টো ঘ. ওয়ারেন হেস্টিংস **উত্তর: খ**
ব্যাখ্যা: ১৮৩৩ সালের চার্টার আইন অনুসারে নিযুক্ত বাংলার শেষ গভর্নর জেনারেল ও ভারতের প্রথম গভর্নর জেনারেল ছিলেন লর্ড বেন্টিঙ্ক। এরপর চার্লস মেটকাফ, জর্জ এডেন, জেমস ব্রাউন প্রমুখ গভর্নর জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেন। ভারতের শেষ গভর্নর জেনারেল ছিলেন লর্ড ক্যানিং।

২৮. **সতীদাহ প্রথা কত সালে রহিত হয়?** [২২তম বিসিএস]
ক. ১৮১৯ খ. ১৮২৯ গ. ১৮৩৯ ঘ. ১৮৪৯ **উত্তর: খ**

২৯. **সতীদাহ প্রথা বিলোপ করেন কে? / সতীদাহ প্রথা রহিতকরণ আইন পাস করেন কে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. লর্ড কর্নওয়ালিস খ. রাজা রামমোহন রায় গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. লর্ড বেন্টিঙ্ক **উত্তর: ঘ**

৩০. **কার উদ্যোগে সতীদাহ প্রথা বিলুপ্ত হয়?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৯]
ক. রামমোহন রায় খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর গ. হান্টার ঘ. লর্ড বেন্টিঙ্ক **উত্তর: ক**

৩১. **রাজা রামমোহন রায় কোন আন্দোলনের নেতৃত্ব দেন?** [তিতাস গ্যাস ফিল্ডের উপ-সহকারী প্রকৌশলী: ১১]
ক. সতীদাহ বিলোপ খ. নীল বিদ্রোহ গ. বিধবা বিবাহ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৩২. **সতীদাহ প্রথা রহিতকরণে কোন সমাজ সংস্কারকের ভূমিকা উল্লেখযোগ্য?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৯]
ক. গোপাল কৃষ্ণ গোখলে খ. রাজা রামমোহন রায় গ. সরোজিনী নাইডু ঘ. দাদাভাই নওরোজী **উত্তর: খ**

৩৩. **সহীদাহ প্রথা প্রসঙ্গে রামমোহন রায়ের রচিত পুস্তক -** [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ০০]
ক. দোলনচাঁপা খ. পথে হলো দেখা গ. পথের পাঁচালী ঘ. প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ **উত্তর: ঘ**

৩৪. **রাজা রামমোহন রায় যে বিষয়ের বিরুদ্ধে আন্দোলন শুরু করেন -** [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. প্রেস অর্ডিন্যান্স খ. নীল চাষ গ. নীল কমিশন ঘ. রাইফেল ব্যবহার **উত্তর: ক**

৩৫. **ব্রাহ্মসমাজের প্রতিষ্ঠাতা কে?** [বিকেবি'র সুপারভাইজার: ০৪]
১৪. পূর্ব বাংলার যুক্তফ্রন্টের মন্ত্রিসভার প্রথম মুখ্যমন্ত্রীর নাম কী? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. এ. কে. ফজলুল হক খ. চৌধুরী খালেকুজ্জামান গ. মুহাম্মদ আলী ঘ. ইস্কান্দার মীর্জা **উত্তর: ক**

১৫. কবে বঙ্গবন্ধু প্রথমবারের মতো মন্ত্রী হয়েছিলেন? / বঙ্গবন্ধু কত সালে প্রথম মন্ত্রিসভার সদস্য নির্বাচিত হোন? [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ২৩]
ক. ১৯৫৪ খ. ১৯৬৬ গ. ১৯৬৯ ঘ. ১৯৭২ **উত্তর: ক**

১৬. কত বছর বয়সে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যুক্তফ্রন্ট মন্ত্রিসভার সদস্য বা মন্ত্রী হোন? [বেবিচকের অ্যারোড্রাম কর্মকর্তা: ২১]
ক. ৩৪ খ. ৩৬ গ. ৪১ ঘ. ৫০ **উত্তর: ক**

১৭. ১৯৫৪ সালের সাধারণ নির্বাচনে যুক্তফ্রন্ট সরকারের কৃষি মন্ত্রী কে ছিলেন? [বেবিচক'র হিসাব নিরীক্ষক: ১৭]
ক. হাজী দানেশ খ. মাওলানা ভাসানী গ. মাওলানা আতাহার আলী ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

CamScanner

১৮. যুক্তফ্রন্ট মন্ত্রিসভায় বঙ্গবন্ধু কোন দপ্তরের মন্ত্রী ছিলেন? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৭]
ক. কৃষি ও খাদ্য খ. কৃষি ও পল্লী উন্নয়ন গ. শিল্প, বাণিজ্য ও শ্রম ঘ. আইন, বিচার ও সংসদ উত্তর: খ

১৯. ১৯৫৪ সালের পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদ নির্বাচনে যুক্ত ছিলেন না - [৩৮তম বিসিএস]
ক. এ. কে. ফজলুল হক খ. মওলানা ভাসানী গ. নবাব স্যার সলিমুল্লাহ ঘ. হোসেন শহীদ সোহরাওয়ার্দী উত্তর: গ

সংবিধান ও সামরিক শাসন

০১. কবে পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র বা সংবিধান প্রবর্তিত হয়? [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. ১৯৪৭ সালে খ. ১৯৫২ সালে গ. ১৯৫৪ সালে ঘ. ১৯৫৬ সালে উত্তর: ঘ

০২. কখন পূর্ববঙ্গের নাম পূর্ব পাকিস্তান করা হয়? [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ১৭]
ক. ১৯৫৬ সালে খ. ১৯৬২ সালে গ. ১৯৫২ সালে ঘ. ১৯৬৯ সালে উত্তর: ক

০৩. During British colonial rule, what was the region that comprises modern-day Bangladesh known as? [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. East Pakistan খ. Bengal Presidency গ. West Bengal ঘ. Assam-Bengal উত্তর: ক

০৪. পাকিস্তানের প্রথম প্রেসিডেন্ট কে ছিলেন? [বাংলাদেশ রেলওয়ের বুকিং সহকারী: ১৪]
ক. মোহাম্মদ আলী জিন্নাহ খ. লিয়াকত আলী খান গ. খাজা নাজিমুদ্দিন ঘ. ইস্কান্দার মির্জা উত্তর: ঘ

০৫. ১৯৫৬ সালে কোয়ালিশন সরকারের মন্ত্রিসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন দপ্তরের মন্ত্রী ছিলেন? [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. শিল্প, বাণিজ্য ও শ্রম খ. আইন, বিচার ও সংসদ গ. কৃষি ও পল্লী উন্নয়ন ঘ. কৃষি ও খাদ্য উত্তর: ক

০৬. কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয় - [বেবিচকের নিরাপত্তা অফিসার: ২১]
ক. ১৯৫৪ খ. ১৯৫৬ গ. ১৯৫৭ ঘ. ১৯৬১ উত্তর: গ

০৭. কোথায় কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয়? [ডাক বিভাগের উপজেলা পোস্টমাস্টার: ০৬]
ক. রোজ গার্ডেন, ঢাকা খ. হাটিকুমরুল, সিরাজগঞ্জ গ. সন্তোষ, টাঙ্গাইল ঘ. তাহিরপুর, সুনামগঞ্জ উত্তর: গ

০৮. ঐতিহাসিক কাগমারী সম্মেলনে নেতৃত্বদানকারী নেতার নাম কী? [রাবি: ১৮-১৯]
ক. স্যার সলিমউল্লাহ খ. শহিদ তিতুমীর গ. মাওলানা ভাসানী ঘ. সোহরাওয়ার্দী উত্তর: গ

০৯. মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী কোথায় জন্মগ্রহণ করেন? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. সিরাজগঞ্জ খ. টাঙ্গাইল গ. ঢাকা ঘ. কুমিল্লা উত্তর: ক

১০. কাগমারী সম্মেলনে প্রাক্তন-পাকিস্তানকে বিদায় জানাতে 'আসসালামু আলাইকুম' জানিয়েছিলেন কে? [ঢাবি: ০৪-০৫]
ক. এ. কে. ফজলুল হক খ. মাওলানা ভাসানী গ. শেখ মুজিবুর রহমান ঘ. হোসেন শহীদ সোহরাওয়ার্দী উত্তর: খ

১১. পূর্ব-পকিস্তান এসেমব্লিতে সন্ত্রাসী ঘটনায় মৃত্যুবরণ করেছিলেন কে? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৪]
ক. আবদুল হাকিম খ. শাহেদ আলী গ. তমিজউদ্দিন খান ঘ. আবদুল মালেক উকিল উত্তর: খ

১২. কোন সালে পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি হয়? [সহকারী থানা শিক্ষা অফিসার: ০৯]
ক. ১৯৫৪ খ. ১৯৫৬ গ. ১৯৫৮ ঘ. ১৯৬২ উত্তর: গ

১৩. পাকিস্তানে ১৯৫৮ সালে মার্শাল ল জারি হলে ক্ষমতায় বসেন - [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ০০]
ক. আইয়ুব খান খ. ইয়াহিয়া খান গ. টিক্কা খা ঘ. নূর খান উত্তর: ক

১৪. কত সালে পাকিস্তানের মৌলিক গণতন্ত্রের আদেশ জারি করা হয়? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. ১৯৬০ ক. ১৯৫৮ গ. ১৯৫৯ ঘ. ১৯৬৫ উত্তর: গ

১৫. কত সালে তৎকোলীন পাকিস্তানের শিক্ষা আন্দোলন হয়? [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. ১৭ সেপ্টেম্বর, ১৯৫৬ খ. ১৭ সেপ্টেম্বর, ১৯৬২ গ. ১৭ সেপ্টেম্বর, ১৯৬৬ ঘ. ১৭ সেপ্টেম্বর, ১৯৬৮ উত্তর: খ

১৬. কোন তারিখে বাংলাদেশের শিক্ষা দিবস? / বাংলাদেশের শিক্ষা দিবস পালিত হয় - [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ১২ মে খ. ১৭ সেপ্টেম্বর গ. ১৮ জুন ঘ. ২১ আগস্ট উত্তর: খ

ছয় দফা আন্দোলন

০১. কবে বঙ্গবন্ধু কর্তৃক ছয় দফা ঘোষিত হয়? / বঙ্গবন্ধু ঐতিহাসিক ছয় দফা ঘোষণা করেন - [৪৫তম বিসিএস]
ক. ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯ খ. ৫ ফেব্রুয়ারি, ১৯৬৬ গ. ৩ জানুয়ারি, ১৯৬৮ ঘ. ১৫ ফেব্রুয়ারি, ১৯৬৯ উত্তর: খ

০২. ছয় দফা কর্মসূচি ঘোষণা করেন - / ছয় দফা দাবি কে উত্থাপন করেন? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. মাওলানা ভাসানী খ. মুজফফর আহমদ গ. সোহরাওয়ার্দী ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উত্তর: ঘ

০৩. ছয় দফা দাবি প্রথম কোথায় উত্থাপন করা হয়? [৩০তম বিসিএস]
ক. ঢাকায় খ. লাহোরে গ. করাচিতে ঘ. নারায়নগঞ্জে উত্তর: খ

০৪. কোন সালে আওয়ামী লীগের ছয় দফা পেশ করা হয়েছিল? [৪০তমবিসিএস]
ক. ১৯৬৫ খ. ১৯৬৬ গ. ১৯৬৭ ঘ. ১৯৫৫ উত্তর: খ

০৫. ছয় দফা কোন তারিখে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়েছিল? [৪৪তম বিসিএস]
ক. ২১ ফেব্রুয়ারি, ১৯৫৪ খ. ২২ মার্চ, ১৯৫৮ গ. ২০ এপ্রিল, ১৯৬২ ঘ. ২৩ মার্চ, ১৯৬৬ উত্তর: ঘ

CamScanner

০৬. বাঙালি জাতির মুক্তি সনদ হলো - / বাংলার মুক্তি সনদ নামে পরিচিত কোনটি? [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. ছয় দফা খ. এগারো দফা গ. ৭ মার্চের ভাষণ ঘ. ২১ দফা **উত্তর: ক**

০৭. ঐতিহাসিক ৬ দফাকে কিসের সাথে তুলনা করা হয়? [৩৭তম বিসিএস]
ক. বিল অব রাইটস খ. ম্যাগনাকার্টা গ. পিটিশন অব রাইটস ঘ. মুখ্য আইন **উত্তর: খ**

০৮. ১৯৬৬ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রদত্ত ছয় দফা দাবি সংক্রান্ত পুস্তিকাটির নাম কী ছিল? [যবিপ্রবি: ১৯-২০]
ক. ছয় দফা কর্মসূচি : বাঙালির দাবি খ. ছয় দফা : আমাদের বাঁচার দাবি
গ. ছয় দফা : আমাদের সংগ্রামের দাবি ঘ. ছয় দফা : পূর্ব বাংলার বাঁচার অধিকার **উত্তর: খ**

০৯. ১৯৬৬ সালে ঘোষিত ছয় দফা কর্মসূচির মূল বক্তব্য কী ছিল? [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ৯৮]
ক. Separation of Two Wings খ. Creation of 6 Provinces
গ. Autonomy of East Pakistan ঘ. Declaration of Independent Bangladesh **উত্তর: গ**

১০. ছয় দফার সবচেয়ে গুরুত্বপূর্ণ তাৎপর্য হলো - [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. ভাষা বাস্তবায়ন খ. অর্থনৈতিক মুক্তি গ. শিক্ষা সংস্কার ঘ. বাঙালি জাতীয়তাবাদের ধারণার বিকাশ **উত্তর: ঘ**

১১. ছয় দফা কর্মসূচি মূলত কী ধরনের কর্মসূচি? [রাকাব'র ক্যাশিয়ার: ১৬]
ক. ধর্মীয় ও আঞ্চলিক খ. সাহিত্য ও সাংস্কৃতিক গ. সামাজিক ও রাজনৈতিক যুক্তি ঘ. অর্থনৈতিক ও রাজনৈতিক মুক্তি **উত্তর: ঘ**

১২. আওয়ামী লীগের ঐতিহাসিক ছয় দফার প্রথম দফা - [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৫]
ক. রাষ্ট্রভাষা হিসেবে বাংলা খ. ধর্মনিরপেক্ষতা গ. স্বতন্ত্র মুদ্রা ঘ. প্রাদেশিক স্বায়ত্তশাসন **উত্তর: ঘ**
ব্যাখ্যা: ছয় দফার ছয়টি দাবি হলো (১) শাসনতান্ত্রিক কাঠামো ও রাষ্ট্রীয় প্রকৃতি, (২) কেন্দ্রীয় সরকারের ক্ষমতা, (৩) মুদ্রা ও অর্থ সমন্ধীয় ক্ষমতা, (৪) রাজস্ব, কর ও শুল্ক সমন্ধীয় ক্ষমতা, (৫) বৈদেশিক বাণিজ্য বিষয়ক ক্ষমতা, (৬) আঞ্চলিক বাহিনী গঠনের ক্ষমতা।

১৩. আওয়ামী লীগের ঐতিহাসিক ছয় দফার প্রথম দফাতে কী ছিল? [সোনালী ব্যাংকের অফিসার: ১৮]
ক. রাজতন্ত্র খ. একনায়কতন্ত্র গ. গণতন্ত্র ঘ. সংসদীয় গণতন্ত্র **উত্তর: ঘ**

১৪. বাঙালি জাতির মুক্তির সনদ ছয় দফার দ্বিতীয় দফাটি নিচের কোনটির সাথে সম্পর্কিত? [মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. বৈদেশিক বাণিজ্য খ. মুদ্রা বা অর্থ গ. রাজস্ব কর ঘ. কেন্দ্রীয় সরকার **উত্তর: ঘ**

১৫. ছয় দফার কোন দফায় অর্থ ব্যবস্থা সম্পর্কে বলা আছে? / ছয় দফার কোন দফাতে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে দুইটি পৃথক অথচ সহজে বিনিময়যোগ্য মুদ্রা ব্যবস্থা চালুর দাবি ছিল? [বেবিচকের নিরাপত্তা অফিসার: ২১]
ক. দ্বিতীয় দফা খ. তৃতীয় দফা গ. চতুর্থ দফা ঘ. পঞ্চম দফা **উত্তর: খ**

১৬. ছয় দফার কোন দফায় প্যারামিলিটারি বাহিনী সম্পর্কে বলা আছে? [ডিএমএলসি'র জুনিয়র শিক্ষক: ২৩]
ক. দ্বিতীয় দফা খ. তৃতীয় দফা গ. চতুর্থ দফা ঘ. ষষ্ঠ দফা **উত্তর: ঘ**

১৭. ১৯৬৬ সালে ৬ দফার কয়টি দফা অর্থনীতি বিষয়ক ছিল? [৪৩তম বিসিএস]
ক. ৩টি খ. ৪টি গ. ৫টি ঘ. ৬টি **উত্তর: ক**

১৮. ঐতিহাসিক ছয় দফায় যে বিষয়টি অন্তর্ভুক্ত ছিল না - [৪১তম বিসিএস]
ক. শাসনতান্ত্রিক কাঠামো খ. কেন্দ্রীয় সরকারের ক্ষমতা গ. স্বতন্ত্র মুদ্রা ব্যবস্থা ঘ. বিচার ব্যবস্থা **উত্তর: ঘ**

১৯. ছয় দফা আন্দোলনের প্রথম শহিদ কে? [সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী: ১৮]
ক. শামসুজ্জোহা খ. মনু মিয়া গ. রফিক ঘ. সালাম **উত্তর: খ**

২০. ঐতিহাসিক ছয় দফা দিবস কবে? / ছয় দফা দিবস - [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ২২]
ক. ২৩ ফেব্রুয়ারি খ. ৭ মার্চ গ. ১৭ এপ্রিল ঘ. ৭ জুন **উত্তর: ঘ**

উনসত্তরের গণঅভ্যুত্থান

০১. কখন আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়? / কবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামি করে আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়? [বেবিচকের উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ক. ০৩ জানুয়ারি, ১৯৬৮ খ. ০৩ মার্চ, ১৯৬৮ গ. ০৩ এপ্রিল, ১৯৬৮ ঘ. ০৩ মে, ১৯৬৮ **উত্তর: ক**

০২. কোথায় আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়? [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার: ১৭]
ক. আগরতলা, ভারত খ. ঢাকা, বাংলাদেশ গ. লাহোর, পাকিস্তান ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

০৩. আগরতলা ষড়যন্ত্র মামলার শিরোনাম কী ছিল? / আগরতলা ষড়যন্ত্র মামলার দাপ্তরিক নাম কী ছিল? [ডিএমএলসি'র জুনিয়র শিক্ষক: ২৩]
ক. আগরতলা সত্য মামলা খ. রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্র মামলা
গ. ইসলামাবাদ ষড়যন্ত্র মামলা ঘ. রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য **উত্তর: ঘ**

০৪. বঙ্গবন্ধুসহ আগরতলা ষড়যন্ত্র মামলার মোট আসামী সংখ্যা ছিল কত জন? / আগরতলা ষড়যন্ত্র মামলা কতজনের বিরুদ্ধে দায়ের করা হয়? [৪০তম বিসিএস]
ক. ৩৪ জন খ. ৩৫ জন গ. ৩৬ জন ঘ. ৩২ জন **উত্তর: খ**

০৫. আগরতলা ষড়যন্ত্র মামলার এক নম্বর আসামি ছিলেন কে? / আগরতলা ষড়যন্ত্র মামলার প্রধান আসামি কে ছিলেন? / আগরতলা ষড়যন্ত্র মামলার অন্যতম আসামি কে ছিলেন? [সিএজি কার্যালয়ের অডিটর: ২১]
ক. বঙ্গবন্ধু শেখ মুজিব খ. মোয়াজ্জেম হোসেন গ. শওকত আলী ঘ. আব্দুর রউফ **উত্তর: ক**

CamScanner

০৬. **আগরতলা ষড়যন্ত্র মামলার বিচার শুরু হয় কবে?** [বেবিচকের অ্যারোড্রাম কর্মকর্তা: ১৯]
ক. ১৯ জুন, ১৯৬৮ খ. ২৩ জুন, ১৯৬৮ গ. ২৮ এপ্রিল, ১৯৬৮ ঘ. ১ জানুয়ারি, ১৯৬৮ **উত্তর: ক**

০৭. **আগরতলা ষড়যন্ত্র মামলার বঙ্গবন্ধুর পক্ষে প্রসিকিউটর হিসেবে নিযুক্ত হয়েছিলেন কে?** [১৫তম বিজেএস]
ক. স্যার উইলিয়াম থমাস খ. উইলিয়াম কেরি গ. উইলিয়াম হান্টার ঘ. উইলিয়াম জোন্স **উত্তর: ক**

০৮. **আগরতলা ষড়যন্ত্র মামলার আসামিদের মধ্যে প্রথম কাকে গুলি করে মেরে ফেলা হয়? / আগরতলা ষড়যন্ত্র মামলার কোন অভিযুক্তকে জেলখানায় হত্যা করা হয়?** [বিএসএমএমইউ'র সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. আমজাদ খাঁ খ. কৃষ্ণ দুগার গ. মকবুল ভুঁইয়া ঘ. সার্জেন্ট জহুরুল হক (১৭তম আসামি) **উত্তর: ঘ**

০৯. **কখন এগারো দফা ঘোষণা হয়?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ২৩]
ক. ১৯৬৭ সালে খ. ১৯৬৮ সালে গ. ১৯৬৯ সালে ঘ. ১৯৭০ সালে **উত্তর: গ**

১০. **এগারো দফা কর্মসূচি ঘোষণা করে কে?** [বেবিচকের সিনিয়র অফিসার: ১৩]
ক. মুসলিম লীগ খ. আওয়ামী লীগ গ. কংগ্রেস ঘ. সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ **উত্তর: ঘ**

১১. **কোন রাজনীতিবিদ প্রথম 'ঘেরাও' শব্দটি ব্যবহার করেন?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ৯৯]
ক. এ কে ফজলুল হক খ. মাওলানা ভাসানী গ. মোহাম্মদ তোয়াহা ঘ. শহীদ সোহরাওয়ার্দী **উত্তর: খ**

১২. **কত সালে পূর্ব পাকিস্তানে গণঅভ্যুত্থান হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ১৯৪৮ সালে খ. ১৯৫২ সালে গ. ১৯৬৯ সালে ঘ. ১৯৭১ সালে **উত্তর: গ**

১৩. **গণ-অভ্যুত্থান দিবস কবে পালিত হয়?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২২]
ক. ২৪ জানুয়ারি খ. ৭ নভেম্বর গ. ৭ মার্চ ঘ. ৯ ডিসেম্বর **উত্তর: ক**

১৪. **উনসত্তরের গণঅভ্যুত্থানের আন্দোলনে যুক্ত হতে গিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের কোন ছাত্র শহিদ হয়েছিলেন?** [এনএসআইর কম্পিউটার অপারেটর: ২১]
ক. শহিদ আসাদ খ. শহিদ রফিক গ. শহিদ শামসুজ্জোহা ঘ. শহিদ জব্বার **উত্তর: ক**

১৫. **আসাদ শহিদ হোন** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ৯০'র গণ আন্দোলনে খ. ৫২'র ভাষা আন্দোলনে গ. ৬২'র শিক্ষা আন্দোলনে ঘ. ৬৯'র গণ আন্দোলনে **উত্তর: ঘ**

১৬. **আসাদ শহিদ হোন ১৯৬৯ সালের** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ২০ জানুয়ারি ক. ২১ ফেব্রুয়ারি গ. ২২ ফেব্রুয়ারি ঘ. ২৩ ফেব্রুয়ারি **উত্তর: ক**

১৭. **কবে 'শহিদ আসাদ দিবস' পালিত হয়?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ১৫]
ক. ১৫ জানুয়ারি খ. ২০ জানুয়ারি গ. ২৫ জানুয়ারি ঘ. ৩০ জানুয়ারি **উত্তর: খ**

১৮. **আসাদ গেট কোন স্মৃতি রক্ষার্থে নির্মিত হয়?** [সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]
ক. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ খ. ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থান গ. ১৯৫২ সালের ভাষা আন্দোলন ঘ. ১৯৬৬ সালের ছয় দফা আন্দোলন **উত্তর: খ**

১৯. **বাংলাদেশের প্রথম শহিদ বুদ্ধিজীবী কে? / উনসত্তরের গণঅভ্যুত্থানে নিহত বাংলাদেশের প্রথম শহিদ বুদ্ধিজীবী** - [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৯]
ক. ড. শামসুজ্জোহা খ. জহির রায়হান গ. গোবিন্দচন্দ্র দেব ঘ. শহীদুল্লাহ কায়সার **উত্তর: ক**

২০. **শহিদ শামসুজ্জোহা ছিলেন একজন** - [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১১]
ক. সঙ্গীত শিল্পী খ. অভিনেতা গ. চিত্রকর ঘ. শিক্ষক **উত্তর: ঘ**

২১. **শহিদ শামসুজ্জোহা কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও প্রক্টর ছিলেন?** [১৫তম প্রভাষক নিবন্ধন]
ক. রাজশাহী খ. ঢাকা গ. চট্টগ্রাম ঘ. জাহাঙ্গীরনগর **উত্তর: ক**

২২. **রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শামসুজ্জোহা শহিদ হোন** - [বিএডিসির সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ২১]
ক. ১৯ মার্চ, ১৯৬৯ খ. ১৮ ফেব্রুয়ারি, ১৯৭১ গ. ১৮ ফেব্রুয়ারি, ১৯৬৯ ঘ. ১৮ ফেব্রুয়ারি, ১৯৭০ **উত্তর: গ**

২৩. **জোহা দিবস কোনটি?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ১৪ নভেম্বর খ. ১৮ ফেব্রুয়ারি গ. ১৮ ডিসেম্বর ঘ. ১৮ মার্চ **উত্তর: খ**

২৪. **শামসুজ্জোহার প্রতিকৃতির আদলে তৈরি 'স্ফুলিঙ্গ' ভাস্কর্যটি কোথায়?** [রাবি: ১৭-১৮]
ক. ঢাকা বিশ্ববিদ্যালয় খ. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় গ. খুলনা বিশ্ববিদ্যালয় ঘ. রাজশাহী বিশ্ববিদ্যালয় **উত্তর: ঘ**

২৫. **'স্ফুলিঙ্গ' ভাস্কর্যটির স্থপতি কে?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. মৃণাল হক খ. নিতুন কুন্ডু গ. কনক কুমার পাঠক ঘ. গোপাল চন্দ্র পাল **উত্তর: গ**

২৬. **আগরতলা ষড়যন্ত্র মামলা কেন প্রত্যাহার করা হয়েছিল?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ৯৮]
ক. প্রচন্ড গণআন্দোলনের জন্য খ. দয়াপরবশ হয়ে গ. বিচারকের মৃত্যুর ফলে ঘ. অভিযোগ প্রমাণিত না হওয়ায় **উত্তর: ক**

২৭. **আগরতলা মামলা প্রত্যাহার করা হয় - / 'রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য' এই মামলা থেকে কবে সরকার বঙ্গবন্ধুকে মুক্তি দিতে বাধ্য হয়?** [বেবিচকের নিরাপত্তা অপারেটর: ২১]
ক. ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯ খ. ২০ মার্চ, ১৯৬৮ গ. ১৮ ফেব্রুয়ারি, ১৯৭০ ঘ. ৫ ডিসেম্বর, ১৯৬৮ **উত্তর: ক**

২৮. **কবে তোফায়েল আহমেদ কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয়?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯ খ. ২৫ জানুয়ারি, ১৯৭০ গ. ৭ মার্চ, ১৯৭১ ঘ. ১৬ ডিসেম্বর, ১৯৭১ **উত্তর: ক**

CamScanner

ব্যাখ্যা: ১৯৬৯ সনের ২৩ ফেব্রুয়ারি তৎকালীন রেসকোর্স ময়দান বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে ছাত্র সংগ্রাম পরিষদ আয়োজিত গণসংবর্ধনা অনুষ্ঠানে দশ লাখেরও বেশি মানুষের রায় নিয়ে তৎকালীন ডাকসুর ভিপি ও সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদের সভাপতি তোফায়েল আহমেদ শেখ মুজিবুর রহমানকে বঙ্গবন্ধু উপাধিতে ভূষিত করেন।

২৯. **শেখ মুজিবুর রহমান 'বঙ্গবন্ধু' উপাধি পান কোথায়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২০]

ক. শ্রমিক সভায় খ. ছাত্রসভায় গ. জনসভায় ঘ. কৃষকসভায় **উত্তর: গ**

৩০. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কবে তৎকালীন পূর্ব পাকিস্তানকে 'বাংলাদেশ' নামকরণ করেন?** [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. ৫ মে, ১৯৬৮ খ. ৫ জুন, ১৯৬৮ গ. ৫ নভেম্বর, ১৯৬৯ ঘ. ৫ ডিসেম্বর, ১৯৬৯ **উত্তর: ঘ**

ব্যাখ্যা: ১৯৬৯ সালের ৫ ডিসেম্বর গণতন্ত্রের মানসপুত্র হোসেন শহীদ সোহরাওয়ার্দীওর ষষ্ঠ মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত আওয়ামী লীগের আলোচনা সভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের নাম বাংলাদেশ ঘোষণা করেন।

সত্তরের সাধারণ নির্বাচন

০১. **কবে পাকিস্তানের প্রথম জাতীয় পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়?** [বিপিএটিসি'র সহকারী পরিচালক: ১৯]

ক. ১৯৫৮ সালে খ. ১৯৬২ সালে গ. ১৯৬৬ সালে ঘ. ১৯৭০ সালে **উত্তর: ঘ**

০২. **১৯৭০ সালের সাধারণ নির্বাচান প্রধান নির্বাচন কমিশনার ছিলেন –** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. বিচারপতি আবু সাইদ চৌধুরী খ. বিচারপতি এম এন হুদা গ. বিচারপতি এ বি সিদ্দীক ঘ. বিচারপতি আবদুস সাত্তার **উত্তর: ঘ**

০৩. **পূর্ব পাকিস্তান জাতীয় পরিষদে আসন সংখ্যা ছিল –** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ১৬৮টি খ. ১৬৯টি গ. ১৭০টি ঘ. ১৬৭টি **উত্তর: খ**

ব্যাখ্যা: ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে জাতীয় পরিষদে সংরক্ষিত ১৩ টি আসনসহ মোট আসন ৩১৩ টি। তন্মধ্যে পূর্ব পাকিস্তান জাতীয় পরিষদে সংরক্ষিত ৭ টি আসনসহ মোট আসন ১৬৯ টি এবং পশ্চিম পাকিস্তান জাতীয় পরিষদে সংরক্ষিত ৬ টি আসনসহ মোট আসন ১৪৪ টি। নির্বাচনে আওয়ামী লীগ পূর্ব পাকিস্তান জাতীয় পরিষদে সংরক্ষিত ৭ টি আসনসহ মোট ১৬৭ টি আসন লাভ করে। বাকি দুইটি আসনে নির্বাচিত হোন যথাক্রমে পিডিপির নুরুল আমিন এবং নির্দলীয় ত্রিদিব রায় চৌধুরী। পশ্চিম পাকিস্তান জাতীয় পরিষদে আওয়ামী লীগ কোনো আসন লাভ করেনি। পক্ষান্তরে পূর্ব পাকিস্তান জাতীয় পরিষদে পাকিস্তান পিপলস পার্টি (পিপিপি) কোনো আসন লাভ করেনি।

০৫. **১৯৭০ সালের জাতীয় পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ লাভ করেছিল –** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ৩৩০ টি আসন খ. ১৬৭ টি আসন গ. ১৭২ টি আসন ঘ. ৩০০ টি আসন **উত্তর: খ**

০৪. **১৯৭০ সালের সাধারণ নির্বাচনে জাতীয় পরিষদে ভুট্টোর পিপিপি পূর্ব পাকিস্তানে কয়টি আসন লাভ করে?** [বেবিচকের স্টোরম্যান: ২১]

ক. ৩টি খ. ৪টি গ. ৫টি ঘ. কোনো আসন পায়নি **উত্তর: ঘ**

০৬. **১৯৭০ সালের প্রাদেশিক পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ কতটি আসন লাভ করেছিল?** [বেবিচকের নিরাপত্তা অপারেটর: ২১]

ক. ১৬৫ টি আসন খ. ১৬৭ টি আসন গ. ২৯৮ টি আসন ঘ. ৩১৩ টি আসন **উত্তর: গ**

ব্যাখ্যা: ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদে সংরক্ষিত ১০ টি আসনসহ মোট আসন ৩১০ টি। নির্বাচনে আওয়ামী লীগ সংরক্ষিত ১০ টি আসনসহ মোট ২৯৮ টি আসন লাভ করে। বাকি ১২ টি আসনের মধ্যে পিডিপি ০২ টি, জামায়াতে ইসলামী ০১ টি, নেজামে ইসলাম ০১ টি, ন্যাপ (ওয়ালী) ০১ টি এবং স্বতন্ত্র ০৭ টি আসন লাভ করে।

০৭. **১৯৭০ সালে পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচনে কোন দল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ৯৮]

ক. মুসলিম লীগ খ. আওয়ামী লীগ গ. পিপলস পার্টি ঘ. ন্যাশনাল আওয়ামী পার্টি **উত্তর: খ**

০৮. **১৯৭০ সালের নির্বাচনের পর কোন দলকে সরকার গঠন করতে দেওয়া হয়নি?** [বেজা'র সহকারী ব্যবস্থাপক: ২০]

ক. মুসলিম লীগ খ. আওয়ামী লীগ গ. পিপিপি ঘ. জামায়াতে ইসলামী **উত্তর: খ**

অসহযোগ আন্দোলন

০১. **১৯৭১ সালের অসহযোগ আন্দোলন কবে সংঘটিত হয়?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৬]

ক. ২ - ২৫ মার্চ খ. ১ - ৭ মার্চ গ. ৭ - ২৫ মার্চ ঘ. ১ - ২৬ মার্চ **উত্তর: ক**

০২. **'পদ্মা মেঘনা যমুনা, তোমার আমার ঠিকানা' এটি কোন সময়ের স্লোগান?** [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক. বঙ্গভঙ্গ আন্দোলনের সময়ের খ. ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময়ের

গ. ১৯৬২ সালের ছাত্র আন্দেলনের সময়ের ঘ. ১৯৭১ সালের অসহযোগ আন্দোলনের সময়ের **উত্তর: ঘ**

০৩. **মুক্তিযুদ্ধের প্রথম শহীদ কে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]

ক. মতিউর রহমান খ. নুর মোহাম্মদ গ. মোস্তফা কামাল ঘ. শম্ভু সমজদার **উত্তর: ঘ**

০৪. **স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয় –** [১২তম বিসিএস]

ক. ২ মার্চ, ১৯৭১ খ. ৭ মার্চ, ১৯৭১ গ. ২৬ মার্চ, ১৯৭১ ঘ. ১৭ এপ্রিল, ১৯৭১ **উত্তর: ক**

ব্যাখ্যা: ১৯৭১ সালের ২ মার্চ তৎকালীন ছাত্রনেতা ডাকসু ভিপি আ. স. ম. আব্দুর রব ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে বটতলায় এক ছাত্রসভায় স্বাধীন বাংলাদেশের মানচিত্র খচিত পতাকা প্রথম উত্তোলন করেন।

০৫. **বাংলাদেশের জাতীয় পতাকা দিবস কবে?** [ডিএমএলসি'র জুনিয়র শিক্ষক: ২৩]

ক. ২ মার্চ খ. ৩ মার্চ গ. ১৬ মার্চ ঘ. ২৬ মার্চ **উত্তর: ক**

CamScanner

০৬. বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয় - / স্বাধীন বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলন করা হয় - [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]
ক. কলকাতায় খ. চট্টগ্রামের পতেঙ্গায়
গ. কুর্মিটোলা ক্যান্টনমেন্টে ঘ. ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের এক ছাত্রসভায় **উত্তর: ঘ**

০৭. কে প্রথম বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেছিলেন? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৭]
ক. জনাব শাহজাহান সিরাজ খ. তৎকালীন ছাত্রনেতা আবদুল কুদ্দুস মাখন
গ. ছাত্রনেতা নুরে আলম সিদ্দিকী ঘ. তৎকালীন ছাত্রনেতা ডাকসু ভিপি আ.স.ম আবদুর রব **উত্তর: ঘ**

০৮. কবে কোথায় বাংলাদেশের স্বাধীনতার ইশতেহার ঘোষণা বা পাঠ করা হয়? [নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]
ক. ২৬ মার্চ, ১৯৭১ সালে ধানমন্ডিতে খ. ১০ এপ্রিল, ১৯৭১ সালে কুষ্টিয়ায়
গ. ১৭ এপ্রিল, ১৯৭১ সালে মুজিবনগরে ঘ. ৩ মার্চ, ১৯৭১ সালে পল্টন ময়দানে **উত্তর: ঘ**
ব্যাখ্যা: ১৯৭১ সালের ৩ মার্চ পল্টন ময়দানে ছাত্রলীগ আয়োজিত জনসভায় ছাত্রলীগের সাধারণ সম্পাদক শাহাজাহান সিরাজ স্বাধীনতার ইশতেহার পাঠ করেন। ১৯৭১ সালের ৩ মার্চের পল্টন ময়দানের এই জনসভাতেই তৎকালীন ছাত্রনেতা ডাকসু ভিপি আ. স. ম. আব্দুর রব বঙ্গবন্ধুকে জাতির জনিক উপাধি দেন।

০৯. কবে ডাকসু ভিপি আ. স. ম. আব্দুর রব কর্তৃক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জাতির জনক' ঘোষণা করা হয়? [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. ১০ জানুয়ারি, ১৯৭২ খ. ১৬ ডিসেম্বর, ১৯৭১ গ. ২৬ মার্চ, ১৯৭১ ঘ. ৩ মার্চ, ১৯৭১ **উত্তর: ঘ**

১০. ১৯৭১ সালের ৭ মার্চ বঙ্গবন্ধুর ভাষণের সময়কালে পূর্ব পাকিস্তানে যে আন্দোলন চলছিল সেটি হলো - [৩৬তম বিসিএস]
ক. পূর্ব পাকিস্তানের অসহযোগ আন্দোলন খ. মার্শাল 'ল' পদত্যাগের আন্দোলন
গ. প্রেসিডেন্ট ইয়াহিয়ার পদত্যাগ আন্দোলন ঘ. ইসলামাবাদের সামরিক সরকার পদত্যাগের আন্দোলন **উত্তর: ক**

৭ মার্চের ভাষণ

০১. ১৯৭১ সালের ৭ মার্চ বঙ্গবন্ধু ঐতিহাসিক ভাষণটি দেন - [বিএডিসি'র ড্রাইভার: ২৩]
ক. পল্টন ময়দানে খ. মানিক মিয়া এভিনিউতে গ. সোহরাওয়ার্দী উদ্যানে ঘ. লালদিঘী ময়দানে **উত্তর: গ**

০২. ১৯৭১ সালের ৭ মার্চ বঙ্গবন্ধু কোথায় ভাষণ দিয়েছিলেন? [প্রাণিসম্পদ অধিদপ্তরের পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]
ক. রেসকোর্স ময়দানে খ. প্রেসিডেন্ট ভবনে গ. পার্লামেন্ট ভবনে ঘ. ঢাকার রমনা পার্কে **উত্তর: ক**

০৩. ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের সময়কাল কত মিনিট? / ৭ মার্চের ভাষণের স্থায়িত্বকাল - [ডিএমএলসি'র সহকারী শিক্ষক: ২৩]
ক. ১৬ খ. ১৭ গ. ১৮ (১৮ মিনিট ৩৯ সেকেন্ড) ঘ. ১৯ **উত্তর: গ**

০৪. 'প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোল' উক্তিটি কার? [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৩]
ক. লিয়াকত আলী খান খ. মুহাম্মদ আলী জিন্নাহ গ. শেখ মুজিবুর রহমান ঘ. জিয়াউর রহমান **উত্তর: গ**

০৫. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোলার ডাক দেন কবে? [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]
ক. ২ মার্চ, ১৯৭১ খ. ৫ মার্চ, ১৯৭১ গ. ৭ মার্চ, ১৯৭১ ঘ. ২৬ মার্চ, ১৯৭১ **উত্তর: গ**

০৬. রক্ত যখন দিয়েছি, রক্ত আরো দেবো তবুও এ দেশের মানুষকে - [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১৩]
ক. স্বাধীনতা দেব খ. মুক্ত করবো গ. মুক্তির সংগ্রাম শিখাব ঘ. মুক্ত করে ছাড়বো ইনশাআল্লাহ্ **উত্তর: ঘ**

০৭. তিনি আমার কথা রাখলেন না, তিনি রাখলেন --- সাহেবের কথা। [৪১তম বিসিএস]
ক. আইয়ুব খান খ. ইয়াহিয়া খান গ. ভুট্টো ঘ. কিসিঞ্জার **উত্তর: গ**

০৮. আপনি আসুন, দেখুন, বিচার করুন। এ কথা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইয়াহিয়া খানকে বলেছিলেন - [দুদকের অফিস সহায়ক: ১৯]
ক. ফ্যাক্সযোগে খ. টেলিফোনে গ. সরাসরি ঘ. জনসভায় **উত্তর: খ**

০৯. 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' বঙ্গবন্ধু এই ঘোষণা দিয়েছেন - [৪৪তম বিসিএস]
ক. ৩ মার্চ, ১৯৭১ সালে পল্টন ময়দানে খ. ৭ মার্চ, ১৯৭১ সালে পল্টন ময়দানে
গ. ৭ মার্চ, ১৯৭১ সালে রমনা রেসকোর্স ময়দানে ঘ. ২৬ মার্চ, ১৯৭১ সালে ধানমন্ডির নিজ বাড়িতে **উত্তর: গ**

১০. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণে 'RTC' এর পূর্ণরূপ কী? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. Round Table Conference খ. Road and Transport Corporation
গ. Royal Technical Committee ঘ. Rawalpindi Technical Committee **উত্তর: ক**

১১. ৭ মার্চ রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিখ্যাত ভাষণের মূল বক্তব্য কী? [বিআইডব্লিউটিএ'র সহকারী কোষাধ্যক্ষ: ২৩]
ক. সামরিক আইন জারি করা খ. পুনরায় নির্বাচন দাবি
গ. অনশন ধর্মঘট আহবান ঘ. স্বাধীনতা সংগ্রাম তথা মুক্তির সংগ্রামের ঘোষণা **উত্তর: ঘ**

১২. ৭ মার্চের ভাষণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কয় দফা দাবি পেশ করেন? / ঐতিহাসিক ৭ মার্চের ভাষণে অ্যাসেম্বলিতে বসবার জন্য বঙ্গবন্ধু কয়টি শর্ত দিয়েছিলেন? [বিআরইবি'র সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার: ২৩]
ক. ৬ দফা খ. ৪ দফা গ. ১১ দফা ঘ. ৭ দফা **উত্তর: খ**
ব্যাখ্যা: ৭ মার্চের ভাষণের চারটি দাবি হলো (১) সামরিক আইন প্রত্যাহার, (২) সৈন্যদের ব্যারাকে ফিরিয়ে নেওয়া, (৩) গণহত্যার তদন্ত, (৪) নির্বাচিত প্রতিনিধির কাছে ক্ষমতা হস্তান্তর।

১৩. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৭ মার্চের ভাষণে বেসামরিক প্রশাসন চালুর জন্যে কতটি বিধি জারি করেন? [জনসংযোগ ও ডিডিপি'র উপজেলা প্রশিক্ষক: ১৪]
ক. ১১টি খ. ২১টি গ. ২৮টি ঘ. ৩৫টি **উত্তর: ঘ**

১৪. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের উপর ভিত্তি করে নির্মিত চলচ্চিত্রের নাম - [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. ভয়েস অব লিবার্টি খ. দ্য স্পিচ গ. ওরা ১১ জন ঘ. স্টপ জেনোসাইড উত্তর: খ

১৪. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের উপর ভিত্তি করে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের নাম কী? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. তর্জনী খ. গর্জন গ. স্বাধীনতা ঘ. মুক্তি উত্তর: ক

১৫. ৭ মার্চ ভবন কোন বিশ্ববিদ্যালয়ে অবস্থিত? [ফায়ার সার্ভিসের স্টাফ অফিসার: ২৩]
ক. রাজশাহী খ. খুলনা গ. জগন্নাথ ঘ. ঢাকা উত্তর: ঘ

১৬. ইউনেস্কোর মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টারে কার ভাষণ অন্তর্ভুক্ত হয়েছে? [১৫তম প্রভাষক নিবন্ধন]
ক. মাহাথির মোহাম্মাদ খ. ইন্দিরা গান্ধী গ. জওহরলাল নেহেরু ঘ. শেখ মুজিবুর রহমান উত্তর: ঘ

১৭. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে ইউনেস্কো কী হিসাবে স্বীকৃতি দিয়েছে? [পিকেবি'র অফিসার: ১৭]
ক. ওয়ার্ল্ড মেমোরি হেরিটেজ খ. ওয়ার্ল্ড ওয়ার হেরিটেজ গ. ওয়ার্ল্ড হিস্ট্রিক্যাল হেরিটেজ ঘ. ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ উত্তর: ঘ

১৮. কোন সংগঠন বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল' রেজিস্টারে স্বীকৃতি দেয়? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]
ক. ইউনেস্কো খ. ইউএনডিপি গ. ইউনিসেফ ঘ. বিশ্বব্যাংক উত্তর: ক

১৯. কত সালে পাণ্ডুলিপিবিহীন এবং অলিখিত কোন বিষয়কে ইউনেস্কোর ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল হেরিটেজ রেজিস্টারে তালিকাভুক্ত করা হয়? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ২০১৬ খ. ২০১৫ গ. ২০১৭ ঘ. ২০১৮ উত্তর: গ

২০. কবে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ ইউনেস্কোর 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল' রেজিস্টারে অন্তর্ভুক্ত হয়েছে? / বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে ইউনেস্কো কর্তৃক বিশ্ব ঐতিহ্যের দলিল হিসেবে স্বীকৃতি দেওয়া হয় - [ডাক বিভাগের হিসাবরক্ষক: ২৩]
ক. ৩০ আগস্ট, ২০১৭ খ. ৩০ অক্টোবর, ২০১৭ গ. ৩১ আগস্ট, ২০১৭ ঘ. ৩১ অক্টোবর, ২০১৭ উত্তর: খ

২১. ইউনেস্কোর কোন মহাপরিচালক বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে স্বীকৃতি দেন? [মাউশি অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. লুথার ইভানস খ. জন ডব্লিউ টেইলর গ. ইরিনা বোকোভা ঘ. ভিট্রোরিনো ভেরেনেসে উত্তর: গ

২২. সরকার ঘোষিত 'ঐতিহাসিক দিবস' কোনটি? [জীবন বীমা কর্পোরেশনের অফিস সহকারী: ২১]
ক. ১০ জানুয়ারি খ. ৭ মার্চ গ. ১৭ মার্চ ঘ. ২৬ মার্চ উত্তর: খ

২৩. জাতিসংঘের সব দাপ্তরিক ভাষায় 'The Historic 7th March Speech of Bangabandhu Sheikh Mujibur Rahman: A World Documentary Heritage' নামে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ বিষয়ক গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয় - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২১]
ক. ০৪ মার্চ, ২০২১ খ. ০৫ মার্চ, ২০২১ গ. ০৬ মার্চ, ২০২১ ঘ. ০৭ মার্চ, ২০২১ উত্তর: খ

অপারেশন সার্চলাইট

০১. অপারেশন সার্চলাইটের নীলনকশা করা হয় - [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. ১৮ মার্চ, ১৯৭১ খ. ২০ মার্চ, ১৯৭১ গ. ২২ মার্চ, ১৯৭১ ঘ. ২৮ মার্চ, ১৯৭১ উত্তর: ক

০২. কে অপারেশন সার্চলাইটের নীল নকশা তৈরি করেন? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ইয়াহিয়া খ. ভুট্টো গ. টিক্কা খান ঘ. মোহাম্মদ আলী জিন্নাহ উত্তর: গ

০৩. অপারেশন সার্চলাইটের পরিকল্পনাকারী ছিল - [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক. ইয়াহিয়া খান খ. জেনারেল নিয়াজী গ. রাও ফরমান আলী ঘ. ইস্কান্দার মির্জা উত্তর: গ

০৪. অপারেশন সার্চলাইট যে সালে সংগঠিত হয় - / অপারেশন সার্চলাইট কোন সালের ঘটনা? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২১]
ক. ১৯৬৯ খ. ১৯৭১ গ. ১৯৭৫ ঘ. ১৯৯০ উত্তর: খ

০৫. কোন সাংকেতিক নামে পাকিস্তানি বাহিনী ১৯৭১ সালের ২৫ মার্চের মধ্যরাতে নিরীহ বাঙালিদের উপর হামলা শুরু করেছিল? / কোন সাংকেতিক নামে পাকিস্তানি বাহিনী নিরীহ বাঙালিদের উপর হামলা শুরু করেছিল? [নির্বাচন কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক. অপারেশন ব্লু স্টার খ. অপারেশন ক্লিনহার্ট গ. অপারেশন সার্চলাইট ঘ. অপারেশন হান্ট উত্তর: গ

০৬. ১৯৭১ সালের ২৫ মার্চ ছিল - [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. বৃহস্পতিবার খ. শুক্রবার গ. শনিবার ঘ. রবিবার উত্তর: ক

০৭. কবে ও কখন হানাদার পাকিস্তানি সৈন্যরা বঙ্গবন্ধুর ধানমন্ডির বাড়ি আক্রমণ করে? [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ৯৮]
ক. ৭ মার্চ, ১৯৭১ খ. ২৫ মার্চ, ১৯৭১ গ. ২৬ মার্চ, ১৯৭১ ঘ. ২৭ মার্চ, ১৯৭১ উত্তর: খ

০৮. শুধু একটি নম্বর '৩২' উল্লেখ করলে ঢাকার একটি বিখ্যাত বাড়িকে বুঝায়। বাড়িটি কী? [পিএসসি'র সহকারী পরিচালক: ৯৮]
ক. গণভবন খ. বঙ্গভবন
গ. আহসান মঞ্জিল ঘ. ঢাকার ধানমন্ডির তৎকালীন ৩২ নং সড়কের বঙ্গবন্ধুর বাসভবন উত্তর: ঘ

০৯. কোন দিবসকে বাংলাদেশ সরকার 'গণহত্যা দিবস' হিসাবে অনুমোদন করেছে? [আইসিটি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. ১৬ ডিসেম্বর খ. ২৫ মার্চ গ. ২১ ফেব্রুয়ারি ঘ. ২৬ মার্চ উত্তর: খ

১০. ১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাতে 'অপারেশন সার্চলাইট' কোন দেশের জনগণের বিরুদ্ধে পরিচালিত হয়েছিল? [এসবিসি'র সহকারী ব্যবস্থাপক: ০৮]
ক. ইরাক খ. বসনিয়া গ. আফগানিস্তান ঘ. বাংলাদেশ উত্তর: ঘ

CamScanner

১১. ১৯৭১ সালে ঢাকা শহরে অপারেশন সার্চলাইট পরিচালনার মূল দায়িত্বে ছিলেন – [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. জেনারেল ইয়াহিয়া খান খ. জেনারেল টিক্কা খান গ. জেনারেল জিয়াউর রহমান ঘ. জেনারেল রাও ফরমান আলী **উত্তর: ঘ**

১২. 'পোড়ামাটি নীতি' কোন বাহিনীর জন্য প্রযোজ্য ছিল? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ভারত সেনাবাহিনী খ. পাক-ভারত বাহিনী গ. পাকিস্তান সেনাবাহিনী ঘ. পাকিস্তান বিমানবাহিনী **উত্তর: গ**

১৩. মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলেন – [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রোগ্রামার: ১৬]
ক. পুলিশ খ. ইস্টবেঙ্গল রেজিমেন্ট গ. ই.পি.আর. ঘ. আনসার ভি.ডি.পি. **উত্তর: খ**

১৪. মুক্তিযুদ্ধের প্রথম সশস্ত্র প্রতিরোধ কোথায় সংঘটিত হয়? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]
ক. টাঙ্গাইল খ. গাজীপুর গ. রাজারবাগ পুলিশ লাইন ঘ. ঢাকা **উত্তর: খ**

স্বাধীনতার ঘোষণা

০১. কত তারিখে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করা হয়? / কোন তারিখে স্বাধীন বাংলাদেশের সাংবিধানিক ঘোষণা হয়েছিল? [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৮]
ক. ৭ মার্চ, ১৯৭১ খ. ২৬ মার্চ, ১৯৭১ গ. ১৬ ডিসেম্বর, ১৯৭১ ঘ. ১৭ এপ্রিল, ১৯৭১ **উত্তর: খ**
ব্যাখ্যা: ১৯৭১ সালের ২৬ মার্চের প্রথম প্রহরে ১২:২০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইস্ট পাকিস্তান রাইফেলস (ইপিআর) এর ওয়্যারলেসযোগে ডিকোডেড মেসেজের মাধ্যমে ইংরেজিতে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা দেন।

০২. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ২৫ মার্চ রাত কয়টায় বাংলাদেশের স্বাধীনতা ঘোষনা করেন? [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৮]
ক. ১২ টা ২০ মিনিট খ. ১২ টা ৩০ মিনিট গ. ১ টা ১৫ মিনিট ঘ. ১ টা ৩০ মিনিট **উত্তর: ক**

০৩. বাংলাদেশের স্বাধীনতার ঘোষক কে? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. এ. কে. ফজলুল হক খ. জিয়াউর রহমান গ. মওলানা ভাসানী ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

০৪. কোন ভাষায় বঙ্গবন্ধু স্বাধীনতার ঘোষণা দেন? [জেলা প্রশাসকের কার্যালয়ের ইউনিয়ন পরিষদ সচিব: ২৩]
ক. বাংলা খ. ইংরেজি গ. আরবি ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

০৫. বঙ্গবন্ধু ১৯৭১ সালের ২৬ মার্চ স্বাধীনতা ঘোষণা জারি করেন – [৩৬তম বিসিএস]
ক. বেতার / রেডিওর মাধ্যমে খ. ওয়্যারলেসের মাধ্যমে গ. টেলিগ্রামের মাধ্যমে ঘ. টেলিভিশনের মাধ্যমে **উত্তর: খ**

০৬. বঙ্গবন্ধু ১৯৭১ সালের ২৬ মার্চ তৎকালীন কোন সংস্থার ওয়্যারলেসের সহযোগিতা নিয়ে স্বাধীনতা ঘোষণা করেছিলেন? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]
ক. পূর্ব পাকিস্তান নৌবাহিনী খ. পূর্ব পাকিস্তান বিমানবাহিনী গ. ইস্ট পাকিস্তান রাইফেলস ঘ. পূর্ব পাকিস্তান সেনাবাহিনী **উত্তর: গ**

০৭. বঙ্গবন্ধুকে গ্রেফতারের জন্য পরিচালিত অপারেশনের নাম কী? / ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে বঙ্গবন্ধুকে গ্রেফতার করতে পরিচালিত অপারেশনের নাম কী ছিল? [ডিএমএলসি'র সহকারী শিক্ষক: ২৩]
ক. অপারেশন বিগ বার্ড খ. অপারেশন বিগ গান গ. অপারেশন মুজিব ঘ. অপারেশন অ্যারেস্ট **উত্তর: ক**

০৮. ১৯৭১ সালের কোন তারিখে বাংলাদেশ স্বাধীন হয়? [ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার: ১৮]
ক. ৭ মার্চ খ. ২৬ মার্চ গ. ১১ সেপ্টেম্বর ঘ. ১৬ ডিসেম্বর **উত্তর: খ**

০৯. বাংলাদেশের স্বাধীনতা দিবস কবে? [বিএডিসি'র ড্রাইভার: ২৩]
ক. ১৬ ডিসেম্বর খ. ৭ মার্চ গ. ২৬ মার্চ ঘ. ১৭ এপ্রিল **উত্তর: গ**

১০. বাংলাদেশের জাতীয় দিবস কোনটি? [৩৩তম বিসিএস]
ক. ১৬ ডিসেম্বর খ. ৭ মার্চ গ. ২৬ মার্চ ঘ. ১৭ এপ্রিল **উত্তর: গ**

১১. কোন তারিখে জেনারেল ইয়াহিয়া বঙ্গবন্ধুকে দেশদ্রোহী আখ্যায়িত করেন? [সোনালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]
ক. ১৬ ডিসেম্বর, ১৯৭১ খ. ৭ মার্চ, ১৯৭১ গ. ২৬ মার্চ, ১৯৭১ ঘ. ১৭ এপ্রিল, ১৯৭১ **উত্তর: গ**

১২. বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণা ২৬ মার্চ চট্টগ্রাম বেতার কেন্দ্র থেকে কে প্রথম প্রচার করেন? [পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]
ক. আবুল কাশেম সন্দীপ খ. মেজর রফিকুল গ. এম. এ. হান্নান ঘ. মেজর জিয়াউর রহমান **উত্তর: গ**

১৩. এম. এ. হান্নান প্রথমবার কোথা থেকে স্বাধীনতার ঘোষণা পাঠ করেন? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র খ. রেডিও পাকিস্তান, চট্টগ্রাম গ. চট্টগ্রাম বেতার কেন্দ্র ঘ. কালুরঘাট বেতার কেন্দ্র, চট্টগ্রাম **উত্তর: ঘ**

১৪. তৎকালীন মেজর জিয়াউর রহমান কোন বেতার কেন্দ্র থেকে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন? [বিদ্যুৎ মন্ত্রণালয়ের বিস্ফোরক পরিদর্শক: ০৩]
ক. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র খ. রেডিও পাকিস্তান, চট্টগ্রাম গ. চট্টগ্রাম বেতার কেন্দ্র ঘ. কালুরঘাট বেতার কেন্দ্র, চট্টগ্রাম **উত্তর: ঘ**

১৫. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রথম কোথায় স্থাপিত হয়েছিল? [বেবিচকের স্টোরম্যান: ২১]
ক. কালুরঘাট, চট্টগ্রাম খ. শ্রীমঙ্গল, মৌলভীবাজার গ. মুজিবনগর, মেহেরপুর ঘ. নাটোর, রাজশাহী **উত্তর: ক**

১৬. ১৯৭১ সালের কত তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বন্দি করে করাচিতে নিয়ে যাওয়া হয়? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ২৫ মার্চ রাতে খ. ২৬ মার্চ রাতে গ. ২৭ মার্চ রাতে ঘ. ২৯ মার্চ রাতে **উত্তর: ঘ**
ব্যাখ্যা: স্বাধীনতা ঘোষণার পরপরই পাকিস্তান সেনাবাহিনী ২৬ মার্চের প্রথম প্রহরে আনুমানিক ১:২০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ধানমন্ডির ৩২ নম্বর সড়কের ৬৭৭ নম্বর বাসা থেকে গ্রেফতার করে। গ্রেফতার করে তাকে প্রথমে ন্যাশনাল এসেম্বলি ভবনে নিয়ে যাওয়া হয়। সেখান থেকে ক্যান্টনমেন্টের ১৪ ডিভিশন অফিসার্স মেসে নিয়ে যাওয়া হয়। তারপর অফিসার্স মেস থেকে আদমজী ক্যান্টনমেন্ট স্কুল ভবনের

CamScanner

চারতলায় সরিয়ে নেওয়া হয়। পরের দিন ফ্ল্যাগ স্টাফ হাউসে নিয়ে যাওয়া হয়। তারপর সেখান থেকে ২৯ মার্চ শ্রীলংকা হয়ে পশ্চিম পাকিস্তানের করাচিতে নিয়ে যাওয়া হয়।

১৭. **কবে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের সম্প্রচার বন্ধ হয়?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]
ক. ২৯ মার্চ, ১৯৭১ খ. ৩০ মার্চ, ১৯৭১ গ. ৩১ মার্চ, ১৯৭১ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

১৮. **স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত 'চরমপত্র' কে পরিচালনা ও উপস্থাপনা করেন?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]
ক. বেলাল আহমেদ খ. এম. এ. আজিজ গ. আবু হেনা মোস্তফা ঘ. এম. আর. আখতার মুকুল **উত্তর: ঘ**

১৯. **'চরমপত্র' খ্যাত ব্যক্তিত্ব হচ্ছে –** [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৬]
ক. মাওলানা ভাসানী খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ গ. শহীদ সোহরাওয়ার্দী ঘ. এম. আর. আখতার মুকুল **উত্তর: ঘ**

২০. **'জল্লাদের দরবার' কী?** [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ০৮]
ক. প্রাচীনকালে রাজাদের শাহী দরবারখানা খ. ইয়াহিয়া খানকে ব্যঙ্গ করে নির্মিত স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অনুষ্ঠান
গ. ফাঁসির আসামিদের ফাঁসি কার্যকর করা জল্লাদদের সংগঠন ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

২১. **স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত অনুষ্ঠান নয় কোনটি?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২২]
ক. বজ্রকণ্ঠ খ. জল্লাদের দরবার গ. গানের ডালি ঘ. চরমপত্র **উত্তর: গ**

২২. **'লোকটি এবং তাঁর দল পাকিস্তানের শত্রু, এবার তাঁরা শাস্তি এড়াতে পারবে না' বঙ্গবন্ধু সম্পর্কে এই দম্ভোক্তিকারী ব্যক্তিটি কে?** [২০তম বিসিএস]
ক. জেনারেল নিয়াজী খ. জেনারেল টিক্কা খান গ. জেনারেল ইয়াহিয়া খান ঘ. জেনারেল হামিদ খান **উত্তর: গ**

২৩. **নিচের কোন দুইটি দেশের স্বাধীনতার ঘোষণাপত্র রয়েছে?** [আইডিইএ'র ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক. বাংলাদেশ ও যুক্তরাজ্য খ. বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র গ. বাংলাদেশ ও ফ্রান্স ঘ. যুক্তরাষ্ট্র ও আলবেনিয়া **উত্তর: খ**

মুজিবনগর সরকারের গঠন ও কার্যাবলি

০১. **বাংলাদেশ গণপ্রজাতন্ত্রের ঘোষণা হয়েছিল –** [১০তম বিসিএস]
ক. ১০ এপ্রিল, ১৯৭১ খ. ১৭ এপ্রিল, ১৯৭১ গ. ২৬ মার্চ, ১৯৭১ ঘ. ১৬ ডিসেম্বর, ১৯৭১ **উত্তর: ক**
ব্যাখ্যা: ১৯৭১ সালের ১০ এপ্রিল ভারতের ত্রিপুরা রাজ্যের রাজধানী আগরতলায় স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গঠিত হয়। এ দিন আনুষ্ঠানিকভাবে স্বাধীনতার ঘোষণাপত্র গৃহীত, জারি ও কার্যকর করা হয়। ১৯৭১ সালের ১৭ এপ্রিল বাংলাদেশের প্রথম সরকারের আত্মপ্রকাশ ও শপথ ঘোষণার জন্য চুয়াডাঙ্গাকে নির্ধারণ করা হলেও পরবর্তী সময়ে মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার ভবের পাড়া গ্রামের আম্রকাননকে বেছে নেওয়া হয়। তাজউদ্দিন আহমেদ বৈদ্যনাথতলার ভবের পাড়া গ্রামের আম্রকানন স্থানটিকে শেখ মুজিবুর রহমানের নামের সাথে মিল রেখে মুজিবনগর নামকরণ করেন। এজন্য বাংলাদেশের প্রথম সরকার মুজিবনগর সরকার নামে পরিচিত।

০২. **কবে আনুষ্ঠানিকভাবে স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয়? / কবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র গৃহীত হয়?** [২২তম বিসিএস]
ক. ১০ এপ্রিল, ১৯৭১ খ. ১৭ এপ্রিল, ১৯৭১ গ. ৭ মার্চ, ১৯৭১ ঘ. ২৫ মার্চ, ১৯৭১ **উত্তর: ক**

০৩. **কবে থেকে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কার্যকর করা হয়?** [নির্বাচন কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক. ১৯৭১ সালের ২৫ মার্চ খ. ১৯৭১ সালের ২৬ মার্চ গ. ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর ঘ. ১৯৭১ সালের ১০ এপ্রিল **উত্তর: খ**

০৪. **কোথায় থেকে জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্রের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গঠন করা হয় –** [বাপেক্স'র অফিসার: ০৯]
ক. পাটগ্রাম, লালমনিরহাট খ. পলাশী, নদীয়া গ. কমলপুর, জামালপুর ঘ. মুজিবনগর, মেহেরপুর **উত্তর: ঘ**

০৫. **বাংলাদেশেরর প্রথম অস্থায়ী সরকার ঘোষণা করা হয়েছিল – / কবে বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার বা মুজিবনগর সরকার গঠিত হয়? / কবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করে? / মুজিবনগর সরকার কবে গঠিত হয়? / কবে স্বাধীন বাংলাদেশের প্রথম মন্ত্রিসভা গঠিত হয়?** [৩৯তম বিসিএস]
ক. ১০ এপ্রিল, ১৯৭১ খ. ১৭ এপ্রিল, ১৯৭১ গ. ২৬ মার্চ, ১৯৭১ ঘ. ১৬ ডিসেম্বর, ১৯৭১ **উত্তর: ক**

০৬. **বাঙালিদের কাছে ১০ এপ্রিল তাৎপর্যপূর্ণ কেন?** [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১১]
ক. স্বাধীনতা দিবস খ. বিজয় দিবস গ. ভাষা দিবস ঘ. মুজিবনগর সরকার গঠন **উত্তর: ঘ**

০৭. **বাংলাদেশের অস্থায়ী সরকার কোথায় গঠিত হয়? / বাংলাদেশের প্রথম সরকার কোথায় গঠিত হয়? / বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার কোথায় গঠিত হয়েছিল? / বাংলাদেশের অস্থায়ী সরকার বা প্রথম সরকার বা প্রবাসী সরকার কোথায় গঠিত হয়? / মুজিবনগর সরকার কোথায় গঠিত হয়?** [৩৩তম বিসিএস]
ক. কালুরঘাট, চট্টগ্রাম খ. মুজিবনগর, মেহেরপুর গ. দর্শনা, চুয়াডাঙ্গা ঘ. নবাবগঞ্জ, দিনাজপুর **উত্তর: খ**

০৮. **মুজিবনগর কোথায় অবস্থিত?** [বাংলাদেশ রেলওয়ের ওয়েম্যান: ২৩]
ক. সাতক্ষীরা খ. মেহেরপুর গ. চুয়াডাঙ্গা ঘ. দিনাজপুর **উত্তর: খ**

০৯. **বাংলাদেশের প্রথম অস্থায়ী রাজধানীর নাম কী?** [কর্ণফুলী গ্যাস কোম্পানির সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. ঢাকা খ. মেহেরপুর গ. চট্টগ্রাম ঘ. মুজিবনগর **উত্তর: ঘ**

১০. **১৯৭১ সালে কোন গ্রামের নামকরণ মুজিবনগর করা হয়? / মুজিবনগরের পূর্বনাম কী ছিল?** [আইইআর'র উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]
ক. মানিক নগর খ. বৈদ্যনাথতলা গ. বুড়িপোতা ঘ. আমঝুপি **উত্তর: খ**

১১. **বর্তমান মুজিবনগরের পূর্ব নাম কী?** [১১তম প্রভাষক নিবন্ধন]
ক. চন্দ্রবাড়ি খ. ভবেরপাড়া গ. টুংগীপাড়া ঘ. শিমুলিয়া **উত্তর: খ**

CamScanner

১২. মুক্তিযুদ্ধকালে কত তারিখে কলকাতার ৮ নং থিয়েটার রোডে 'বাংলাদেশ বাহিনী' গঠন করা হয়? [৪১তম বিসিএস]
ক. ১০ এপ্রিল, ১৯৭১ খ. ১১ এপ্রিল, ১৯৭১ গ. ১২ এপ্রিল, ১৯৭১ ঘ. ১৩ এপ্রিল, ১৯৭১ **উত্তর: গ**

১৩. কত সালে বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার শপথ নেয়? / বাংলাদেশের অস্থায়ী সরকার শপথ গ্রহণ করে - [বিএমইটি'র অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ১০ এপ্রিল, ১৯৭১ খ. ১২ এপ্রিল, ১৯৭১ গ. ১৭ এপ্রিল, ১৯৭১ ঘ. ১৬ ডিসেম্বর, ১৯৭১ **উত্তর: গ**

১৪. মুজিবনগর সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানে শপথ বাক্য কে পাঠ করান? [বেবিচকের সহকারী নিরাপত্তা কর্মকর্তা: ২১]
ক. ক্যাপ্টেন মনসুর আলী খ. অধ্যাপক ইউসুফ আলী গ. সৈয়দ নজরুল ইসলাম ঘ. তাজউদ্দীন আহমদ **উত্তর: খ**

১৫. কবে মুজিবনগর দিবস পালন করা হয়? [পেট্রোবাংলার উচ্চমান সহকারী: ১৭]
ক. ১০ এপ্রিল খ. ১৭ এপ্রিল গ. ১৭ মার্চ ঘ. ২৭ মার্চ **উত্তর: খ**

২৬. বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কত তারিখে পঠিত হয়? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. ৭ মার্চ, ১৯৭১ খ. ২৬ মার্চ, ১৯৭১ গ. ১০ এপ্রিল, ১৯৭১ ঘ. ১৭ এপ্রিল, ১৯৭১ **উত্তর: ঘ**

১৭. বাংলাদেশের প্রবাসী সরকারের স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন - / ১৯৭১ সালে বাংলাদেশের অস্থায়ী সরকারের ঘোষণাপত্র পাঠ করেন - [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১২]
ক. ক্যাপ্টেন মনসুর আলী খ. অধ্যাপক ইউসুফ আলী গ. সৈয়দ নজরুল ইসলাম ঘ. তাজউদ্দীন আহমদ **উত্তর: খ**

১৮. বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করা হয় - [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩]
ক. মুজিবনগর হতে খ. ঢাকা হতে গ. খুলনা হতে ঘ. কালুরঘাট হতে **উত্তর: ক**

১৯. ১৯৭১ সালের ১৭ এপ্রিল মুজিবনগর সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন কে? / মুজিবনগর সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন কে? [বেবিচকের অ্যারোড্রাম কর্মকর্তা: ২১]
ক. তাজউদ্দীন আহমদ খ. মোহাম্মদ ইউসুফ আলী গ. আবদুল মান্নান ঘ. সৈয়দ নজরুল ইসলাম **উত্তর: গ**

২০. মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে বাংলাদেশ সরকারের অস্থায়ী সচিবালয় বা সদর দপ্তর কোথায় ছিল? / মুজিবনগর সরকারের অস্থায়ী কার্যালয় কোথায় ছিল? / প্রবাসী বাংলাদেশ সরকারের অফিস কোথায় ছিল? [বিএসএমএমইউ'র সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. বেনাপোল খ. দিল্লি গ. করিমগঞ্জ ঘ. ৮ নং থিয়েটার রোড, কলকাতা **উত্তর: ঘ**

২১. মুজিবনগরে কোন পদ্ধতির সরকার গঠিত হয়? / বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার কোন পদ্ধতির সরকার ছিল? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. মন্ত্রিপরিষদ শাসিত খ. রাষ্ট্রপতি শাসিত গ. উভয়ই ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

২২. কখন বাংলাদেশে প্রথম প্রেসিডেন্ট বা রাষ্ট্রপতি পদ্ধতির সরকার গঠিত হয়? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]
ক. ১৯৭১ খ. ১৯৭২ গ. ১৯৭৫ ঘ. ১৯৮০ **উত্তর: ক**

২৩. মুজিবনগর সরকারের কতটি মন্ত্রণালয় ছিল? [ডিএমএলসি'র জুনিয়র শিক্ষক: ২৩]
ক. ১০ খ. ১১ গ. ১২ ঘ. ১৩ **উত্তর: গ**
ব্যাখ্যা: মুজিবনগর সরকারে মোট ১২ টি মন্ত্রণালয় বা বিভাগ ছিল। যথা- প্রতিরক্ষা, পররাষ্ট্র, অর্থ, স্বরাষ্ট্র, শিল্প ও বাণিজ্য, মন্ত্রিপরিষদ, সাধারণ প্রশাসন, স্বাস্থ্য ও কল্যাণ, ত্রাণ ও পুনর্বাসন, প্রকৌশল বিভাগ, পরিকল্পনা কমিশন এবং যুব ও অভ্যর্থনা শিবির নিয়ন্ত্রণ বোর্ড। এই সরকারের মন্ত্রিসভার সদস্য ছিলেন ৬ জন। তাঁরা হলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমেদ, মোহাম্মদ মনসুর আলী, আবুল হাসনাত মোহাম্মদ কামারুজ্জামান ও খন্দকার মোশতাক আহমেদ।

২৪. মুজিবনগর সরকারের মন্ত্রিসভায় সদস্য কতজন ছিলেন? [ফায়ার সার্ভিসের স্টাফ অফিসার: ২৩]
ক. ৪ জন খ. ৬ জন গ. ৮ জন ঘ. ১০ জন **উত্তর: খ**

২৫. বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন? / মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন? / অস্থায়ী সরকারের প্রথম রাষ্ট্রপতি - / মুজিবনগর সরকারের প্রধান কে ছিলেন? [২৯তম বিসিএস]
ক. সৈয়দ নজরুল ইসলাম খ. তাজউদ্দিন আহমেদ গ. শেখ মুজিবুর রহমান ঘ. ক্যাপ্টেন মনসুর আলী **উত্তর: গ**

২৬. বাংলাদেশের প্রথম অস্থায়ী প্রেসিডেন্ট কে ছিলেন? / মুক্তিযুদ্ধকালে বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি ছিলেন - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. তাজউদ্দিন আহমেদ খ. মোশতাক আহমেদ গ. সৈয়দ নজরুল ইসলাম ঘ. মনসুর আলী **উত্তর: গ**

২৭. বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী - / মুজিবনগর সরকারের প্রতিরক্ষা মন্ত্রী ছিলেন - / মুজিবনগর সরকারের তথ্য ও পরিকল্পনা মন্ত্রী - / মুজিবনগর সরকারের শিক্ষা ও স্বাস্থ্য মন্ত্রী ছিলেন - / মুজিবনগর সরকারের অর্থনীতি বিষয়ক ও পরিকল্পনা বিভাগের দায়িত্বে ছিলেন কে? [৪৩তম বিসিএস]
ক. শেখ মুজিবুর রহমান খ. এম.মনসুর আলী গ. তাজউদ্দিন আহমেদ ঘ. আতাউর রহমান খান **উত্তর: গ**

২৮. বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী বঙ্গতাজ তাজউদ্দিন আহমেদ জন্মগ্রহণ করেন - [বিএসসি'র অফিসার: ২২]
ক. দাউদকান্দি, কুমিল্লা খ. সাটুরিয়া, মানিকগঞ্জ গ. মাওয়া, মুন্সিগঞ্জ ঘ. কাপাসিয়া, গাজীপুর **উত্তর: ঘ**

২৯. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন? / মুজিবনগর সরকারের শিল্প ও বাণিজ্য মন্ত্রী কে ছিলেন? [বিটিভির ক্যাশিয়ার: ২১]
ক. এম. মনসুর আলী খ. তাজউদ্দিন আহমেদ গ. সৈয়দ নজরুল ইসলাম ঘ. খন্দকার মোশতাক আহমেদ **উত্তর: ক**

৩০. মুজিবনগর সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী কে ছিলেন? / মুজিবনগর সরকারের কৃষিমন্ত্রী কে ছিলেন? [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. তাজউদ্দিন আহমেদ খ. এম. মনসুর আলী গ. খন্দকার মোস্তাক আহমেদ ঘ. এ. এইচ. এম. কামারুজ্জামান **উত্তর: ঘ**

৩১. মুজিবনগর সরকারের ত্রাণ ও পুর্নবাসন মন্ত্রী কে ছিলেন? [৪৪তম বিসিএস]
ক. এম. মনসুর আলী খ. তাজউদ্দিন আহমেদ গ. খন্দকার মোস্তাক আহমেদ ঘ. এ. এইচ. এম. কামারুজ্জামান **উত্তর: ঘ**

CamScanner

৩২. বাংলাদেশের প্রথম আইনমন্ত্রী কে ছিলেন? / মুজিবনগর সরকারের আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী কে ছিলেন? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০২]
ক. ইশতিয়াক আহমেদ খ. মোশতাক আহমেদ গ. নাজমুল হুদা ঘ. কামাল হোসেন **উত্তর: খ**

৩৩. বাংলাদেশের অস্থায়ী সরকারের পররাষ্ট্রমন্ত্রী ছিলেন - / মুজিবনগর সরকারের পররাষ্ট্র মন্ত্রী ছিলেন - [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক. ক্যাপ্টেন মনসুর আলী খ. শাহ আবদুল হামিদ গ. তাজউদ্দিন আহমেদ ঘ. খন্দকার মোশতাক আহমেদ **উত্তর: ঘ**

৩৪. মুজিবনগর সরকারের ক্যাবিনেট সেক্রেটারি কে ছিলেন? / মুজিবনগর সরকারের মন্ত্রিপরিষদ সচিব কে ছিলেন? / স্বাধীন বাংলাদেশ প্রথম মন্ত্রিপরিষদ সচিব কে ছিলেন? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২১]
ক. তৌফিক এলাহী খ. ফজলুর রহমান গ. মির্জা আব্দুল জলিল ঘ. এইচ. টি. ইমাম **উত্তর: খ**

৩৫. মুজিবনগর সরকারের মুখ্য সচিব কে ছিলেন? [বেবিচকের উচ্চমান সহকারী: ২১]
ক. রুহুল কুদ্দুস খ. মাহবুবুল আলম চাষী গ. খন্দকার আসাদুজ্জামান ঘ. এইচ. টি. ইমাম **উত্তর: ক**

৩৬. বিচারপতি আবু সাঈদ চৌধুরী ১৯৭১ সালে গঠিত মুজিবনগর সরকারের কোন পদে নিযুক্ত ছিলেন? [৮ম বিজেএস]
ক. পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী খ. আইন ও বিচার বিষয়ক মন্ত্রী গ. বিশেষ কূটনৈতিক প্রতিনিধি ঘ. নয়াদিল্লীস্থ বাংলাদেশ মিশন প্রধান **উত্তর: গ**

৩৭. মুক্তিযুদ্ধকালে ভারতের নয়াদিল্লীতে অবস্থিত বাংলাদেশ মিশনের প্রধান কে ছিলেন? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক. এম. হোসেন আলী খ. আবুল ফতেহ গ. আবু সাঈদ চৌধুরী ঘ. হুমায়ুন রশীদ চৌধুরী **উত্তর: ঘ**

৩৮. মুক্তিযুদ্ধকালে বাংলাদেশ সরকারের সর্বদলীয় উপদেষ্টা কমিটির চেয়ারম্যান - / মুজিবনগর সরকারের সর্বদলীয় উপদেষ্টা কমিটির সভাপতি কে ছিলেন? [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৮]
ক. তাজউদ্দিন আহমেদ খ. সৈয়দ নজরুল ইসলাম গ. কমরেড মনি সিং ঘ. মাওলানা ভাসানী **উত্তর: ঘ**

৩৯. মুক্তিযুদ্ধকালে বাংলাদেশ সরকারের সর্বদলীয় উপদেষ্টা কমিটির সদস্য ছিলেন - [বিএসসি'র সিনিয়র অফিসার: ২১]
ক. মনোরঞ্জন ধর খ. এম. এ. জি. ওসমানী গ. ইউসুফ আলী ঘ. মনসুর আলী **উত্তর: ক**

৪০. ১৯৭১ সালে প্রথম কোন কূটনীতিক বাংলাদেশের প্রতি আনুগত্য প্রকাশ করেন? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ৯৯]
ক. কে. এম. শাহাবুদ্দিন খ. এস কে নবী গ. মোঃ মহিউদ্দিন খান ঘ. এম. হোসেন আলী **উত্তর: ক**

৪১. বিদেশে কোন মিশনে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়? [বিএডিসি'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. লন্ডন খ. কলকাতা গ. টোকিও ঘ. ওয়াশিংটন **উত্তর: খ**

৪২. মুক্তিযুদ্ধকালে কার অধীনে ওয়াশিংটন বাংলাদেশ মিশন খোলা হয়? [ডেসকো'র জুনিয়র অ্যাসিসটেন্ট ম্যানেজার: ১৯]
ক. আবু সাঈদ চৌধুরী খ. এ. এস. এম. সায়েম গ. এম. আর. সিদ্দিকী ঘ. রবিশঙ্কর ঘোষ **উত্তর: গ**

৪৩. ১৯৭১ সালে মুজিবনগর সরকার কর্তৃক প্রকাশিত পত্রিকার নাম ছিল - [৪২তম বিসিএস]
ক. জয় বাংলা খ. বাংলাদেশ গ. স্বাধীনতা ঘ. মুক্তির ডাক **উত্তর: ক**

৪৪. মুক্তিযুদ্ধ চলাকালে বরিশাল থেকে কোন পত্রিকাটি প্রকাশিত হতো? [নির্বাচন কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক. মুক্তিযোদ্ধা খ. বিপ্লবী কথা গ. বিপ্লবী বাংলাদেশ ঘ. সোনার বাংলা **উত্তর: গ**

৪৫. নিচের যে পত্রিকাটি ১৯৭১ সালে বাংলাদেশ মুক্তাঞ্চল থেকে প্রকাশিত হয়? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]
ক. পূর্বাণী খ. দেশের কথা গ. বিপ্লবী কথা ঘ. জয় বাংলা **উত্তর: ঘ**

মুক্তিযুদ্ধের রণকৌশল

০১. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন? [৩৫তম বিসিএস]
ক. এ. কে. খন্দকার খ. বঙ্গবন্ধু শেখ মুজিব গ. তাজউদ্দিন আহমেদ ঘ. এম. এ. জি. ওসমানী **উত্তর: খ**

০২. মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি কে ছিলেন? / মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি কে ছিলেন? [৩৩তম বিসিএস]
ক. শেখ মুজিবুর রহমান খ. তাজউদ্দীন আহমদ গ. ক্যাপ্টেন মনসুর আলী ঘ. আতাউল গণি ওসমানী **উত্তর: ঘ**

০৩. মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি জেনারেল এম. এ. জি ওসমানীর বাড়ী কোন জেলায় ছিল? [সহকারী থানা শিক্ষা অফিসার: ০৯]
ক. বরিশাল খ. সিলেট গ. চট্টগ্রাম ঘ. দিনাজপুর **উত্তর: খ**

০৪. ওসমানী স্মৃতি জাদুঘর রয়েছে - [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ০৭]
ক. ঢাকা খ. সিলেট গ. চট্টগ্রাম ঘ. কুষ্টিয়ায় **উত্তর: খ**

০৫. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে কে চিফ অব স্টাফের দায়িত্ব পালন করেন? [১১তম বিজেএস]
ক. জেনারেল ওসমানী খ. এম. এ. রব গ. বঙ্গবীর কাদের সিদ্দিকী ঘ. এ. কে. খন্দকার **উত্তর: খ**

০৬. মুক্তিযুদ্ধের সময় কে ডেপুটি চিফ অব স্টাফের দায়িত্ব পালন করেন? / মুক্তিযুদ্ধের উপ-সর্বাধিনায়ক কে ছিলেন? / মুক্তিবাহিনীর উপ-কমান্ডার কে ছিলেন? [মাউশি অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. জিয়াউর রহমান খ. এ. কে. খন্দকার গ. আবদুর রব ঘ. খালেদ মোশাররফ **উত্তর: খ**

০৭. বাংলাদেশ বিমান বাহিনীর প্রথম প্রধান কে? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. এয়ার ভাইস মার্শাল এ. জি. তাওয়ার খ. এয়ার ভাইস মার্শাল এ. কে. খন্দকার
গ. এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ ঘ. এয়ার ভাইস মার্শাল এম. কে. বাশার **উত্তর: খ**

০৮. মুক্তিবাহিনীর 'ওয়ার স্ট্র্যাটেজি' কী নামে পরিচিত? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৬]
ক. তেলিয়াপাড়া স্ট্র্যাটেজি খ. বাঘাইছড়ি স্ট্র্যাটেজি গ. মুজিবনগর স্ট্র্যাটেজি ঘ. আগরতলা স্ট্র্যাটেজি **উত্তর: ক**

CamScanner

০৯. ১৯৭১ সালে গৃহীত তেলিয়াপাড়া দলিলে যে রণকৌশল অবলম্বন করা হয় সেটির প্রণেতা – [জবি: ০৭-০৮]
ক. মুক্তিবাহিনী খ. পাকিস্তানি সেনা গ. ভারতীয় সেনা ঘ. ইন্দো-বাংলা যৌথবাহিনী **উত্তর: ক**

১০. মুক্তিযুদ্ধের সময় ব্রিগেড আকারে মোট কয়টি ফোর্স গঠিত হয়েছিল? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক.২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি **উত্তর: খ**
ব্যাখ্যা: মুক্তিযুদ্ধের সময় ইস্ট বেঙ্গল রেজিমেন্ট (ইবিআর) এর সদস্যদের নিয়ে ব্রিগেড আকারে মোট ৩ টি ফোর্স গঠিত হয়েছিল। যথা- জেড ফোর্স, এস ফোর্স ও কে ফোর্স।

১১. বাংলাদেশের মুক্তিযুদ্ধে জেড ফোর্স ব্রিগেডের প্রধান কে ছিলেন? [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩]
ক. আতাউল গণি ওসমানী খ. কে. এম. শফিউল্লাহ গ. জিয়াউর রহমান ঘ. খালেদ মোশাররফ **উত্তর: গ**

১২. মুক্তিযুদ্ধের সময় কোন কোন রেজিমেন্টের সমন্বয়ে জেড ফোর্স গঠিত হয়েছিল? [শ্রম অধিদপ্তরের সহকারী শ্রম অফিসার: ৯৮]
ক. ১, ৩ ও ৮ ইস্ট বেঙ্গল খ. ১, ২ ও ৫ ইস্ট বেঙ্গল গ. ১, ৩ ও ৭ ইস্ট বেঙ্গল ঘ. ১, ৫ ও ৯ ইস্ট বেঙ্গল **উত্তর: ক**

১৩. বাংলাদেশের মুক্তিযুদ্ধে এস ফোর্স ব্রিগেডের প্রধান কে ছিলেন? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারী: ০৩]
ক. আতাউল গণি ওসমানী খ. কে. এম. শফিউল্লাহ গ. জিয়াউর রহমান ঘ. খালেদ মোশাররফ **উত্তর: খ**

১৪. মুক্তিযুদ্ধের সময় কোন কোন রেজিমেন্টের সমন্বয়ে এস ফোর্স গঠিত হয়েছিল? [সাধারণ বীমা কর্পোরেশনের অফিসার: ১৯]
ক. ৪ ও ৮ ইস্ট বেঙ্গল খ. ২ ও ১১ ইস্ট বেঙ্গল গ. ৩ ও ৭ ইস্ট বেঙ্গল ঘ. ১ ও ৭ ইস্ট বেঙ্গল **উত্তর: খ**

১৫. মুক্তিযুদ্ধে কে ফোর্সের প্রধান কে ছিলেন? [রাবি: ১৪-১৫]
ক. কে.এম. শফিউল্লাহ খ. কামারুজ্জামান গ. খালেদ মোশাররফ ঘ. কাদের সিদ্দিকী **উত্তর: গ**

১৬. মুক্তিযুদ্ধের সময় কোন কোন রেজিমেন্টের সমন্বয়ে কে ফোর্স গঠিত হয়েছিল? [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. ৪, ৯ ও ১০ ইস্ট বেঙ্গল খ. ১, ৪ ও ৮ ইস্ট বেঙ্গল গ. ৩ ও ৮ ইস্ট বেঙ্গল ঘ. ২ ও ৯ ইস্ট বেঙ্গল **উত্তর: ক**

১৭. মুক্তিযুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়? [২৯তম বিসিএস]
ক. ৯টি খ. ১০টি গ. ১১টি ঘ.১২টি **উত্তর: গ**

১৮. মুক্তিযুদ্ধের সময় সমগ্র বাংলাদেশকে কয়টি সাব-সেক্টরে বিভক্ত করা হয়? [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ২১]
ক. ৬০টি খ. ৬৪টি গ. ৬৫টি ঘ. ৫৫টি **উত্তর: খ**

১৯. মুক্তিযুদ্ধের সময় ১১টি সেক্টরে মোট কতজন সেক্টর কমান্ডার দায়িত্ব পালন করেন? [বিএফআইডিসি'র সহকারী ব্যবস্থাপক: ১৩]
ক. ১০ খ. ১২ গ. ১৫ ঘ. ১৬ **উত্তর: ঘ**

২০. কোনটি মুক্তিযুদ্ধে ১নং সেক্টর ছিল? [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ২১]
ক. ঢাকা খ. চট্টগ্রাম গ. রাজশাহী ঘ. সিলেট **উত্তর: খ**

২১. মুক্তিযুদ্ধের সময় দুই নং সেক্টরের কমান্ডার কে ছিলেন? [বেবিচক'র হিসাব নিরীক্ষক: ১৭]
ক. মেজর খালেদ মোশাররফ খ. মেজর সি. আর. দত্ত গ. মেজর কে. এম. শফিউল্লাহ ঘ. মেজর জলিল **উত্তর: ক**

২২. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ঢাকা শহর কোন সেক্টরের অধীনে ছিল? [৪৫তম বিসিএস]
ক. ১ খ. ২ গ. ৫ ঘ. ৭ **উত্তর: খ**

২৩. মুক্তিযুদ্ধের সময়ে কুমিল্লা কোন সেক্টরের অধীনে ছিল? [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. ১ নম্বর সেক্টর খ. ২ নম্বর সেক্টর গ. ৩ নম্বর সেক্টর ঘ. ৪ নম্বর সেক্টর **উত্তর: খ**

২৪. মুক্তিযুদ্ধের সময় ৩ নং সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন – [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. মেজর এম. নুরুজ্জামান খ. মেজর শওকত আলী গ. মেজর কাজী নুরুজ্জামান ঘ. মেজর এম. এ. জলিল **উত্তর: ক**

২৫. মেজর সি. আর. দত্ত মুক্তিযুদ্ধের কোন সেক্টরের কমান্ডার ছিলেন? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৮]
ক. ৩ খ. ৪ গ. ৫ ঘ. ৬ **উত্তর: খ**

২৬. মুক্তিযুদ্ধের সময়ে সুনামগঞ্জ কোন সেক্টরের অধীনে ছিল? [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. ১ নম্বর সেক্টর খ. ৪ নম্বর সেক্টর গ. ৫ নম্বর সেক্টর ঘ. ৭ নম্বর সেক্টর **উত্তর: গ**

২৭. বীর শওকত আলী মুক্তিযুদ্ধের কত নম্বর সেক্টর কমান্ডার ছিলেন? [বিবিএস'র থানা পরিসংখ্যান অফিসার: ২০]
ক. ৫ খ. ১০ গ. ২ ঘ. ৭ **উত্তর: ক**

২৮. মুক্তিযুদ্ধ চলাকালীন ৬ নং সেক্টরের সেক্টর কমান্ডার কে ছিলেন? [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ২১]
ক. এম. কে. বাশার খ. আবু ওসমান চৌধুরী গ. কাজী নুরুজ্জামান ঘ. এম. এ. মঞ্জুর **উত্তর: ক**

২৯. মুক্তিযুদ্ধের সময় রংপুর জেলা কত নম্বর সেক্টরের অধীন ছিল? / মুক্তিযুদ্ধের সময় পঞ্চগড় জেলা কত নম্বর সেক্টরের অধীন ছিল? [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ২৩]
ক. ২ নং খ. ৪ নং গ. ৬ নং ঘ. ৮ নং **উত্তর: গ**

৩০. মুক্তিযুদ্ধে রাজশাহী কত নম্বর সেক্টরে অন্তর্ভুক্ত ছিল? [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. ১১ খ. ৫ গ. ৭ ঘ. ৯ **উত্তর: গ**

৩১. মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ২ খ. ৮ গ. ১০ ঘ. ১১ **উত্তর: খ**

৩২. মুক্তিযুদ্ধে কুষ্টিয়া কত নম্বর সেক্টরের অধীন ছিল? [বিপিডিবি'র অফিস সহকারী: ১২]
ক. ৩ খ. ৮ গ. ৫ ঘ. ১০ **উত্তর: খ**

CamScanner

৩৩. মুক্তিযুদ্ধের সময় ফরিদপুর জেলা কত নং সেক্টরের অন্তর্ভুক্ত ছিল? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১১]
ক. ১ খ. ২ গ. ৮ ঘ. ১০ উত্তর: গ

৩৪. মুক্তিযুদ্ধের সময় বরিশাল কত নম্বর সেক্টরের অন্তর্ভুক্ত ছিল? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার: ১৭]
ক. নয় নম্বর খ. দুই নম্বর গ. দশ নম্বর ঘ.পাঁচ নম্বর উত্তর: ক

৩৫. মুক্তিযুদ্ধের সময় নৌ-পথ কত নম্বর সেক্টরের অধীনে ছিল? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার: ১৭]
ক. ৩ নং খ. ৭ নং গ. ১০ নং ঘ. ১১ নং উত্তর: গ

৩৬. মুক্তিযুদ্ধের সময় কোন সেক্টর নিয়ে নৌকমান্ড বা নৌবাহিনী গঠিত হয়? / নৌ-সেক্টর কোনটি? [৩৯তম বিসিএস]
ক. ৩ নং খ. ৭ নং গ. ১০ নং ঘ. ১১ নং উত্তর: গ

